# ĀNANDA VĀRTĀ

BENGALI & ENGLISH

MAY—1956

SIXTIETH JAYANTI CELEBRATION

Vol. IV  No. 1.

# Contents

## Bengali Section



## English Section



---

Price : Rs. 1/8/-

Annual subscription ( for four issues ) : India Rs. 4/- Foreign Rs. 5/-

*Printed & Published by*—Brahmachari Kamal Bhattacharjee for Shree Shree Anandamayee Sangh, Banaras, at the Kamala Press, Godhowlia, Banaras.

# শ্রীশ্রীমায়ের অমরবাণী

মহামহোপাধ্যায় শ্রীগোপীনাথ কবিরাজ, এম-এ, ডি-লিট্ কৃত ব্যাখ্যাসহ

মা—অহেতুক কৃপা ?—নিশ্চয়ই, কৃপা ত অহেতুকই। কাজ করলে ফল পেলে। পিতার সেবা করলে, সেবায় সুখী হয়ে তোমাকে একটা দান করে দিলেন, এটা কর্ম্মের ফল। কর পাও। আর স্বভাবতঃ যে পিতা পুত্রের নিত্য সম্বন্ধ রয়েছে, সেটা কোন কর্ম্মের অপেক্ষা ত রাখে না। পরম পিতা, পরম মাতা, পরম বন্ধু—সবই ত সে। কাজেই হেতু কোথায় ? তাঁর, তিনি যে ভাবে আকর্ষণ ক'রে নিবেন নিজকে প্রকাশ করবেন বলে। তোমাদের যে ইচ্ছা জাগরণ তাঁকে পাবার জন্য সেই; ইচ্ছাটি দিল কে ? সেই কর্ম্মটি দিল কে ?

তাহা হইলে ভেবে দেখ, তাঁর থেকেই সব আসছে। কোন শক্তি তোমাতে, কোন পটুতা তোমাতে, তুমিই বা কোথা হ'তে তাঁকে পাবার জন্য, আবরণ নষ্ট করার জন্য ? যত ইতি সবই ত তাঁর নিকট হ'তে আসে। তবেই তুমি তোমাকে পাবার চেষ্টা কর। একটা নিশ্বাসও কি তোমার অধীন ? তোমাকে যতটুকু কর্ত্তা বোধে তিনি রেখেছেন সেই কর্ত্তা ভাবটি যদি—আমি ভগবানকে পাবার চেষ্টা করব—এটা বোঝ, তবে তোমার লাভ। আর এই কর্ত্তাটুকু ভগবান দূরে আছেন, দূর বুদ্ধি- এই ভাবটা নিজের বাসনায় যতটা লাগাবে সেইটিই অকর্ম্ম। তাঁহারই প্রকাশ সবেতে বিচার রাখা। যেখানে ভগবান বলে মান্‌লে, ঈশ্বর বলে মান্‌লে, সেখানে দয়া, কৃপা, করুণা, প্রার্থনা সবই যে যে রূপে তুমি স্থিত হ'বে সেই সেই আকারে তিনি প্রকাশ হ'বেন। যেমন দীন হ'লে দীন-দয়ালের প্রকাশ হ'ল।

যদি বল, তিনি করেন না, আবার করেনও, তাঁকে কর্ত্তা বানাচ্ছ তিনি ত অকর্ত্তা। তুমি নিজে কর্ত্তৃত্বাভিমানে আছ, তাই তাঁকে কর্ত্তা বলছ।

হ্যাঁ, তাঁকে যাই বল তাই তিনি। আবার দেখ না, যেখানে তৎ' কোন কর্ম্মে, কার কাছে কর্ত্তা হবেন ? তিনি স্বয়ং। তিনি পা নাই চলেন, চক্ষু নাই দেখেন, কাণ নাই শোনেন, মুখ নাই খান, সেই যে বল না, সে-ই।

সাধক যখন বিগ্রহ-পূজা আরম্ভ করে, ক্রমোন্নতিতে এক অবস্থায় ইহা হয়। 'যত্র যত্র নেত্র পড়ে, তত্র তত্র কৃষ্ণ স্ফুরে।' এও আমার ঠাকুরের মধ্যে সমস্ত ঠাকুর আছেন। আমার ঠাকুরের মধ্যে সকলের ঠাকুর এবং সব আছে আর সকলের ঠাকুরের মধ্যে আমার ঠাকুর রয়েছেন এবং সব রয়েছে। আমার মধ্যেও এই ঠাকুর রয়েছেন ত, আর সকলের মধ্যেও এই ঠাকুরই ত ? জলে, স্থলে, গাছে, পাতায়, লতায়, বিশ্ব-ব্রহ্মাণ্ডে আমার ঠাকুর আছেন। আবার এই যে আকার প্রকার দেখা যাচ্ছে, এই আকার, এই রূপেতে কে ?—আমার ঠাকুরই ত, আর ত কেউ নয় ? ছোট থেকে ছোট, বড় হ'তে বড়।

তোমাদের নানা সংস্কার অনুসারে এক এক ঠাকুর যার যার তার ভার আলাদা। যার যতটা ভাব তার ততটা লাভ ত। যতটা উন্নত হ'বে ততটা তার ইষ্টমূর্ত্তিতে বিকাশ প্রকাশ পাবে সেই সেই অনুসারে। এক কালে আলাদা থাকবে না, ঠাকুর ধরা দিবে অনন্ত রূপেতে। নিজ সংস্কার বলে যখন প্রকাশ সর্ব্ব—হবে। আবার সর্ব্বেতে যখন নিজের সংস্কার ধরা পড়বে। সেও একটি

দিকের কথা। নিজেকেও আলাদা বাদ দিতে পাচ্ছ না।

এই যে নানারূপ পশু, পাখী, মানুষ ইত্যাদি সকল, এই সকলগুলি কি? আকার, প্রকার, প্রকাশটা কি ? রূপগুলি যে বদলিয়ে যায় সেইগুলিই বা কি? আস্তে আস্তে যেহেতু তার ঠাকুর আর সেই ভাবে বিভোর, তৎভাবে থাকে কি না - সর্ব্ব রূপেতে আমার ঠাকুর প্রকাশিত। বালুকণাও বাদ যায় না। জলে, স্থলে, মানুষে, উদ্ভিদে, পশুপক্ষীতে মাত্র সেই ঠাকুর বনেছে। এক এক জনের এদিকটাও খুলে যায়। সকলের এক রকম হ'য়ে প্রকাশ হয় না। অনন্ত কিনা, কাজেই কার যে কোন দিক্ দিয়া গতি ধরে সম্পূর্ণ প্রকাশ হ'বে সেটা সাধারণের অগোচর।

ভাগবত ব্যাখ্যা কালে গাছ, লতা, পাতা, পাহাড়, পর্ব্বত, নদী, সাগর ইত্যাদি ভগবানের বিরাট শরীরের কথা ঐ যে শোনালে, দেখ একটা সময়ে এটা আসে, এই সর্ব্বটা, বিরাট শরীরের কথাটাও, একটা সময়ে এটা কিন্তু আসতেই হ'বে।

তিনি রূপে অনন্ত কি না, অন-অন্ত কিনা, কোন সংখ্যা দিতে পারে না। অতএব অনন্ত রূপ তাঁর, যত ইতিরূপ সৃষ্টি হ'চ্ছে, লয় হ'চ্ছে আমার সেই ভগবানের। এই এই ভাবেতে বিশেষ ভাবে যত বিস্তার হ'বে ততই অসংখ্য রূপেতে স্থিতি আসবে। অসংখ্যেতে নানা আকার, প্রকার, নানা রূপের প্রকাশে অন্তহীন, সংখ্যাহীন এবং অন্ত ও সংখ্যা। সেই স্থিতিতে সাধকের যখন প্রবেশ হয় তখন রূপের যে পরিবর্ত্তন, ভাবের যে পরিবর্ত্তন, এটার মধ্যে দৃষ্টি পড়ে। বিচার জাগরণ হয়, অর্থাৎ বিচার রূপেতে যে তিনি তার প্রকাশ হয়। সুকৌশল বলে যে কথাটা আছে না—সকলের যে চিন্তার ধারা জগৎমুখী—সেই চিন্তার ধারাটা ফিরে সুকৌশলে অর্থাৎ সেই স্বয়ং কৌশল রূপেতে যে বলেছেন তার প্রকাশ হয়। তখনই আচ্ছা এই যে পরিবর্ত্তনশীল জগৎ নিত্যই বদলে যাচ্ছে, নাই হ'য়ে যাচ্ছে, সেই নাই রূপেতে কে? নাইটা যেমন আছে আবার যখন যেরূপের প্রকাশটা সেটা না হ'লে পাবে কি করে? অন্তহীন রাজ্য, যেখানে তুমি নাই বলে দেখতে পাচ্ছ, নাই রূপটাও সত্য, তাঁরই একরূপ। যেখানে চিন্ময় রাজ্য — যখন যেরূপ নিত্য রয়েছে। কাজেই একজায়গায়, নাই ও আছেও যুগপৎ, নাইও না আছেও না, আরও চল্।

আচ্ছা, তা হ'লে আমার ঠাকর জল আর বরফ যেমন আছে। আমার ঠাকুরের কোন রূপ নাই, গুণ নাই, কোন প্রকাশের প্রশ্ন নাই। সেই স্থিতিতে যখন নিজকে পেল। ঠাকুর পাওয়া, নিজকে পাওয়া মানে ভগবানই ত আপন, এ আমার নিজস্ব নিজের। আর আত্মাই ত একমাত্র। তখন ইহার মধ্যে সময়োপযোগী ঋষিদের যেমন মন্ত্র দর্শন হ'ত তার ভিতর স্থানোপযোগী মন্ত্র দ্রষ্টা ঋষিদের যেমন প্রকাশ, মন্ত্রের স্ফুরণ এবং বেদের পূর্ণাঙ্গীন যেখানে, যেটা প্রকাশ সেটা স্থানে স্থানে যার যার কর্ম্ম ভাব অনুসারে প্রকাশ হ'তে বাধ্য হয়। যখন রূপ অরূপের আকার সাধকের কাছে প্রকাশ হ'ল সর্ব্বাঙ্গীন ভাবেই ত। তাতে ভাবেব যে রূপ, শব্দ ব্রহ্মের যে যোগ—নানা জাতীয় ভাষা, অন্তহীন ভাষা, শব্দব্রহ্ম রূপেতেও। অনন্ত শব্দের আকার, প্রকার প্রকাশের দিকগুলি তার কাছে মূর্ত্ত হ'য়ে প্রকাশ হওয়া ত।—সমস্ত আকার সাদৃশ্য হ'য়ে প্রকাশ যেখানে। হ্যাঁ, আকারশূন্য, আকার যে শূন্য এইরূপ—জগৎ শূন্য রূপ প্রকাশ হ'য়ে মহাশূন্যে যায়। কারণ এই যে জগতের মধ্যে

শূন্য দেখতে পাচ্ছ এটা প্রাকৃতিক রূপ ত, কাজেই এই শূন্যটাও একটা রূপই। এই শূন্য হ'তে মহাশূন্যে যেতে হ'বে।

বোধ আসবে—যে বোধ তোমার জগৎ বোধে দেহ মন প্লাবিত করে এতকাল তাহাতে ভাসিয়ে বেঁধে রেখেছিল, সেই বোধগুলি বিশ্ববোধে পরিণত—বোধ-দেবরূপে প্রকাশ হ'লেন। বোধ-স্বরূপ—সর্ব্ববোধ 'স্বরূপ' যেখানে এসে গেল, স্বরূপেতে কি হ'লেন, ভাব। রূপ অরূপের বোধ অসংখ্য রূপেতে যেখানে প্রকাশ, যখন সমগ্র নির্ম্মূল। আকার, প্রকার প্রকাশ রূপের স্থান চ্যুত হ'য়ে অরূপের স্থিতিতে গেলেন, তখন কি বল্‌বে ?—পরমাত্মাই ত। জীবাত্মা যেখানে পর পর সেই সমগ্র বন্ধনরূপে সেই আবরণ মুক্ত কিনা —পরমাত্মা স্বরূপ। যেখানে স্বরূপ স্থিত—।

দেখ আর একটা কথা। যে যে লাইন ধরে চলে না। কারও কারও বেদান্ত লাইনে চল্‌তে চল্‌তেও ঋষি-পন্থা স্ফুরিত। আবার কাহারও কাহারও বিগ্রহাদির মধ্য দিয়াও ভজন পূজন যোগ ইত্যাদি লক্ষ্য করে চলার দিক্ দিয়ে যেয়েও ঋষি-পন্থা স্ফুরিত হ'তে পারে। আকাশ-বাণী ইত্যাদি যা বল না, সে সব বাণী শব্দ রূপেতে সম্পূর্ণ ভাষা ভাব যোজনা হ'য়ে প্রকাশ হ'তে হ'তে সেই বাণীতে নিজেতে অভিন্নত্বের দিক—স্বয়ং তিনি এই রূপেতে প্রকাশ। যে যে লাইনেই চলুক না কেন ঋষি-পন্থা ইত্যাদি সব কখন যে কোন আকারে, প্রকারে, প্রকাশে কাহার স্ফুরিত হ'বে। এমনই স্থান সাধারণের ধরা কঠিন।

আচ্ছা, এইস্থানে যে যে লাইন দিয়ে চল্‌ল— ঐ যে বলা হ'য়েছিল মূর্ত্ত রূপেতে, সেই মূর্ত্তি রূপেতে কি ?—না, অমূর্ত্ত আত্মরূপেতেও তিনি। আচ্ছা, তাহ'লে অমূর্ত্ত আত্মরূপেতেও তিনি, মূর্ত্ত রূপেতেও তিনি। যখন কেহ সহজভাবে বেদান্ত লাইনে আত্মস্থ। জলই যে বরফ সেটাও যাইতে পারে বিগ্রহের দিকটা। তখন দেখে সমস্ত বিগ্রহ —জলেতে বরফরূপে, চিন্ময়রূপে তিনি। বরফে কি আছে ?—জলই আছে। অতএব 'সর্ব্ব' এই যে আবরণ রূপেতে, পর্দ্দা রূপেতে, সে বরফেরই stage by stage থাকে না, হাল্কা বরফ, কঠিন বরফ। আবার যেখানে বিশুদ্ধ সেখানে কিন্তু stage by stage এর কোন প্রশ্ন নাই। বরফ যদিও গলবার দিক, বরফ হ'য়েও আছে ত, হ'তে পারে ত। অতএব বরফ রূপেতে যে আছে, সে জন্যই স্বয়ং, নিত্য অনিত্যের প্রশ্ন কোথায় ?

তাহ'লে তোমরা যে বল না দ্বৈতাদ্বৈত, এখানে দ্বৈতও বটে অদ্বৈতও বটে। যেমন তুমি পিতা, পুত্র, পতি। পতি না হ'লে পুত্র কোথায়, পুত্র না হ'লে পিতা কোথায় ? তাহ'লে কোনটাও কম ক'রে না। উচ্চস্তর এবং নিম্নস্তরের কোন প্রশ্ন নাই, সম। যেখানে উচ্চস্তর নিম্নস্তরের কথা সেখানে আছেই। যেটাই বল্‌বে সম্পূর্ণ। উপমা ত সর্ব্বাঙ্গীণ হয় না, যতটুকু ততটুকু বুঝিয়া লওয়া। অতএব জল আর বরফের নিত্যত্ব। তাই তিনি সাকারও বটে, নিরাকারও বটে। যেখানে সাকার অর্থাৎ বরফের দিক্‌টা—নানা আকার, প্রকার, প্রকাশ চিন্ময় বিগ্রহ রূপেতে। এক এক দিক দিয়ে এক এক রূপ বিশেষ লক্ষ্য করে।

যেখানে সম্প্রদায়,—স্বয়ং ভগবান আপনাকে আপনাতে প্রদান কচ্ছেন, জীবের জীবত্ব চিনবার দিক। সে-ই—জল বরফ। বরফেতে কি ?—জলই। যেখানে দ্বৈতাদ্বৈত,—দ্বৈতও বটে, অদ্বৈতও বটে র্থাৎ রূপ আছে, রূপ নাই, এদিক্‌টা বোলে নিলে।

আবার এই যে দ্বৈতও বটে, অদ্বৈতও বটে, এ

ভাষায় ভাসে কোথায়? এরূপ স্থান ত আছে। ভেদও বটে, অভেদও বটে। আর সত্যি কথা তিনি ভেদ রূপেও, অভেদ রূপেও। এদিক্ দিয়েও জগৎ দৃষ্টিতে দেখ না, ভেদ ত মান্‌ছই। নিজেকে পাবার জন্য যেখানে চেষ্টা কচ্ছ ভেদ দৃষ্টি ত বটেই, নিজে আলাদা করে মান্‌ছ জগৎ দৃষ্টিতে। এদিক্ দিয়ে ভেদ ত পেয়েই যাচ্ছ। হ্যাঁ, জগৎ ত নাশের দিক, সত্যি কথা—স্ব না, সে না। নিত্য থাকছে না। এই রূপটাই বাকে, ভাব। আচ্ছা, যায় কি, আসে কি?—গতি দেখ না, সমুদ্রের দিকে স্বয়ং স্ব মুদ্রারূপে। এই যে তরঙ্গ, জলেরই ত ঢেউ, জলেতেই ত লয়। আর জলই ত ঢেউতে। তারই সব অঙ্গ ত ঐ জলে তরঙ্গ। জল–বরফ, ঢেউ হবারও মুলে কি?—এটাও ত একটা স্থানের কথা, ভেবে দেখ। উপমা সর্ব্বাঙ্গীণ হয় না। তবে জগৎ দৃষ্টিতেও দেখলে ত, আসলে কি পেলে, দেখ। যেখানে তুমি সাকার রূপেতে পেলে, নিরাকার রূপে পেলে। আবার তাকেই এই চিন্তায় ধরা যায় না, সেটাও তুমি পাবেই।

ইহার ভিতরে যে সকাম সগুণ রূপেতে প্রকাশিত নিত্য যিনি আছেন। আবার নিরাকার নির্গুণ–গুণ অগুণের কোনই প্রশ্ন নাই, শুদ্ধ অদ্বৈত। তোমরা সত্যং জ্ঞানং অনন্তং ব্রহ্ম বল না। শুদ্ধা দ্বৈত যেখানে সেখানে কোন রূপ, গুণ, ভাব, অভাব কোন প্রশ্ন দাঁড়ায় না। যদি বল এইটাই তিনি, এটাও তিনি, তবে ও'র মধ্যে রয়ে গেলে 'ও' আলাদা মেনে নিলে। সে, ও আর কোন প্রশ্ন নাই। সেই স্থিতিতে একমাত্র। যেখানে নির্গুণ ব্রহ্ম, গুণাগুণের প্রশ্ন নাই সেখানে একমাত্র আত্মা। দেখ, যেখানে স্বগুণ, সাকার, রূপেতে মানছে। একাগ্র সেই আকার রূপেতে, এখানে আর অরূপের কথা দাঁড়াবে না—এই একটা স্থিতি। সেখানে স্বগুণও বটে, নির্গুণও বটে, সেখানেও একটা স্থিতি। চিন্তা ক'রে বাহির করা যায় না—সেই যে অচিন্ত্য ভেদাভেদ সেও একটা স্থিতি। আবার যে বৈদিক কর্ম্মকাণ্ড ইত্যাদির দিক দিয়ে এল এই যে বলা হ'ল সব সেই স্থিতিতে সেই সেখানে পূর্ণ, পূর্ণের থেকে পূর্ণ গেলেও পূর্ণই থাকে। বাদ দিয়ে কিন্তু নয় সম্পূর্ণ নয়, বাদাবাদী তাঁর মধ্যেই। যে লাইনেই যে চলুক রকমারী ভিন্ন মাত্র। সবটার মধ্যেই মন্ত্র আছে, ভাব আছে, ত্যাগ আছে, গ্রহণ আছে, পাবে কি?—সেই নিজেকেই ত। নিজ কে?—প্রভু দাস, পূর্ণ অংশ, আত্মা যে যে লাইনে চল স্বয়ং তাঁকেই পাওয়া নিজেকে পাওয়া।

দেখ, স্বয়ং ভগবান যেখানে মান্‌লে সেখানে ভগবৎ শক্তি। ভগবতী-ভগবান—স্ত্রীলিঙ্গ, পুংলিঙ্গ হিসাবে দেখছ ত। স্ত্রীলিঙ্গ পুংলিঙ্গের প্রশ্ন ত থাকে না। সে স্থানও ত আছে, আবার আলাদা আলাদা ক'রে পাওয়া যায় সে স্থানও আছে। কুমারী কাহারো অধীন নয়—সে স্বয়ং সেই ঐ শক্তিরূপিণী। শক্তিই যেখানে মান্‌লে সেখানে কি, না সত্তা রূপেতে। স্বরূপা এবং অরূপা, শুধু শক্তিই তাঁর এক রূপ, এও কিন্তু। যেখানে ভাব আর ক্রিয়ার প্রকাশ সেখানেই রূপের ····· প্রকাশ —এও। আবার শক্তিরূপেই যদি বলি স্বয়ং ভগবতী, তাঁর যে অনন্ত শক্তির প্রকাশ রয়েছে। আবার মহাশক্তি যাহা মূল, সৃষ্টি, স্থিতি, লয়। বৃক্ষের মত, শাখা, প্রশাখা মূল হইতে সেরূপ শাখা প্রশাখা·····কত দেবতা দেবী, সেই শক্তির নানা প্রকাশ। শিবের শিবত্ব, নির্ব্বিকার সব, মানে মৃত্যুর মৃত্যু যেখানে সেখানে অমৃত, নাম শিব। সৃষ্টি স্থিতি, লয় যেখানটায় পাচ্ছ, সৃষ্টি রূপেতে সেই হ'চ্ছে, স্থিতি রূপেতে সেই স্বয়ং মহাবিষ্ণুর

দিক যা বল। আলাদা আলাদা স্থান হিসাবে স্বয়ং সেই সেইরূপ, প্রকাশ নানা ভাবে এবং অরূপে। একেতে অন্য সবই; বিভিন্নেতে সেই এক দেখ। যেমন একরূপ দেখলে অন্য রূপ দেখতে পাওনা। কিন্তু এক এক রূপেতেই সর্ব্ব, সর্ব্ব রূপেতেই সেই এক। শূন্যেতে পূর্ণ, পূর্ণেতে সেই শূন্য। রকমারী দিক—মূল, সেই ত প্রকাশ স্থল। অন-অন্ত—এক এক দিক দিয়ে বলতে গেলেও অন্ত কোথায় হ'বে। যতটুকু ততটুকু অন্তেরও দিক। সত্তারূপে কি? সেই আত্মা পরমাত্মা যা' বল। ভগবান যেখানে মানলে, ভগবৎ শক্তি মানলে, ঈশ্বর, ঐশ্বরীয়, ঐশ্বর্য্য ইত্যাদি ত তিনিই। আচ্ছা, তা'হলে ভগবান অকর্ত্তা। কেন না তিনি ত কোন ক্রিয়া করেন না। কার্য্য করেন তবেই না তার কর্ত্তা। সর্ব্ব কার্য্য কারণ রূপেতে যিনি স্বয়ং, কার্য্য কারণের কর্ত্তা, অকর্ত্তার প্রশ্ন কোথায়? অতএব তিনি এখানে অকর্ত্তা। তাঁহার মায়া যেখানে, ঐশ্বর্য্য, ঐশ্বরীয় শক্তির বিকাশ প্রকাশ যেখানে, যন্ত্র রূপেতে সেখানে সেই প্রকাশটি কে?—সেই ত হ্যাঁ। চল, অচল, তোমাদের যে একদেশ দৃষ্টিভঙ্গি, যেখানে আবরণ রূপেতে। কর্ত্তা অকর্ত্তা রূপেতে তোমরা যা বলছ—তোমরা কর্ত্তা অকর্ত্তা রূপেতে যেখানে নিবদ্ধ বনেছ সেই দৃষ্টিতে ভিন্ন আসা স্বাভাবিক—যা বল তাই। অতএব সেই ভাবেতে সেরূপ দেখাটা। দৃষ্টি সৃষ্টির ভঙ্গিতে।

আবরণ পর্দ্দা যতক্ষণ, ততক্ষণ এই যে একদিক দেখা, শোনা—এইটা নষ্ট না হ'লে ঐ প্রকাশ কোথায়? অতএব নাশ, নাশে যা এত সব দিক রূপেতে আছেন সেই তিনি। আচ্ছা, এই যে নানা সম্প্রদায়, নিজেকে তিনি প্রদান করবেন বলে সুন্দর এক একটা ধারায় আছেন তাহার ভিতরে কথা হ'ল এই—তিনি স্বয়ং সর্ব্বরূপে, অরূপে, নানা ভাবে প্রকাশিত। রাস্তারূপেতে যার যে সংস্কার সেই অনুসারে পন্থা অবলম্বন ক'রে তিনিই তাঁকে আকর্ষণ কচ্ছেন। নানা দিক—সম্প্রদায় রূপে দাঁড়িয়ে। যদি কোথায়ও কোন স্থানে তোমাদের বিরোধ হয় বলে যা বলেছ যাহা তোমাদের সংশয়। এ শরীর ত কিছুই বাদ দেয় না। এক এক সম্প্রদায়ে যেখানে গেলে তার সবটাই প্রকাশ হ'বে। অতএব এক একটি দিক দিয়ে অর্থাৎ সম্প্রদায় দিয়ে আলাদা বলে তোমরা মনে যে দ্বন্দ্ব অনুভব কচ্ছ, ইহাত হ'তে পারে যে লাইন দিয়ে যে পূর্ণাঙ্গীণ প্রকাশ তিনি সেই সম্প্রদায়ে যা বলে গিয়েছেন ঐখানে গেলে হ'তে পারে বাকীটা আপনিই প্রকাশ হ'য়ে যাবে। সম্প্রদায়ে এও ত হ'তে পারে।

এই যে বল্লে, এটা ত রাস্তা, একটা স্থিতি। হ্যাঁ এত সত্য কথা, এতটুকুই যদি প্রকাশ থাকে তা'হলে ত হ'ল না। কারণ বিরোধ ভঞ্জন, সেই রূপ প্রকাশটা চাই ত। যেখানে নির্ব্বিরোধ পূর্ণাঙ্গীণ প্রকাশ। সেটা না হ'লে ততটুকু মাত্র প্রকাশ হ'লে ত হ'ল না। যে প্রকাশে কারও সঙ্গে বিরোধ থাকে না। সম্পূর্ণ যত ইতি মত, পথ-সম-অগ্র। সম্পূর্ণ পরিপূর্ণ যেখানে। বিরোধ ত আর স্থিতি নয়। হ্যাঁ এক নিষ্ঠায়—ইষ্ট নিষ্ঠার জন্য যার যার লাইনের দিকে লক্ষ্য রেখে বিশেষ বিচারে চলা উচিত।

কর্ম্মফলের দিক দিয়েও দেখনা যে দিকে যে ভাবে অখণ্ড লক্ষ্যে অখণ্ড কর্ম্ম, সেখানে কে হচ্ছেন প্রকাশ? সেই অখণ্ডই ত। অথচ কর্ম্ম মাত্রেই সেই অখণ্ড স্বয়ং প্রকাশ আছে যার তাহারই জন্য, চেষ্টা জীব স্বভাবতঃ করে যাচ্ছে। স্বভাবেই স্বভাবের কর্ম্ম, স্বভাবেই স্বভাবের কর্ম্মের টান। স্বভাব, স্ব স্বয়ং আত্মা বল, যা' বল, তিনিই আমিই।

---

# ব্যাখ্যা

সতের

১। অহেতুক কৃপা—

কৃপা বাস্তবিক পক্ষে স্বাভাবিক হইলেই 'কৃপা'-নামের যোগ্য হয়। যদি অতীতের সঙ্গে কোন যোগ থাকে, অর্থাৎ যদি প্রাক্তন কর্ম্মের ফল স্বরূপে ইহার প্রকাশ হয়, তাহা হইলে ইহাকে বিশুদ্ধ কৃপা বলা চলে না। সেই প্রকার যদি ভবিষ্যতের সঙ্গে যোগ থাকে, অর্থাৎ ভবিষ্যতের কোন উদ্দেশ্য সাধন করার জন্য যদি কৃপার প্রকাশ হয়, তাহা হইলে সেই কৃপাও প্রকৃত 'কৃপা'-পদবাচ্য নহে। যাহা স্বাভাবিক তাহা স্বভাব হইতেই প্রবৃত্ত হইয়া থাকে—তাহার সঙ্গে পূর্ব্বের অথবা পরের কোন যোগ-সূত্র থাকে না। কিন্তু প্রকৃত কৃপা সকল ভূমি হইতে প্রকাশিত হইতে পারে না। ইহা নিরপেক্ষ এবং স্বতন্ত্র, তাই একমাত্র সেই পূর্ণ স্থান হইতেই ইহার প্রকাশ সম্ভবপর। নিম্নভূমি হইতে যাহা কৃপারূপে প্রকাশিত হয় তাহা কৃপা হইলেও সাপেক্ষ, কারণ যাহার প্রতি কৃপা প্রদর্শিত হয় তাহার কোন প্রকার যোগ্যতা অবলম্বন করিয়াই সাপেক্ষ কৃপা প্রকাশিত হইয়া থাকে। উহাই কৃপার বীজ। উহা কোন আধারে লক্ষিত না হইলে সাপেক্ষ অধিকারী পুরুষ কৃপা প্রদর্শন করিতে পারেন না। কথাটা আরও পরিষ্কার করিয়া বলিতেছি। বিশ্ব লৌকিক দৃষ্টিতে দ্বৈত-ভাবময়, সুতরাং উচ্চ এবং নিম্ন ও মহান্ এবং ক্ষুদ্র, এই প্রকার ভেদ ইহাতে নিহিত রহিয়াছে। যে নিজকে মহান্ বলিয়া মনে করে সে ক্ষুদ্রকে নিজ হইতে পৃথক্ বলিয়া জানে এবং যে নিজকে ক্ষুদ্র বলিয়া বোধ করে সেও মহান্ হইতে নিজকে পৃথক্ বলিয়া মনে করে। এই স্থলে যে মহান্ সে ক্ষুদ্রের উপর স্বভাবতঃই কৃপা-পরায়ণ হইয়া থাকে। কিন্তু তাহার কৃপা প্রকৃত প্রস্তাবে তখনই কার্য্যে পরিণত হয় যখন ক্ষুদ্র উহা ধারণ করিতে পারে। কারণ কৃপা ধারণ করিতে না পারিলে উহা না পাওয়ারই সমান হয়—উহা দ্বারা অভাব মোচন হয় না। কিন্তু ক্ষুদ্রের অন্য যোগ্যতা না থাকিলেও মহানের প্রদত্ত কৃপাকে ধারণ করিবার যোগ্যতা থাকা চাই। কিন্তু যদি কোন স্থলে ক্ষুদ্র ঐ কৃপা ধরিতে না পারে তাহা হইলে মহানের কৃপা এক প্রকার ব্যর্থই হইয়া গেল বলিতে হইবে। তিনি কৃপা করিয়াও কৃপা না করার মতনই থাকেন। ইহার একমাত্র কারণ এই—তাঁহার কৃপা সাপেক্ষ। অগ্নি যেমন ইন্ধনকে আশ্রয় করিয়া প্রজ্বলিত হয় এবং ইন্ধনকে আশ্রয় করিতে না পারিলে অগ্নির প্রকাশ সম্পন্ন হয় না, তদ্রূপ সাপেক্ষ কৃপাও জানিতে হইবে। একমাত্র পরম বস্তু ভিন্ন নিরপেক্ষ কৃপা করিবার ক্ষমতা কাহারও নাই।—সাপেক্ষ কৃপা এক হিসাবে প্রকৃত কৃপাই নয়। ইহা বীর্য্যহীন, নিস্ফল ও নাম মাত্রে পর্য্যবসিত। প্রকৃত কৃপা তাহাকেই বলে যেখানে কোন উপাধি নাই। নিরপেক্ষ কৃপা স্বতন্ত্র। উহা কিছুর উপরই নির্ভর করে না। কৃপা-পাত্রের কৃপা-ধারণের যোগ্যতা না থাকিলেও নিরপেক্ষ কৃপার প্রভাবে আপনিই ঐ যোগ্যতা অভিব্যক্ত হয়। বস্তুতঃ উহা একাধারে কৃপা করাও বটে এবং কৃপা ধারণ করাও বটে—মহানরূপে কৃপা করা এবং ক্ষুদ্ররূপে ঐ কৃপা ধারণ করা, উভয়ই নিরপেক্ষ কৃপা হইতে ঘটিয়া

থাকে। ইহাই প্রকৃত অহেতুক কৃপা। ভগবৎ-কৃপা এই অহেতুক কৃপার শ্রেণীর অন্তর্ভুক্ত। ইহা পূর্ব্ব কর্ম্মের অপেক্ষা রাখে না, ভবিষ্যতের দিকেও দৃষ্টিপাত করে না, ধারণকারীর ধারণশক্তির অথবা যোগ্যতার উপরে নির্ভর করে না। ইহা প্রকাশিত হইলে নিজ মহিমায় নিজের সফলতা ফুটাইয়া তোলে। ইহা স্বাতন্ত্রেরই নামান্তর। গ্রহণকারীর ইচ্ছার সঙ্গে দানকর্ত্তার ইচ্ছার যোগ হইলেই কৃপা সফল হয়। দানকর্ত্তা পূর্ণ হইলে তাঁহার ইচ্ছার প্রভাবে গ্রহণকর্ত্তাতেও অনুরূপ ইচ্ছা জাগ্রত হয়। মা যশোদা যখন মাখন তুলিয়া গোপালের মুখে দিবেন বলিয়া মনে মনে আকাঙ্ক্ষা করিতেন অমনি কোথা হইতে গোপাল ছুটিয়া আসিয়া 'মা, মাখন দাও' বলিয়া মাখনের জন্য মাকে পীড়ন করিতেন। যশোদার দিবার ইচ্ছা ছিল বলিয়াই গোপালের ভিতরে নিবার ইচ্ছা জাগিত অথবা গোপালের মাখন নিবার ইচ্ছা ছিল বলিয়াই যশোদার মনে মাখন খাওয়াইবার ইচ্ছা জাগিত। একই সত্যের দুইটি দিক্ মাত্র। যিনি স্বয়ং ভগবান্ তিনি কৃপা করিলে কোন বিশেষ কারণে জীব তাহা প্রাপ্ত হইবে না তাহা হইতে পারে না। জীবের অযোগ্যতা যতই থাকুক নিরপেক্ষ ভগবৎ-কৃপাতে তাহার গণনা হয় না। ইহার একমাত্র কারণ দাতা ও গ্রহীতা অভিন্ন। দাতা তাহা জানেন। তাঁহার দৃষ্টিতে সমস্ত বিশ্বই তাঁহার সহিত অভিন্ন। তাই এই অদ্বৈত-ভূমি হইতে কৃপার সঞ্চার হইলে তাহা একদিকে অর্থাৎ দাতার দিকে কৃপা-প্রকাশের যোগ্যতা নিয়া এবং অপর দিকে অর্থাৎ গ্রহীতার দিকে উহা ধারণ করিবার যোগ্যতা নিয়া আবির্ভূত হয়। অপূর্ণ ভূমি হইতে কৃপার প্রকাশ হইলে উহার সফলতার জন্য দেশ, কাল ও ধারকের যোগ্যতা প্রভৃতি আবশ্যক হয়। কৃপাকারী অপূর্ণ বলিয়া ঐ সকল পৃথক্ পৃথক্ ভাবে অপেক্ষিত হয়। এইজন্যই ভগবৎ-কৃপা যে অহেতুক তাহা সিদ্ধান্ত রূপে মা গ্রহণ করিয়া নিজে তাহার ব্যাখ্যা করিয়াছেন। তিনি যে নিত্য-সম্বন্ধের কথা বলিয়াছেন তাহা স্বাভাবিক বলিয়া কর্ম্ম প্রভৃতির উপর নির্ভর করে না। অদ্বৈত ভাবের মধ্যে সকল ভাবই গুপ্ত রহিয়াছে। সবই স্ব-ভাবের অন্তর্গত, হেতুর স্থান কোথাও নাই। জীবের ইচ্ছার মূলেও যে সেই মহাইচ্ছার খেলা রহিয়াছে তাহাতে কোনই সন্দেহ নাই।

মহাযান বৌদ্ধ দার্শনিকগণের মতে কৃপা অথবা করুণা তিন প্রকার—সত্বাবলম্বন, ধর্ম্মাবলম্বন এবং নিরবলম্বন। সকল জীবের দুঃখ-সাক্ষাৎকার হইতে যে করুণার উদ্রেক হয় তাহাকে সত্বাবলম্বন করুণা বলা হইয়া থাকে, কিন্তু এমন দৃষ্টিও আছে যে-দৃষ্টিতে জীবের দুঃখ-সাক্ষাৎকার আবশ্যক হয় না, কিন্তু জগতের নশ্বরত্ব অথবা ক্ষণিকত্ব দর্শন হইতেই করুণার উদ্দীপন হইয়া থাকে। ইহার নাম—ধর্ম্মাবলম্বন করুণা। ইহা প্রথম প্রকারের করুণা হইতে উৎকৃষ্ট। কিন্তু যাহার দৃষ্টি অত্যন্ত নির্ম্মল তাহার করুণা সত্বগণের দুঃখ দেখিয়া হয় না জগতের নশ্বরত্ব-সাক্ষাৎকার করিয়াও হয় না। ঐ করুণার কোন অবলম্বন নাই—উহা নিরালম্ব বা নিরুপাধিক করুণা অর্থাৎ উহার নামান্তর স্বাভাবিক করুণা। উহা স্বতন্ত্র ও নিরপেক্ষ। উহা কিছুরই অপেক্ষা রাখে না। যখন নিরালম্ব পদ প্রাপ্ত হওয়া যায় তখন প্রজ্ঞা নিরালম্ব হইয়া প্রজ্ঞাপারমিতা রূপে পরিণত হয় এবং কৃপাও নিরালম্ব হইয়া মহাকৃপা রূপ ধারণ করে। তখন শূন্যতা এবং

করুণা অভিন্ন হয়। ইহারই জন্য প্রমাণবার্ত্তিককার বলিয়াছেন—

নিরালম্বপদে প্রজ্ঞা নিরালম্বা মহাকৃপা।
একীভূতা ধিয়া সার্দ্ধং গগনে গগনং যথা॥

আমরা যে অহেতুক কৃপার আলোচনা করিতেছিলাম ইহাই সেই অহেতুক কৃপা।

২। জীবের কর্ত্তৃত্ব বোধ ও তাহার দায়িত্ব—

মা বলেন, জীব যাহা কিছু পাইয়াছে সবই সেই পরম স্থান হইতেই পাইয়াছে। যে কর্ত্তৃত্ব বোধ বা স্বাধীনতা কিঞ্চিৎ পরিমাণে আছে বলিয়া জীব-জগতে তাহার বৈশিষ্ট্য তাহাও সে সেই মূল স্থান হইতেই পাইয়াছে। বস্তুতঃ জীব স্বয়ংই সেই স্থান হইতে আসিয়াছে। কিন্তু প্রশ্ন হইতে পারে—ইহার উদ্দেশ্য কি? জীবের শক্তি, জীবের স্বরূপ, সবই এই ভাবে দেখিতে গেলে আগন্তুক মনে হয়। কিন্তু মা বলেন, ইহার একটি গভীর উদ্দেশ্য আছে। বস্তুতঃ সেই মূল স্থানে জীব নিজেই আসীন। কিন্তু জীব যখন সেই মূল স্থানে ছিল তখন জীব নিজকে নিজে চিনিত না। সে ভগবানেই ছিল অভিন্নভাবে, কিন্তু সে বোধ তাহার ছিল না। কারণ একটা গভীর আবরণে ঐ বোধ আচ্ছন্ন ছিল। আশ্চর্য্য এই যে আবরণের বোধও তাহার ছিল না। তাই ভগবান্ তাহাকে একটা পৃথক্ বোধ দিয়া যেন নিজ হইতে পৃথক্ করিয়া বাহির করিয়াছেন। এই পৃথক্ বোধের সঙ্গে একটা স্বাধীন ইচ্ছা ও কর্ত্তৃত্ব-অভিমানও দিয়াছেন। জীবের কর্ত্তব্য, এই 'কর্ত্তাভাব'-টিকে তাঁহার উদ্দেশ্যে প্রয়োগ করা, তাঁহাকে পাওয়ার কার্য্যে বিনিয়োগ করা। তবেই ইহার সার্থকতা। তখন তাঁহাকে পাওয়ার সঙ্গে সঙ্গে নিজেকে পাওয়া যাইবে, সকল অভাব দূর হইয়া যাইবে। কিন্তু তাহা না করিয়া যদি ঐ ভাবটি অন্য ভাবে প্রয়োগ করা হয়, অর্থাৎ 'তিনি দূরে আছেন ও তাঁহাকে পাওয়া যায় না' এইরূপ ভাবনার আশ্রয় নেওয়া হয় তাহা হইলে ভগবৎ-প্রদত্ত স্বাধীনতা-শক্তির অপব্যবহার করা হয়। এই ভাবে কর্ম কি ও অকর্ম কি তাহা মা বুঝাইয়াছেন। তাঁহাকে পাইলে অর্থাৎ নিজকে পাইলে কর্ম থাকে না, অকর্মও থাকে না। কিন্তু না পাওয়া গেলে যদি নিজের সর্ব্বশক্তি তাঁকে পাওয়ার জন্য ব্যবহার করা হয় ও বিশ্বাস রাখা হয় যে তিনি মোটেই দূরে নন ও তাঁহাকে অবশ্য পাওয়া যাইবে, তাহা হইলে জীবের কর্ত্তৃত্ব-অভিমান সফল হয়। তখন জীব কৃতকৃত্যতা লাভ করে।

৩। চাওয়া ও পাওয়া সমসূত্র—

গীতাতে ভগবান্ বলিয়াছেন—

"যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্"

ইহার তাৎপর্য্য এই, যে তাঁহাকে যেভাবে চায় তাহাকে তিনি সেইভাবেই অনুগ্রহ করেন। মাও তাহাই বলেন—"যেখানে ভগবান্ ব'লে মানলে, ঈশ্বর ব'লে মানলে, সেখানে দয়া, কৃপা, করুণা, প্রার্থনা সবই যে যে রূপে তুমি স্থিত হবে সেই সেই আকারে তিনি প্রকাশ হবেন।" ভগবান্ সর্ব্বাতীত হইয়াও সর্ব্বময়। তিনি আপ্তকাম। তিনি পূর্ণ। তাঁহার কোন অভাব নাই। কিন্তু জীব অপূর্ণ, গণ্ডীবদ্ধ ও কামনার অধীন। কিন্তু সে যদি ভাবনা-সূত্রে ঈশ্বরের সঙ্গে যোগযুক্ত হয় তাহা হইলে ঈশ্বর এই যোগভাবনার ফলে স্বভাবতঃ ইচ্ছাহীন হইয়াও জীবের ইচ্ছানুসারে ইচ্ছাময় রূপে প্রকাশিত হন। ইহার প্রভাবে জীবের অভাব দূর হয়, তাহার ইচ্ছা পূর্ণতা লাভ করে; তাই বলা হয়—'যাদৃশী ভাবনা যস্য সিদ্ধির্ভবতি তাদৃশী।' তাই সর্ব্বত্র তাঁহারই প্রকাশ বিচারে রাখিতে মা বলেন। বিচার

ও ভাবনা একই বস্তু। সর্ব্ব বস্তুতে তাঁহার প্রকাশ ভাবনা করিতে পারিলে সর্ব্বত্রই তাঁহার প্রকাশ ফুটিয়া উঠে—আবরণ সরিয়া যায়। তখন জীবের ইচ্ছাই তাঁহার ইচ্ছারূপে ভাসিয়া উঠে। ইহারই নাম করুণা।

৪। যতটা ভাব ততটা লাভ—

অনেকে ভ্রম বশতঃ মনে করে, দেবদেবীর মধ্যে তারতম্য আছে। যতদিন ভ্রম না কাটে ততদিন আপন আপন প্রাক্তন সংস্কার ও প্রকৃতি অনুসারে রুচিগত পার্থক্য বশতঃ এই ভেদ-জ্ঞান বর্ত্তমান থাকে। ইহা জীবের ভেদ-ভাবনার ফল। কিন্তু বস্তুতঃ এক ভিন্ন দ্বিতীয় নাই। সর্ব্বত্র এককে দেখাই অভ্যাস করা উচিত। সুতরাং উপাস্য বা ইষ্টগত কল্পিত উৎকর্ষের উপর নিজের সাধনার উন্নতি নির্ভর করে না। উৎকর্ষ বা অপকর্ষের তুলনামূলক বিচার না করিলেই ভাল হয়। যাহার ইষ্ট যে মূর্ত্তিই হউক না কেন তাহার ভাব ও সাধনাগত উৎকর্ষের পরিমাণ ঐ মূর্ত্তি মধ্যেই ফুটিয়া উঠে। সময়ে এমন একটি অবস্থার উদয় হয় যখন ঐ এক মূর্ত্তিতেই ভগবানের বিশ্বরূপের আবির্ভাব হইয়া থাকে। ইহা মূর্ত্তির উৎকর্ষ বশত: নহে, কিন্তু সাধকের ভাবনার উৎকর্ষ বশতঃ, তাহাতে সন্দেহ নাই।

৫। বিরাট্ শরীর—

ভাগবতে, গীতাতে এবং অন্যান্য শাস্ত্রে ভগবানের বিরাট্ শরীরের প্রসঙ্গ বর্ণিত হইয়াছে। জগতের যাবতীয় বস্তুই ঐ শরীরের অঙ্গ-প্রত্যঙ্গ। তিনটি কাল এবং সমস্ত দেশ ঐ শরীরে একীভূত। ইহা অর্থাৎ ভগবানের এই বিরাট্ শরীর লৌকিক দৃষ্টিতে দেখিতে পাওয়া যায় না। ইহা একমাত্র দিব্য-চক্ষুতেই ধরা পড়ে। এই দিব্য চক্ষু মানুষ নিজের সাধন-বলেও পাইতে পারে। তখন ইহা হয় তাহার স্বোপার্জ্জিত ঐশ্বর্য্য, আবার ইহা একমাত্র ভগবানের কৃপার প্রভাবেও উপলব্ধি-গোচর হইতে পারে। যে কোন প্রকারেই হউক দিব্য চক্ষুর উন্মেষ হইলেই দিব্য দৃষ্টির উন্মীলন হয়। তখন সাধকের দৃষ্টি হইতে কালগত ও দেশগত ভাবে জগতের কোন বস্তুই গুপ্ত থাকিতে পারে না। এই বিরাট্ শরীরের দর্শন প্রতি সাধকের জীবনে কখনও না কখনও অবশ্যই হয়। তাহা না হইলে সাধকের পক্ষে বিশ্ব হইতে বিশ্বাতীতে যাওয়া সম্ভবপর হয় না। মার্গ-মধ্যে প্রক্রিয়াগত ভেদ থাকিতে পারে, কিন্তু যখন সর্ব্বাবরণ মুক্ত হইয়া যায় তখন এক অখণ্ড সত্তারই প্রকাশ হয়। তখন ভেদ থাকিতে পারে না অথবা যাহা থাকে তাহা অদ্বয় পরম তত্ত্বেরই আভাস রূপে পরিগণিত হইবার যোগ্য। মা বলিয়াছেন, "একটা সময়ে এটা কিন্তু আসতেই হবে"। বুদ্ধদেব সম্যক্-সম্বোধির পূর্ব্বে এই প্রকার দিব্যজ্ঞান লাভ করিয়াছিলেন। তখনকার বর্ণনা করিতে গিয়া কবিবর অশ্বঘোষ বলিয়াছিলেন, "দদর্শ নিখিলং লোকম্ আদর্শ ইব নির্ম্মলে।" অর্থাৎ নির্ম্মল দর্পণে যেমন বাহ্য দৃশ্য প্রতিবিম্বিত হয় তদ্রূপ এই মহাজ্ঞানে সমগ্র বিশ্ব একই সঙ্গে যুগপৎ ফুটিয়া উঠে। এই পর্য্যন্ত অনুভব সম্পন্ন না হইলে বিশ্বের অতীত সত্তাতে প্রবেশ করা যায় না।

৬। অন্তহীন, সংখ্যাহীন এবং অন্ত ও সংখ্যা—

শুনিতে পরস্পর বিরুদ্ধ মনে হইলেও ইহা সত্য যে যাহা অন্তহীন তাহাই অন্ত এবং যাহা সংখ্যাহীন তাহাই সংখ্যা। অর্থাৎ মহাশক্তির রাজ্যে অনন্ত ও অন্ত একার্থবাচক। অনন্ত বলিতে বুঝায় যে গতির শেষ নাই এবং সমাপ্তি নাই, অন্ত বলিতে বুঝায় তাহাই প্রকৃত অন্তস্বরূপ। ইহার তাৎপর্য্য

এই যে বিক্ষিপ্ত চিত্ত যখন বিক্ষেপ পরিহার পূর্ব্বক এক-ধর্ম্ম-গ্রাহিরূপে আভাসনান হয় তখন সর্ব্বদা এবং সর্ব্বত্রই এক ধর্ম্মেরই গ্রহণ হয়। তখন দেখা যায় সেই একই বস্তু পর পর অনন্ত রূপেতে ফুঠিয়া উঠিতেছে। সুতরাং বিক্ষিপ্ততার অভাব বশতঃ একদিকে যাহা অন্ত অন্যদিকে শক্তির প্রভাবে তাহারই অনন্ত রূপ। সুতরাং অনন্ত যেমন সত্য, অন্তও তেমনি সত্য। তদ্রূপ সংখ্যাহীন যেমন সত্য, সংখ্যাও তেমনি সত্য।

৭। সুকৌশল—

গীতাতে ভগবান্ কর্ম্মের সুকৌশলকেই 'যোগ' বলিয়া বর্ণনা করিয়াছেন—"যোগঃ কর্ম্ম সুকৌশলম্"। মা বলেন, মানুষের চিন্তা সাধারণতঃ বহির্মুখী বলিয়া তাহার নিকট জগতের প্রকাশ হয়, কিন্তু সেই ধারাটি অন্তর্মুখ হইলে সর্ব্বত্র সেই একেরই প্রকাশ দেখিতে পাওয়া যায়। ধারাকে অন্তর্মুখী করাই মায়ের বর্ণিত সুকৌশল। অর্থাৎ দৃশ্য যখন যে কোন আকারেই প্রকাশিত হউক উহা সেই একেরই প্রকাশ ইহা মনে রাখিতে হইবে। প্রথম প্রথম ইহা ভাবনা দ্বারা নিষ্পন্ন করিতে হইবে। তাহার পর উহা আপনা-আপনিই ভাসিয়া উঠিবে। ভগবান্ সর্ব্ব সময়ে সর্ব্বত্র বিদ্যমান থাকিলেও এই কৌশলের অভাবে তাঁহার আবরণ মুক্ত হয় না এবং তিনি অনুগত ভক্তের নিকট প্রকাশিত হইতে পারেন না। জীবের কিঞ্চিৎ পুরুষকার প্রযুক্ত না হইলে এই আবরণ-উন্মোচন-ব্যাপার সম্পন্ন হইতে পারে না। সর্ব্বত্র অর্থাৎ প্রতি দৃশ্যের পৃষ্ঠ-ভূমিতে এবং সর্ব্বদা প্রতি ঘটনার অন্তরালে একমাত্র সেই মহাপ্রকাশকেই দেখিতে চেষ্টা করা উচিত। ইহাকেই উত্তম কৌশল বলে।

৮। নাই ও আছে একেরই রূপ—

জগৎ পরিবর্ত্তনশীল। জগতের অন্তর্ভুক্ত কোন বস্তুই স্থায়ী নয়। উহা নিরন্তর অবস্থান্তর প্রাপ্ত হইতেছে। ইহার ফলে যাহা 'আছে' তাহা 'নাই' হইয়া যাইতেছে। কারণ অনাগত হইতে কালের প্রবাহ আগত হইয়া বর্ত্তমানকে অতীতের কুক্ষিতে লীন করিয়া দিতেছে। কিন্তু অতীত হইলেও তাহাকে 'নাই' বলা যায় না, কারণ উহাও তো আছে। উহা অব্যক্ত রূপে স্থিত। 'নাই'রূপে বর্ণনা করিলে উহা সৃষ্টির একটি দিকেরই বর্ণনা করা হয়। সুতরাং অখণ্ড রাজ্যে উহারও একটি নির্দ্দিষ্ট স্থান আছে। তদ্রূপ যাহাকে চিন্ময় রাজ্য বলিয়া বর্ণনা করা হয় তাহাতে সকল বস্তুই নিত্য বর্ত্তমান। কোন বস্তুই পরিণামশীল নহে, অথচ অনন্ত ক্ষণিক প্রকাশে ঐ মহাপ্রকাশ অভিন্ন রূপে প্রকাশ পায়। ইহারও একটি স্তর আছে। পূর্ণের মধ্যে এই 'নাই' ও 'আছে' উভয়েরই সমান স্থান রহিয়াছে। পূর্ণ 'নাই' এবং 'আছে' উভয়ের অতীত হইয়াও উভয়াত্মক। বস্তুতঃ এই বর্ণনা দ্বারাও পূর্ণের সঠিক পরিচয় দেওয়া যায় না। তাই মা বলিয়াছেন "এক জায়গায় নাই ও আছে যুগপৎ, নাইও না আছেও না—আরও চল।" ইহা বলিয়া মা এই ইঙ্গিত করিয়াছেন যে ভাষার রাজ্য পার হইয়া আগে না গেলে পূর্ণ সত্যের ঠিক ঠিক সন্ধান হৃদয়ে ধারণা করা যায় না।

৯। মহাশূন্য—

আমরা সাধারণতঃ শূন্য শব্দের দ্বারা নিরাকারকে লক্ষ্য করিয়া থাকি, অর্থাৎ আকার-শূন্য বলিতে আমরা আকার-বর্জ্জিত কোন একটি অবস্থাকে লক্ষ্য করিয়া থাকি। কিন্তু আকার-শূন্য শব্দের প্রকৃত তাৎপর্য্য এই যে আকারও শূন্য অর্থাৎ আকারকে

অপসারিত করিয়া শূন্যকে লাভ করা নহে। কিন্তু আকার থাকা সত্ত্বেও আকারের মধ্যেই নিরাকারকে লক্ষ্য করিয়া নিরাকারের গ্রহণ করা। ইহা অত্যন্ত কঠিন ব্যাপার। আকার না থাকিলে সেই অতীত আকারকে লক্ষ্য করিয়া নিরাকারের চিন্তা প্রকৃত শূন্য-চিন্তা নহে। উহা স্পষ্টভাবে আকারের চিন্তা না হইলেও প্রকারান্তরে আকারেরই চিন্তা; কারণ যে আকার জানে না সে এই জাতীয় আকারহীন বা শূন্য জানিতে পারে না। মানুষের মন যতক্ষণ প্রকৃতি-রাজ্যে ক্রিয়াশীল থাকে ততক্ষণ প্রকৃত শূন্য তাহার পক্ষে ধারণা করা সুকঠিন। মা এই শূন্যকে "প্রাকৃতিক রূপই" বলিয়াছেন। এই প্রাকৃতিক শূন্য ভেদ করিতে না পারিলে মহাশূন্যে প্রবেশ অসম্ভব। মহাশূন্যই প্রকৃত অরূপ, প্রাকৃতিক শূন্য সংস্কারাত্মক রূপ মাত্র।

১০। বোধ-দেবরূপে প্রকাশ—

সাধনার ক্ষেত্রে অগ্রসর হইতে হইতে ক্রমশঃ এমন একটি অবস্থার উদয় হয় যখন বোধের রূপান্তর হইয়া যায়। সাধারণ মানুষ সর্ব্বদা যে বোধে যুক্ত রহিয়াছে তাহা তখন অন্য প্রকার রূপ ধারণ করে। পূর্ব্বের বোধ তাহার দেহ, মন ও ইন্দ্রিয়কে জগদ্ভাবে ভাবিত করিয়া বদ্ধ করিয়া রাখিয়াছিল, কিন্তু যখন নিজের কর্তৃত্ব-অভিমান পরিত্যক্ত হওয়ার পরে এক অনন্ত মহাশক্তির স্বাতন্ত্র্য প্রত্যক্ষ ভাবে অনুভূত হয় তখন তাহার সকল বোধই বিশ্ব-বোধের অঙ্গ বলিয়া প্রতীত হইতে থাকে। তাহার খণ্ড ভাব চলিয়া যায় এবং সমগ্রের সঙ্গে যোগে সে নিজেকেও সমগ্রেরই এক অঙ্গ বলিয়া বুঝিতে পারে। এই বোধ খণ্ড জীব-বোধ নহে, ইহা অখণ্ড বিশ্ব-বোধেরই একটা তরঙ্গ বা ভঙ্গিমাত্র। ইহাকেই মা বলিয়াছেন, "বোধদেব।" এই বোধই দেবতারূপ—ইহা চিৎ-শক্তিরই একটি উল্লাস মাত্র। আগম শাস্ত্রে আছে যে, উচ্চাধিকার-সম্পন্ন সাধক বাহিরে কোন আচার্য্য হইতে চৈতন্যময় জ্ঞান প্রাপ্ত না হইলেও তাহার স্বাভাবিক জ্ঞান চৈতন্যরূপে পরিণত হইয়া তাহাকে দীক্ষিত করিতে পারে। এই অবস্থায় তাহার ইন্দ্রিয় সকল অন্তর্মুখ হইয়া তাহার আত্মস্বরূপে মিলিত হইয়া চিন্ময়ত্ব প্রাপ্ত হয়। তখন এই সকল ইন্দ্রিয়-শক্তি 'সংবিদ্-দেবী'রূপে পরিগণিত হইয়া থাকে। এই সকল দেবী নিজের স্বরূপ-চৈতন্য দ্বারা তাহাকে প্লাবিত করিয়া অভিষিক্ত করিয়া ফেলে। মা যাহাকে বোধ-দেবরূপে প্রকাশ বলেন তাহা কতকটা ইহারই অনুরূপ। এই অবস্থায় রূপ ও অরূপের বোধ অসংখ্য প্রকারে নিজ-বোধ-রূপে প্রকাশমান হয়।

১১। ঋষি পন্থার স্ফুরণ—

যে যে রাস্তা ধরিয়াই চলুক না কেন সেইটা তাহার নিজের রাস্তা কিনা তাহা প্রথমে সে বুঝিতে পারে না, কিন্তু তথাপি ঐ রাস্তায় চলা তাহার বৃথা যায় না। চলিতে চলিতে কোন সময়ে তাহার নিজের রাস্তা খুলিয়া যাইবার সম্ভাবনা থাকে। কোন মানুষ তাহার নিজ সংস্কারের সহিত সঠিক ভাবে পরিচিত নহে। এইজন্য যে কোন রাস্তায়ই চলুক না কেন চলিতে চলিতে তাহার নিজ সংস্কার জাগিয়া উঠিলে তাহার নিজের রাস্তা প্রকাশিত হইয়া পড়ে। তখন ঐ রাস্তা তাহাকে আকর্ষণ করিয়া টানিয়া লইয়া যায়। তাহাকে বৃথা পরিশ্রম করিতে হয় না। এইজন্য বেদান্তের ধারাতে সাধন জীবন আরম্ভ করিয়াও ঐ ধারা ঋষি-ধারাতে পরিণত হইয়া যাইতে পারে। এইরূপ সকল দিকেই

বুঝিতে হইবে। এইরূপ পন্থার স্ফুরণ হইলে স্বভাবের স্রোতে অগ্রসর হওয়া সম্ভবপর হয়। এইজন্য সর্ব্বত্রই মার মুখ্য উপদেশ এই, যে যেখানেই থাকুক কোন একটা রাস্তা ধরিয়া চলিতে থাকুক— চলিতে চলিতেই সে এক সময়ে নিজের রাস্তা পাইয়া যাইবে।

১২। সম্প্রদায় রহস্য –

সম্প্রদায় মানে সম্যক্ প্রদান অর্থাৎ যেখানে ভগবান্ নিজেকে নিজের মধ্যে প্রদান করিতেছেন। অর্থাৎ যিনি দিতেছেন এবং যিনি নিতেছেন মূলে কিন্তু উভয়েই এক। অথচ দাতার দিক্ হইতে অভেদ এবং গ্রহীতার দিক্ হইতে ভেদ, উভয়ই যুগপৎ সত্য বলিয়া এই সম্প্রদান-ব্যাপারে ভেদ ও অভেদ উভয় সম্বন্ধই থাকিয়া যায়। কারণ উভয়ই তো সত্য। আবার এমন একটা দিক্ও আছে সেখানে ভেদাভেদের কোন প্রশ্নই নাই। তাই মা বলিয়াছেন, "সেখানে কোন রূপ, গুণ, ভাব, অভাব, কোন প্রশ্নই দাঁড়ায় না।"

১৩। অনন্ত স্থিতি—মূল এক—

মানুষের বুদ্ধি ও সংস্কার ভেদে দৃষ্টি যেমন ভিন্ন ভিন্ন হয় তেমনি সাধন-পথের স্থিতিও ভিন্ন হয়। দ্বৈত, বিশিষ্টাদ্বৈত, অদ্বৈত, দ্বৈতাদ্বৈত, অচিন্ত্য ভেদাভেদ প্রভৃতি দার্শনিক বাদ নানা প্রকার আছে। ঠিক সেই প্রকার সৃষ্টি প্রকরণেও আরম্ভবাদ, পরিণাম-বাদ, বিবর্ত্তবাদ, আভাস বাদ প্রভৃতি নানা প্রকার দৃষ্টিভঙ্গি রহিয়াছে। মূলে শূন্য অথবা মূলে পূর্ণ উভয় প্রকার দৃষ্টিই প্রাচীন সময় হইতে চলিয়া আসিতেছে। ইহাদের মধ্যে কোনটিকেই মিথ্যা বলা চলে না এবং কোনটিকেই একমাত্র সত্যও বলা সম্ভবপর হয় না। যে ভূমিতে এক একটি বিশিষ্ট সিদ্ধান্ত প্রকাশিত হয় তাহা সর্ব্বপ্রকার আবরণ শূন্য ভূমি নহে, কারণ দৃষ্টিতে আবরণ থাকে বলিয়াই সকলে সকল জিনিষ দেখিতে পায় না এবং সকল দৃশ্য সকলের নিকট রুচিকরও হয় না। আবরণের পর্দ্দা সম্পূর্ণ ভাবে সরিয়া গেলে গণ্ডীবদ্ধ দর্শন থাকে না। তখন আবরণ-মুক্ত দৃষ্টির সম্মুখে সত্যের অনন্তরূপ খুলিয়া যায়। যে আলোকে এই মহাসত্যের দ্বার উদ্ঘাটন হয় উহাই সেই অখণ্ড প্রকাশের আলোক। তখন দেখা যায় "তিনি স্বয়ং সর্ব্বরূপে অরূপে নানা ভাবে প্রকাশিত।" যদিও প্রত্যেক সম্প্রদায় নিজ নিজ লক্ষ্যের নির্দ্দেশ করিয়াছেন এবং এই লক্ষ্য পরস্পর ভিন্ন বলিয়াই প্রতীত হয়, তথাপি ইহা সত্য যে এই লক্ষ্যে উপনীত হইলে পরের অখণ্ড অবস্থাটা আপনিই খুলিয়া যায়। তাহার জন্য আর পৃথক্ উদ্যমের প্রয়োজন থাকে না। যতক্ষণ বিরোধ আছে ততক্ষণ বুঝিতে হইবে উহা স্থিতির ভূমি নহে। মহাপ্রকাশে বিরোধ কাটিয়া গেলে তখনই প্রকৃত স্থিতির সন্ধান পাওয়া যায়। কারণ বিরোধহীন স্থিতিই স্থিতি—উহাই নির্ব্বিরোধ পূর্ণাঙ্গীণ প্রকাশ। বিরোধ অপূর্ণতার লক্ষণ, পূর্ণতার অভিব্যক্তি হইলে বিরোধ থাকিবে কেন? রাস্তায় চলার সময় ইষ্টনিষ্ঠা আবশ্যক, কিন্তু রাস্তার পর্য্যবসানে সর্ব্বত্রই নিজ ইষ্টের স্ফুরণ হয় এবং নিজের ইষ্টের মধ্যে সর্ব্ব সত্তার দর্শন হয়। তাই তখন বিরোধ থাকিতে পারে না।

---

# শ্রীশ্রীমায়ের সম্বন্ধে দুই চারিটি কথা*

( ১ )

বর্ত্তমান গ্রন্থে ভারতীয় এবং অভারতীয় কতিপয় লেখকের প্রবন্ধ সন্নিবিষ্ট হইয়াছে। ইঁহারা প্রত্যেকেই শ্রীশ্রীমা আনন্দময়ী সম্বন্ধে যে অভিমত পোষণ করেন এবং মায়ের অনন্যসাধারণ ব্যক্তিত্বের প্রভাব ইঁহাদের উপর যে প্রতিক্রিয়া সৃষ্টি করিয়াছে তাহা ইঁহারা এই সকল প্রবন্ধে ব্যক্ত করিতে চেষ্টা করিয়াছেন। ইঁহারা সকলেই নিজকে মায়ের সশ্রদ্ধ অনুরাগী বলিয়া মনে করেন। কিন্তু মায়ের সঙ্গে ইঁহাদের মধ্যে কাহারও কাহারও পরিচয় অতি অল্প দিনের হইলেও কেহ কেহ দীর্ঘকাল যাবৎ মায়ের সঙ্গে অল্পাধিক ঘনিষ্ঠ সংস্পর্শে আসিবার সৌভাগ্য পাইয়াছেন। সেইজন্য ইঁহাদের রচনা স্বভাবতঃই মনোজ্ঞ, কেন না এগুলিতে তাঁহাদের মতামত সরল ভাবে অভিব্যক্ত হইয়াছে। কেহ কেহ আবার তাঁহাদের রচনার মধ্যে প্রাণের উচ্ছ্বাসও অকপটে ঢালিয়া দিয়াছেন। যদিও ইঁহারা সকলেই মায়ের বিশুদ্ধতা, জ্ঞান, প্রেম এবং অন্যান্য অসামান্য গুণগ্রাম দ্বারা প্রভাবান্বিত তথাপি ইঁহাদের মধ্যে কেহই মায়ের রহস্যময় স্বরূপ, জীবন এবং ব্যক্তিত্ব সম্বন্ধে প্রসঙ্গতঃ দুই একটি কথা ভিন্ন বিশেষ কিছু বলিতে পারেন নাই।

অবশ্য এইরূপই হওয়ার কথা। কারণ সন্তানের পক্ষে মাকে তন্ন তন্ন করিয়া বিশ্লেষণ করিতে যাওয়া মোটেই সমীচীন নহে। তাহা ছাড়া, যাহারা নিজেরাই অজ্ঞানান্ধকারে আচ্ছন্ন থাকিয়া আলোর জন্য চীৎকার করিতেছে তাহাদের পক্ষে মায়ের তত্ত্বে জ্ঞানের আলোক প্রক্ষেপ করিয়া তাঁহাকে সকলের বোধগম্য করিয়া তোলা কি কখনও সম্ভবপর? এরূপ উদ্যম যে ব্যর্থতায় পর্য্যবসিত হইতে বাধ্য তাহা বলাই বাহুল্য।

( ২ )

মায়ের সম্বন্ধে কিছু লিখিয়া উহা এই গ্রন্থের সংক্ষিপ্ত ভূমিকাকারে সম্বদ্ধ করিয়া দিতে আমি আমার বন্ধুগণ দ্বারা অনুরুদ্ধ হইয়াছি। আমি স্বীকার করিতেছি যে ঐ অনুরোধ রক্ষা করা সম্বন্ধে খুব সহজেই স্থির নিশ্চয় করা আমার পক্ষে সম্ভব হয় নাই। তাঁহাদের বিরামহীন অনুরোধ উপরোধ সত্ত্বেও দীর্ঘকাল পর্য্যন্ত আমার দ্বিধা দূর হয় নাই। অবশেষে আমি খুব অনিচ্ছা সত্ত্বেও তাঁহাদের অনুরোধ মানিয়া নিয়া কিছু লিখিতে সম্মত হইয়াছি। কিন্তু লিখিব কি? এ বিষয়ে শুধু নিজের অযোগ্যতাই আমার দৃষ্টিপথে ভাসিতেছে। কয়েক বৎসর পূর্ব্বে শ্রীযুক্তা গুরুপ্রিয়া দেবীর লিখিত মায়ের জীবনীর (১৯৩৮ সনে প্রকাশিত) ভূমিকা লিখিতে গিয়া আমি বুঝিয়াছিলাম যে ভাষার সাহায্যে মায়ের স্বরূপ-চিত্র যথাবৎ অঙ্কিত করা,—তিনি বস্তুতঃ কি তাহা এবং অন্ততঃ আমার নিকট কি ভাবে প্রতিভাত হইয়াছেন তাহা বর্ণনা করা—আমার সাধ্যাতীত।

---

* 'Mother as seen by Her Devotees' নামক পুস্তকের মহামহোপাধ্যায় শ্রীযুক্ত গোপীনাথ কবিরাজ, এম-এ, ডি-লিট্ মহাশয় কর্ত্তৃক লিখিত ভূমিকার বঙ্গানুবাদ।

এখনও আমি পূর্ব্ববৎ সেই দুঃসাধ্যতা এবং দ্বিধা অনুভব করিতেছি। কেবল তাহাই নহে, ইদানীং মায়ের সহিত ঘনিষ্ঠ ভাবে মিশিবার সুযোগ পাইয়া এবং পূর্ব্বাপেক্ষা অধিকতর নিবিড়ভাবে তাঁহার ব্যক্তিত্বের সংস্পর্শে আসিয়া তাঁহার রহস্যময় জীবন আমার নিকট আরও রহস্যপূর্ণরূপে প্রকাশিত হইয়াছে। সেইজন্য পূর্ব্বে মায়ের সম্বন্ধে কিছু লিখিতে যতটা সঙ্কোচ এবং সংশয় বোধ করিতাম এখন পূর্ব্বোক্ত কারণে তাহা অপেক্ষা অনেক বেশী বোধ করিতেছি।

( ৩ )

এই সকল কারণে যাহাদের নিকট মা একটি দুর্জ্ঞেয় রহস্য বলিয়া প্রতিভাত হন তাহাদের প্রতি আমার সম্পূর্ণ সহানুভূতি আছে। যে সকল সাধারণ, এমন কি অসাধারণ, ব্যক্তির সহিত আমরা পরিচিত তাঁহাদের চেয়ে মা এতই স্বতন্ত্র যে মার সম্বন্ধে নিশ্চিত ভাবে কিছু বলা সুকঠিন। পুরাকালেও কোন কোন মহান্ ব্যক্তির সম্বন্ধে এই প্রকার সমস্যা দেখা গিয়াছে যাহার ফলে তাঁহাদের সম্বন্ধে ভুল ধারণার সৃষ্টি হইয়াছে এবং তাঁহাদের মধ্যে কেহ কেহ অনুভব করিয়াছেন যে, যে সমাজের মধ্যে তাঁহারা বাস করিতেন এবং যাহাদের সেবায় তাঁহারা আত্মনিয়োগ করিয়াছিলেন তাহারাও তাঁহাদিগকে ঠিক ঠিক ভাবে বুঝিতে পারিতেছে না, এমন কি তাঁহাদের সম্বন্ধে ভুল ধারণাও পোষণ করিতেছে। দৃষ্টান্ত স্বরূপ বলা যাইতে পারে যে স্বয়ং শ্রীকৃষ্ণ অভিযোগ করিয়াছেন যে অনেকেই—এমন কি কোন কোন দেবতাও—তাঁহার পরম ভাব জানিতে না পারিয়া তাঁহাকে সাধারণ মনুষ্য জ্ঞানে অবজ্ঞা করিয়াছে। পরবর্ত্তী যুগে গৌতম বুদ্ধও এই জাতীয় কথা বলিয়াছেন,—তিনি বলিয়াছেন যে খুব অল্প সংখ্যক লোকই তাঁহাকে যথার্থ ভাবে বুঝিতে পারিয়াছে।

মায়ের জীবনে, এমন কি তাঁহার শৈশবাবস্থায়ও, যে অপ্রাকৃত ঘটনার প্রাচুর্য্য থাকিবে ইহা মোটেই বিস্ময়কর নহে। সাধু-সন্ত এবং যোগীদের জীবনে আমরা এ জাতীয় ঘটনা দেখিতে অভ্যস্ত। তাঁহাদের জীবনে এগুলির যথাযোগ্য স্থান আছে এবং গরিমাও আছে। কিন্তু ঐগুলি মায়ের মাধুর্য্যময় ও লোকোত্তর ব্যক্তিত্বের সহিত অনুস্যূত অপূর্ব্ব সমতা ও আনন্দময় স্বভাবের তুলনায় নিতান্তই নগণ্য বলিয়া মনে হয়। বাস্তবিক পক্ষে মায়ের ব্যক্তিত্ব প্রবল হইলেও উহা তাঁহার ব্যক্তিত্বহীন অব্যক্ত পরম স্বরূপের সহিত অভেদ-ভাবাপন্ন, এমন কি এক বস্তু বলিলেও অত্যুক্তি হয় না।

ইহা সুবিদিত যে সাধু-সন্তদের জীবনে জ্ঞানোদয় ও মুক্তি লাভের পূর্ব্বে প্রথমে একটা অজ্ঞান ও বন্ধনের দশা এবং উত্তরকালে একটা আস্পৃহা, উদ্যম ও কঠোর তপস্যার অবস্থা সাধারণতঃ পরিদৃষ্ট হয়। ইহা অধিকাংশ স্থলে তাঁহাদের বর্ত্তমান জন্মেরই প্রাক্তন অবস্থা, কিন্তু কোন কোন অসাধারণ ক্ষেত্রে ইহা পূর্ব্বজন্মের ব্যাপার, তাহাতে সন্দেহ নাই। কিন্তু মায়ের বেলায় আমরা শুনিতে পাই যে ঐ অজ্ঞান অবস্থা তাঁহার কোন কালেই ছিল না। মায়ের জীবন যে প্রাকৃতিক কার্য্যকারণাদি নিয়মের অধীন নয় এবং তাঁহার দেহধারণ যে পূর্ব্ব জন্মের কর্ম্মফল ভোগ করিবার জন্য নয় ইহা মা স্পষ্টভাবে বলিয়া থাকেন। ঐ উক্তি হইতে মায়ের পূর্ব্ব জন্মের সম্ভাব্যতাও বারিত হইয়া যায়। ইহাও আমরা দেখিতে পাই যে বিবাহের পূর্ব্বে এবং উহার

অব্যবহিত পরে মায়ের শিষ্যত্ব গ্রহণের অনুরূপ মার্গ-পরিগ্রহ এবং তদনন্তর তাঁহার মধ্যে ভগবৎ-সাধনার বিভিন্ন ধারার প্রকাশ বস্তুতঃ ক্রীড়াচ্ছলে স্বেচ্ছা-স্বীকৃত সংযমের অভিনয় ভিন্ন অন্য কিছু নহে। উহা দ্বারা মায়ের পরবর্ত্তী জীবন বিন্দুমাত্রও প্রভাবিত হয় নাই।

জগতের প্রসিদ্ধ সন্তদের মধ্যে আমরা প্রায় এমন কাহাকেও দেখিতে পাই না যাঁহার মধ্যে দিব্য-জ্ঞানের আলোক প্রকাশিত হইবার পূর্ব্বে মানসিক অশান্তি এবং নৈরাশ্য লক্ষিত হয় নাই। কিন্তু মায়ের জীবনে ঐ জাতীয় আত্মিক বা মানসিক অন্ধকার এবং জ্ঞানাবতরণের অনুভূতি সমস্তই লীলারূপে বিকশিত হইয়া উঠিয়াছিল। মায়ের সম্বন্ধে এ কথাও বলা যায় যে তিনি অনাদি কাল হইতে কি আছেন এবং অনন্ত কাল কি থাকিবেন সে বিষয়ে সর্ব্বদাই সজাগ। মুহূর্ত্তের জন্যও ঐ স্বরূপ-জ্ঞানের বিচ্যুতি তাঁহার ঘটে নাই।

আমরা এ বিষয়েও একরূপ নিশ্চিন্ত যে মায়ের আত্মজ্ঞান বলিয়া মানিলে উহা তাঁহার নিজ সত্তাতিরিক্ত অন্য কোন আগন্তুক কারণের সহকারিতা হইতে উদ্ভূত বলা চলে না। বস্তুতঃ উহা তাঁহার স্বরূপ-ধর্ম বলিয়া স্বাভাবিক ও পূর্ণ এবং তাঁহার মধ্যে নিত্য বিদ্যমান। উহাকে 'পূর্ণতর' করিবার জন্য ভিতর হইতে কোন পুরুষকার বা উপর হইতে কোন কৃপার আবশ্যকতা প্রতীত হয় নাই।

( ৪ )

সাধারণতঃ জ্ঞান প্রকাশের তিনটি ধারা স্বীকৃত হইয়া থাকে, যথা—(ক) দৈব, (খ) আর্ষ এবং পৌরুষ।

প্রথমটিতে জ্ঞানের প্রকাশ হয় কোন দিব্য-মূর্ত্তির গভীর ধ্যান হইতে, যেমন অর্জ্জুনের জ্ঞান হইয়াছিল শ্রীকৃষ্ণ হইতে। ঐ ধ্যানের সঙ্গে ধ্যেয় হইতে শক্তিপাতের অনুভূতি থাকিতে পারে, আবার নাও থাকিতে পারে। আবার শক্তিপাত স্থলে ঐ শক্তি স্পর্শ, বাক্, দৃষ্টি, অথবা শুধু ভাবনা দ্বারা সঞ্চারিত হইলে উহা তদনুসারে স্থূল, সূক্ষ্ম, সূক্ষ্মতর এবং সূক্ষ্মতম রূপে বর্ণিত হইবার যোগ্য হয়। শক্তির তীব্রতার তারতম্য ছাড়া উহার মধ্যে গুণেরও তারতম্য থাকিতে পারে, যাহার ফলে জ্ঞানোদয়ের মূল উৎস বা সাধ্যের সহিত সাধক আত্মার অভিন্নতা পর্য্যন্ত সিদ্ধ হইতে পারে। ইতিহাসে এরূপ দৃষ্টান্তও বিরল নহে যেখানে জ্ঞানোদয়ের সঙ্গে তৎসহ ভাবী বা পূর্ব্বভাবী রূপে শক্তিপাতের কোন নিদর্শন পাওয়া যায় না। দৃষ্টান্ত স্বরূপ বলা যায় যে ভৃগু বরুণ হইতে আত্মার পঞ্চকোষ বিশ্লেষণের যে জ্ঞান লাভ করিয়াছিলেন, অথবা নচিকেতা যম হইতে যে বিশেষ বিদ্যালাভ করিয়াছিলেন উহা ঐ জাতীয়ই।

আর্ষজ্ঞানকে প্রাতিভজ্ঞান বলা হয়। এই জ্ঞান ব্যক্তি-বিশেষের মৌখিক উপদেশ হইতে উদিত হয় না। ইহা ভিতর হইতে স্বতঃই উৎপন্ন হইয়া থাকে। ইহার উৎকৃষ্ট উদাহরণ হইল ত্রিশঙ্কু, যিনি নিরন্তর নিজকে ব্রহ্মের সহিত অভিন্ন ভাবনা করিয়া উপাসনা-মার্গে যথাসময়ে ব্রহ্ম-সাক্ষাৎকার লাভ করিয়াছিলেন।

তৃতীয় যে জ্ঞান মানব-গুরু দ্বারা মানব-শিষ্যের মধ্যে সঞ্চারিত হইয়া থাকে তাহাই পৌরুষ জ্ঞান; যেমন শুকদেব হইতে পরীক্ষিতের জ্ঞান লাভ হইয়াছিল। এ জাতীয় জ্ঞান প্রাক্তন সুকৃতির পরিপক্কতা হেতু একান্ত অনুগত ভক্তের মধ্যে উদিত হইয়া থাকে। এ ক্ষেত্রেও ঐ জ্ঞানের সহিত মানব-

গুরু হইতে সাক্ষাৎভাবে শক্তিপাতের সম্বন্ধ থাকিতে পারে, না থাকিতেও পারে। তবে শক্তিপাত হউক বা না হউক উভয় ক্ষেত্রেই বিকল্প রূপে উপাসনার সদ্‌ভাব বা অভাব ও সঞ্চারিত। অন্যান্য প্রকার জ্ঞানের ন্যায় এই জ্ঞানেও মনোগত ও গুণগত শ্রেণী-বিভাগ সম্ভব।

মায়ের সম্বন্ধে প্রথম এবং তৃতীয় প্রকারের জ্ঞান আমরা বাতিল করিয়া দিতে পারি, কারণ উভয় স্থলেই নিজের স্বরূপাতিরিক্ত পৃথক্ কেন্দ্র হইতে জ্ঞানের আবির্ভাব অঙ্গীকৃত হইয়াছে। ঐ কেন্দ্র দিব্যই হউক অথবা মানবীয়ই হউক, তাহাতে কিছু আসে যায় না। উহার একটি হইল ভগবৎ বিষয়ে ধ্যান ধারণা এবং অন্যটি হইল গুরু-ভক্তি। পূর্ব্বোক্ত দ্বিতীয় প্রকারের জ্ঞানও আপাততঃ মায়ের বেলায় গ্রহণযোগ্য নহে, কেন না দৃষ্টান্ত হইতে জানা যায় যে ঐ জ্ঞানের আধার দুরূহ সাধন পথে কিয়দ্দূর অগ্রসর হইয়া শেষে ঐ স্থিতি হইতে পতিত হইয়াছেন। ঐ জ্ঞান প্রকৃত জ্ঞানই নয়। যথার্থ প্রতিভা কি সে বিষয় পরে আলোচনা করিব।

( ৫ )

এখন প্রশ্ন হইতেছে, মায়ের সহজাত আত্মজ্ঞানের স্বরূপ কি? পূর্ব্বে যাহা বলা হইয়াছে তাহা হইতে ইহা স্পষ্টই প্রতীত হয় যে যদিও লৌকিক জ্ঞানের ন্যায় আত্মজ্ঞানের মূল আমাদের ভিতরেই থাকে তথাপি উহার উদ্দীপক কারণ থাকে বাহিরে, যে-হেতু উহা বাহ্য শক্তির ক্রিয়ার দ্বারা অভিব্যক্ত হয়। কিন্তু কখনও কখনও এরূপও হইতে পারে যে জ্ঞানের অভ্যুদয় ভিতরের শক্তির ক্রিয়াবশতঃই হয়,—সে ক্ষেত্রে বহিঃশক্তিগুলি ঐ সমুদিত জ্ঞানের বিস্তারের সহায়ক হয় মাত্র। ইতিহাসে জ্ঞানোদয়ের এই দুইটি প্রণালীরই দৃষ্টান্ত দেখিতে পাওয়া যায়। ভগবৎ-কৃপা যে শুধু লোকের ধার্ম্মিক চেতনা উদ্বুদ্ধ করার পক্ষে অত্যন্ত আবশ্যক এমত নহে, কিন্তু ঐ চেতনাকে পরিপুষ্ট করিয়া ভগবৎ-সত্তার সহিত একীকরণেও উহার সবিশেষ কার্য্যকারিতা আছে। সুতরাং সক্রিয় আধ্যাত্মিক জীবনের বিকাশের পক্ষে ভগবৎ-কৃপা যে মূল কারণ তাহা স্বীকার করিতেই হইবে। তবে সাধারণতঃ এমন একটি নিমিত্ত অথবা আধারের ক্রিয়ার প্রয়োজন হয় যাহাকে আশ্রয় করিয়া ঐ কৃপা অভিব্যক্ত ও অধিকারী জীবের অধিগম্য হইতে পারে। কারণ সাধারণ মনুষ্যের দৈহিক এবং মানসিক সংস্থান এরূপ নহে যে উহা সাক্ষাদ্‌ভাবে ভগবৎ-শক্তির সঞ্চারকালীন তীব্র বেগ ধারণ করিতে পারে। সচরাচর জড়-সংস্পর্শহীন শুদ্ধ আধারে, অর্থাৎ মায়িক সৃষ্টি-আরম্ভের পূর্ব্বকালীন দেহেন্দ্রিয়াদি-বর্জ্জিত যোগ্য আত্মাতেই, সাক্ষাদ্‌ভাবে ভগবৎ-কৃপার প্রকাশ হয়। কিন্তু ঐ আত্মা সৃষ্টির ধারাতে নামিয়া আসিয়া অশুদ্ধ মায়িক দেহ ধারণ করিলে আর তাহার নিরাধার সাক্ষাৎ ভগবৎ-কৃপা গ্রহণের সামর্থ্য থাকে না। তখন সাধারণতঃ তাহাকে অন্তরালবর্ত্তী কোন আধারের মধ্য দিয়া উহা গ্রহণ করিতে হয়। ঐ আধার অমায়িক বিশুদ্ধ দেহ অথবা মায়িক ও অমায়িক উভয় উপাদানের যোগবশতঃ মিশ্রদেহ ভিন্ন অপর কিছু নহে। সৃষ্টির আদিতে যাঁহাদের উপর বিশ্বের রক্ষণাবেক্ষণ এবং দিব্যজ্ঞান প্রদানের ভার ন্যস্ত থাকে সেই সব বিশুদ্ধ দেহধারী জগদ্‌গুরুরূপী আত্মাদের সঙ্ঘের কথা ছাড়িয়া দিলেও এই প্রসঙ্গে দিব্যৌঘ সিদ্ধৌঘ এবং মানবৌঘ নামে গুরু-সম্প্রদায়ের যে তিনটি বিশিষ্ট

শ্রেণী-বিভাগ আছে তাহাদের কার্য্যকারিতা দেখিতে পাওয়া যায়। আমরা পূর্ব্বে যে দৈব এবং পৌরুষ নামক গুরুপংক্তির কথা উল্লেখ করিয়াছি দিব্যৌঘ এবং মানবৌঘের সহিত উহাদের অতি ক্ষীণ সাদৃশ্য আছে। এই জ্ঞানদাতা দিব্য এবং মানব শ্রেণীর অন্তরালে আগম মতে সিদ্ধ বা অতি-মানব গুরুদের স্থান নির্দ্দিষ্ট আছে। এই সকল দেহই অদীক্ষিত জ্ঞান-পিপাসুদের নিকট আচার্য্য বা গুরুদেহরূপ আধারের কার্য্য নির্ব্বাহ করিয়া থাকে।

কাজেই দেখা যাইতেছে যে, যে সকল আত্মা মায়িক-দেহ-সম্বন্ধহীন ও কৈবল্যাশ্রিত তাঁহাদের উপরই ভগবৎ-কৃপা অব্যবহিতরূপে ও মুক্ত ভাবে ক্রিয়া করিয়া থাকে। ইহা সেইখানেই সম্ভব যেখানে কৃপা প্রকাশের জন্য কোন বহিরবলম্বনের প্রয়োজন হয় না এবং তাহার সম্ভাবনাও থাকে না (প্রলয়াবস্থাতে)। ইহাই নিরধিকরণ অনুগ্রহ; এবং ঐ কৃপা যখন অমায়িক বিশুদ্ধ দেহের ভিতর দিয়া সৃষ্টির প্রাক্‌কালে মায়িক দেহে গৌণ ভাবে কার্য্য করে তখন ইহাকে সাধিকরণ অনুগ্রহ বলা হয়; কেন না তখন ইহা আধার অবলম্বন করিয়া ক্রিয়া করে। অবশ্য কৃপা বলিতে এখানে ভগবানের বিশেষ কৃপাই বুঝিতে হইবে। যে কৃপা পূর্ণজ্ঞান ব্যতিরেকে অন্য ফল প্রসব করে তাহা সাধারণ কৃপা। উহা এই আলোচনার বিষয়ীভূত নহে। তাহা হইলে দেখা যাইতেছে যে ভারতীয় সংস্কৃতিতে ভগবৎ-কৃপা সম্বন্ধে দুইটি মতবাদ প্রচলিত আছে, যদিও উহা প্রকৃত পক্ষে একটি মতেরই দুইটি দিক্ মাত্র। উভয় মতানুসারেই গুরু হইতেছেন ভগবানের কৃপা-শক্তির সাক্ষাৎ অধিষ্ঠান। তবে এক মতে বলা হয় যে এই শক্তি নিরপেক্ষভাবে স্বয়ং ক্রিয়াশীল, অন্য মতে ইহা আধার স্বরূপ কোন যোগ্য মূর্ত্তির ভিতর দিয়া সক্রিয় হইয়া থাকে। প্রকৃত পক্ষে এই দুই চিন্তাধারার মধ্যে কোন পার্থক্য নাই, কারণ ব্যবহার ভূমিতে উভয় মতানুসারেই যিনি গুরুরূপে ভক্তির বিষয় তিনি বাস্তবিক পক্ষে বিশ্বাতীত। তবে এ সম্বন্ধে একটি বিষয় মনে রাখা আবশ্যক। সৃষ্টির উন্মেষকালে কালাতীত বিশুদ্ধ সত্তার আত্মপ্রকাশের বিভিন্ন দিক্‌গুলির মধ্যে স্বরূপগত বৈচিত্র্য থাকিলেও কালগত পূর্ব্বাপর-ভাব-রূপ ক্রম থাকে না, কিন্তু উহাদের প্রত্যেকটির মধ্যেই নানা প্রকার জটিলতা থাকে। কিন্তু সৃষ্টির অতীত নিত্য স্ব-প্রকাশ ও সমরস অদ্বয় সত্তাতে কোন প্রকার জটিলতার অবকাশ নাই। কারণ উহা তত্ত্বাদি যাবতীয় বিভাগ হইতে মুক্ত। দৃষ্টান্ত স্বরূপ বলা যায় যে সেই ভাবের দৃষ্টিতে গুরু তত্ত্বটি অখণ্ড নিত্য সত্তার একটা দিক্‌মাত্র। এই অখণ্ড সত্তা সর্ব্বব্যাপক এবং সকলের সহিত অভিন্ন। বিভুত্ব হেতু ইহা যুগপৎ সর্ব্বত্র সমভাবে বর্ত্তমান থাকায় সকলের সহিত অভিন্ন হইলেও ইহার সর্ব্বাতীতত্বরূপ বৈলক্ষণ্য কখনই ক্ষুণ্ণ হয় না। পক্ষান্তরে কোন ব্যক্তিবিশেষ কদাচিৎ আধ্যাত্মিক উন্নতির ফলে গুরুপদারূঢ় হইয়া ঐ পদের সমস্ত কর্ত্তব্য সম্পাদন করিতে পারেন সত্য, কিন্তু উহা সাময়িক মাত্র। উক্ত পদারূঢ় ব্যক্তির সুকৃতি নিঃশেষ না হওয়া পর্য্যন্তই উহার স্থায়িত্ব। উহা নিঃশেষ হইলেই তিনি অবসর গ্রহণ করেন। তখন ঐ জাতীয় অন্য একজন আবার ঐ পদে আরূঢ় হইয়া উহার কর্ত্তব্য সম্পাদন করেন ও ধারাটি অক্ষুণ্ণ রাখেন। ইহা হইতে বুঝা যায় যে গুরু-ভাব একাধারে মানবীয় ও দিব্য উভয়ই—ভগবৎ-শক্তি নিজ প্রয়োজনে যখন শুদ্ধ বাসনাময় প্রগতিশীল কোন আধার আশ্রয় করিয়া

প্রকাশিত হন তখন উক্ত আধারকে লক্ষ্য করিয়াই ইহাকে মানবীয় বলা হয়, আবার যখন ঐ শক্তির স্বতঃসিদ্ধ মহাকরুণাময় সত্তার দিকে লক্ষ্য পড়ে—যাহা চিরন্তন এবং যাহা আশ্রিত আধারকে অনুপ্রাণিত করিয়া স্বকার্য্য সাধন করে—তখন উহা দিব্য। ভগবৎ-শক্তি মনুষ্য অথবা যে কোন দেহধারীর ভিতর দিয়াই কার্য্যকরী হইতে পারে। সেইজন্য এরূপ বিধান আছে যে, যিনি গুরু তিনি মানব হউন বা অতিমানব হউন অথবা দিব্য হউন, শিষ্য তাঁহাকে ভগবানের মতই জ্ঞান করিবে। বাস্তবিক পক্ষে ভগবৎ-সত্তা খণ্ড সত্তার গুণাদি হইতে নির্মুক্ত—মনুষ্যোচিত কোন ক্রিয়া-কলাপই তাঁহার উপর আরোপ করা যায় না।

যাহাদের মধ্যে পরম অনুভূতি স্বতঃ উদিত হয় না তাহাদিগকে অবশ্য উহার জন্য প্রজ্ঞা-সম্পন্ন কোন মহাপুরুষের ( গুরুর ) অথবা ঐশ্বরিক প্রকাশের (শাস্ত্রের) উপর নির্ভর করিতে হয়। কিন্তু যাঁহাদের মধ্যে ইহা স্বতঃস্ফুরিত হইয়া অপরোক্ষ এবং অখণ্ড জ্ঞানরূপে প্রকাশিত হয় তাঁহাদের বেলায় আর বহিরবলম্বনের প্রয়োজন হয় না। আধ্যাত্মিক জীবনের সমস্ত স্তরই তাঁহাদের অধিগত এবং তাঁহারা উহা জ্ঞানলিপ্সু অপরকে প্রদান করিবার সামর্থ্যও রাখেন। শাস্ত্রে কথিত হইয়াছে যে যাহাকে আত্মদীক্ষা বা আত্মসংস্কার বলা হয় উহা ইন্দ্রিয়বর্গের এমন একটি অন্তর্মুখী অবস্থা যাহার ফলে ইন্দ্রিয়-শক্তি আত্ম-স্বরূপের সহিত অভিন্ন হইয়া সুপ্ত চৈতন্যকে উদ্বুদ্ধ করিয়া তোলে। স্বোপার্জ্জিত শক্তি-সম্পদের ইহাই রহস্য। এই সকল লোক অন্তর্যামীর তত্ত্ব বুঝিতে কোন বাহ্য গুরুর কাছে যাইবার প্রেরণা বোধ করেন না, কারণ উহা তাঁহাদের নিজের ভিতর হইতে স্বতঃই ফুটিয়া উঠে। বিকল্প-বর্জ্জিত বিশুদ্ধ জ্ঞান কি ভাবে প্রকাশিত হয় ইহা তাহারই একটি উদাহরণ। এই জ্ঞান আবার অপরকে প্রদান করিবার সময় আধারের যোগ্যতা এবং অন্যান্য সদ্‌গুণের বিচার আবশ্যক হয়। শিষ্যের আধার যদি একেবারে নির্ম্মল হয় তবে তাহার আত্মজ্ঞান-প্রকাশের পক্ষে গুরুর শুভ সংকল্পই যথেষ্ট। কিন্তু তাহা যদি না হয় তবে তাহার যোগ্যতা ও প্রয়োজন অনুসারে আনুষঙ্গিক কিছু বাহ্য আচার বা কর্ম্মাদিরও প্রয়োজন হইতে পারে। এইরূপ অদ্বিতীয় ব্যক্তি নিজেই নিজের গুরু। ইহাকে 'অকল্পিত গুরু' বলা হয়,—ইনি স্বতঃস্ফুরিত পূর্ণজ্ঞান-এবং শক্তির আধার। কিন্তু এই স্বয়ং-লব্ধ জ্ঞান বা শক্তিতে যদি অপূর্ণতা থাকে তবে ইহাকে ভাবনা, জপ, অথবা যোগ, যে কোন উপায় অবলম্বন করিয়া পূর্ণ করিতে হয়, অর্থাৎ নিরন্তর 'অহং ব্রহ্মাস্মি' এই ভাবনা দ্বারা, অথবা কোন শক্তিযুক্ত মন্ত্রের জপের দ্বারা অথবা ঐ জাতীয় অন্য কিছু উপায় দ্বারা তাহার স্বয়ং-লব্ধ জ্ঞানের ন্যূনতা পূরণ করিয়া লইতে হয়। এই শেষোক্ত ব্যক্তিকে 'কল্পিত-কল্পক' বলা হয়। এই দুইয়ের মধ্যে পার্থক্য এই যে পূর্ব্বোক্ত শ্রেষ্ঠ আত্মজ্ঞানে মন, প্রাণ বা দেহ কিছুরই সহযোগিতা আবশ্যক হয় না, কিন্তু শেষোক্ত জ্ঞানে ঐ সহযোগিতা অপরিহার্য্য বিবেচিত হয়।

এই যে দুই প্রকার জ্ঞানের কথা পূর্ব্বে বলা হইল ইহার যে কোনটির সহিত আপাত দৃষ্টিতে মায়ের আত্মজ্ঞানের সাদৃশ্য আছে বলিয়া মনে হইতে পারে। মায়ের জীবনে যে সাধন-ক্রিয়া প্রকাশ পাইয়াছে উহাকে যদি প্রকৃত সাধনা বলিয়া ধরিয়া লওয়া যায়, যাহার উদ্দেশ্য স্বয়ং-লব্ধ অপূর্ণ জ্ঞানের

পূর্ণতা সম্পাদন, তাহা হইলে মায়ের স্থান হইবে দ্বিতীয় শ্রেণীতে, অর্থাৎ 'কল্পিতকল্পক' শ্রেণীতে। কিন্তু মায়ের ঐ সকল ক্রিয়া-কলাপকে যদি প্রকৃত সাধনা না বলিয়া শুধু আত্মজ্ঞানের বহিঃস্ফুরণ রূপে ধরিয়া লওয়া যায় তবে মায়ের স্থান হইবে প্রথম শ্রেণীতে অর্থাৎ অকল্পিত শ্রেণীতে।

কিন্তু একটু চিন্তা করিলেই বুঝা যাইবে যে মায়ের ব্যাপারটি একেবারেই স্বতন্ত্র। ইহাকে উক্ত দুই শ্রেণীর কোন শ্রেণীতেই ফেলা যায় না। মা কোন গুরু হইতে জ্ঞান প্রাপ্ত হন নাই, মাত্র ইহাই মায়ের স্বরূপ-রহস্য উদ্‌ঘাটনের পক্ষে যথেষ্ট নহে। বৈদিক যুগেও ত্রিশঙ্কু নামক এক ব্যক্তির মধ্যে জ্ঞানের স্বতঃস্ফুরণ দেখা গিয়াছে, যিনি নিরন্তর 'অহং ব্রহ্মাস্মি'—এই ভাবনা দ্বারা ঐ জ্ঞান লাভ করিয়াছিলেন। বর্ত্তমান কালেও জার্ম্মনীর 'ভগবদুপদিষ্ট দার্শনিক' জ্যাকব বিহ্‌মের ( খৃঃ ১৫৭৫ —১৬২৪ ) কথা শুনিতে পাওয়া যায়, যিনি নিজের ভিতর হইতে অথবা কোন ঊর্দ্ধস্থ সত্তা হইতে অপরোক্ষ জ্ঞান লাভ করিয়া ধন্য হইয়াছিলেন।

অধ্যাত্ম-বিজ্ঞানের ইতিহাসে আমরা মধ্যবর্ত্তী কোন নিমিত্ত ব্যতিরেকেও অক্রমভাবে অথবা ক্রমোন্নতির পথে জ্ঞানপ্রকাশের অনেক দৃষ্টান্ত দেখিতে পাই। অবশ্য প্রতি ক্ষেত্রে ঐ জ্ঞানে জাতি, গুণ এবং মাত্রা হিসাবে তারতম্য থাকে। অকল্পিত যোগীদের স্বতঃস্ফুর্‌রিত জ্ঞানও এই পর্য্যায়-ভুক্ত। কিন্তু ইহা মনে রাখিতে হইবে যে এ সমস্তই তীব্র শক্তিপাতের ফলে হইয়া থাকে। অধ্যাত্ম শাস্ত্রের, বিশেষতঃ তন্ত্রশাস্ত্রের, সুষ্ঠু আলোচনা হইতে ইহা প্রতীত হয় যে শক্তিপাত তীব্র, মধ্য এবং মন্দ ভেদে স্থূলতঃ তিন প্রকার। ইহার প্রত্যেকটি আবার অবান্তর ভেদে তিন প্রকার। সুতরাং মোটের উপর শক্তিপাত নয় প্রকার। প্রথমটি হইল তীব্রতম এবং নবমটি হইল মন্দতম। এই বিভাগ অনুসারে দ্বিতীয় প্রকার বা তীব্র-মধ্য শক্তিপাতের ফলে শক্তিধারকের আত্মজ্ঞান লাভ হয় এবং ইহার জন্য পৃথক্ গুরুর প্রয়োজন হয় না। ইহা পতন মাত্রই জীবাত্মাকে সংশোধিত করিয়া উহার রূপান্তর সাধন করে। যাহাকে শাস্ত্রীয় পরিভাষায় অনুপায় অথবা শাম্ভবোপায় বলা হয় তাহা এই শ্রেণীর অন্তর্গত। এখানে যাহাকে উপায় বলা হইল উহা পরাশক্তি, অথবা পরাশক্তির সৃষ্টি-কালীন প্রথম উন্মেষাত্মক ইচ্ছাশক্তি ভিন্ন আর কিছু নহে। অবশ্য ইহা জ্ঞান এবং ক্রিয়া অপেক্ষা শ্রেষ্ঠ, কিন্তু তথাপি ইহা উপায় মাত্র, উপেয় নহে। ইহার উদ্দেশ্য হইল জীবত্ব বা পশুত্বকে শিবত্বে পরিণত করা। জীবাত্মার উদ্ধার সাধন করিয়া উহাকে উহার স্বাভাবিক দিব্য স্বরূপে প্রতিষ্ঠিত করাই হইল ইহার একমাত্র লক্ষ্য।

পূর্ব্ব-বর্ণিত দৃষ্টান্তের সহিত সাদৃশ্য-মূলক ভাবে মায়ের আত্মজ্ঞানকে ব্যাখ্যা করা যে সহজ নয় তাহা পূর্ব্বেই বলা হইয়াছে। সাধু-সন্তদের অনুভূতিও ইহার উপর কোন আলোকপাত করিতে পারে না। সেইজন্য মায়ের স্বরূপ ও ব্যক্তিত্বের তত্ত্ব নিরূপণ করা এত দুঃসাধ্য। মা যে কখনও অজ্ঞানে আবৃত ছিলেন না ইহা স্মরণ রাখিতে হইবে এবং সেইজন্য মায়ের বেলায় শক্তিপাতের, এমন কি তীব্রতম শক্তিপাতের, প্রশ্নও উত্থিত হইতে পারে না। তিনি যে বালিকা বয়সেই সাধিকার ভূমিকা গ্রহণ করিয়াছিলেন তাহা সত্য এবং এই সময়ে প্রকৃত সাধিকার যে যে অবস্থার অনুভব হওয়ার কথা সে সবই ক্রমশঃ মায়ের মধ্যে হইয়াছিল তাহাও সত্য। কিন্তু ইহা ছিল

অভিনয়। এই অভিনয়ে তিনি প্রথমে অজ্ঞানী সাজিয়া নানা প্রকার কঠোর তপস্যা, মৌন ধারণ, আহার সংযম, জপ সাধন, যৌগিক ক্রিয়ার অভ্যাস ও পূজাদি অনুষ্ঠানের ভিতর দিয়া অগ্রসর হইয়াছিলেন। এই অভিনয়েরই অংশরূপে আত্মজ্ঞানের বিকাশও হইয়াছিল। বিরহ যাতনা, প্রাণের নীরসতা, শেষে মিলনের আনন্দ—এ সমস্তই তাঁহার স্বয়ং-অভিনীত সাধন-নাট্যের যথাস্থানে ছিল। সমস্ত ব্যাপারটাই সাধনার অনুকরণে কল্পিত হইয়াছিল এবং প্রত্যেকটি অংশ এমন ভাবে বিন্যস্ত হইয়াছিল যাহাতে উহার স্বাভাবিকতা বেশ ফুটিয়া উঠিতে পারিয়াছিল। কিন্তু মায়ের এই স্বেচ্ছা-স্বীকৃত অজ্ঞান এবং পরম জ্ঞানাভিলিপ্সাময় সাধারণ সাধিকার অনুকরণের পশ্চাতে ছিল তাঁহার নিত্যসিদ্ধ, সুরক্ষিত, অচল, অটল, বিশুদ্ধ আত্মজ্ঞান। কেহ যেন ইহাকে দ্বিধা-বিভক্ত আত্মার ক্রিয়াকলাপ বলিয়া মনে না করেন,—ইহা হইল সদাজাগ্রত আত্মচেতনা-সম্পন্ন ইচ্ছাশক্তির একটা প্রকাশ, যাহা রঙ্গমঞ্চে এক সময়েই দুইটি ভূমিকা গ্রহণ করিয়া অবতীর্ণ হইয়াছে—একটি হইল আলো ও আঁধারের মধ্য দিয়া প্রগতিশীল সংযত-জীবন সাধিকার ভূমিকা আর দ্বিতীয়টি হইল অচঞ্চল সাক্ষীর ভূমিকা, যে ভূমিকায় উহা অভিনেত্রীর পশ্চাতে অলক্ষিত থাকিয়া শান্তভাবে সমস্ত লক্ষ্য করিতেছে এবং রঙ্গমঞ্চে নিজকৃত অভিনয়ের নিরীক্ষণ ও নিয়ন্ত্রণ করিতেছে।*

কেহ কেহ মাকে কোন দেব বা দেবীর অবতার বলিয়া মনে করেন। এই মতের যে মূল্যই থাকুক না কেন ইহা পূর্ব্বোক্ত মতের জটিলতা হইতে মুক্ত। কিন্তু 'অবতার' বলিতে আমরা কি বুঝি? গ্লানিপূর্ণ জগতে শান্তি আনয়ন, ধর্ম্ম ও ন্যায়ের সংস্থাপন এবং মানব সমাজে নৈতিক সাম্য-প্রতিষ্ঠা, এই সকল কার্য্যের জন্য কারণ-জগৎ হইতে স্থূল জগতে যে শক্তির অবতরণ হয় তাহাকেই আমরা অবতার বলিয়া থাকি। অবতার এবং সাধারণ মনুষ্যের মধ্যে পার্থক্য এই যে, অবতারে যে শক্তি নামিয়া আসে উহার সহিত মূলের যোগ-সূত্র অচ্ছিন্ন থাকে, আর মনুষ্যের বেলায় ঐ যোগ-সূত্র ছিন্নবৎ হইয়া পড়ে। কিন্তু ইহা সত্ত্বেও একথা বলা যায় যে মূলের সহিত এই অবতীর্ণ শক্তির সম্বন্ধ হইল অংশীর সহিত অংশের সম্বন্ধের ন্যায়। আর যদি অংশাংশী না বলিয়া ইহাকে অভিন্নও মনে করা যায় তাহা হইলেও অবতীর্ণ শক্তি মূলশক্তির সম্প্রসারণ ভিন্ন আর কিছু নহে। মূলকেন্দ্র অজ্ঞান-শক্তির কার্য্য-ক্ষেত্রের বাহিরেই থাকিয়া যায়। অবতার বলিতে অবতরণ বুঝায় এবং এই অবতরণ যে কোন উর্দ্ধতর কেন্দ্র হইতে হইতে পারে তাহা 'অবতার' শব্দ হইতেই প্রতীত হয়। পরব্যোমে বা মহাবৈকুণ্ঠে প্রত্যেক অবতারেরই নিজ নিজ কেন্দ্র বা আদর্শ-ভূত স্বরূপ আছে। বিশ্ব-পরিচালনার জন্য এইগুলিই হইল কৈন্দ্রিক শক্তির বিভিন্ন রূপ।

মাকে কোন্ বিশিষ্ট দেব বা দেবীর অবতাররূপে গ্রহণ করা হয় তাহা আমাদের বিচার্য্য বিষয় নহে, কেন না আমাদের যে সমস্যা উহা সকল মতেই অমীমাংসিত থাকিয়া যাইবে। এমন কি, ঐ সকল দেবদেবীকে যদি স্বরূপতঃ ভগবান্ হইতে অভিন্ন বলিয়াও ধরা যায় তাহা হইলেও আমাদের ঐ সমস্যার সমাধান হইবে না। মায়ের সঙ্গ করিয়া

* শ্রীযুক্তা গুরুপ্রিয়া দেবী লিখিত মায়ের জীবনীর যে কয়েক খণ্ড প্রকাশিত হইয়াছে তাহাতে মায়ের এই সময়ের বিস্তৃত বিবরণ পাওয়া যাইবে।

আমি তাঁহাকে যতটুকু জানিতে পারিয়াছি এবং মা নিজেও তাঁহার স্বরূপ সম্বন্ধে প্রকারান্তরে যাহা মাঝে মাঝে বলিয়া থাকেন তাহাতে মনে হয় না যে মাকে অবতার বলিয়া গ্রহণ করিলেই আমাদের সমস্ত সমস্যার নিরাকরণ হইবে। তবে বৌদ্ধদের ধর্ম্মকায়ের সহিত নির্ম্মাণকায়ের যে সম্বন্ধ সেই সম্বন্ধ বুঝাইতে যদি 'অবতার' শব্দ প্রয়োগ করা হয় তাহা হইলে অবশ্য অন্য কথা। কিন্তু তখনও কিছু কিছু সমস্যা থাকিয়াই যাইবে।

যদি নির্ম্মাণকায়কে ধর্ম্মকায়ের বাহ্য ও প্রকট রূপ বলিয়া ধরিয়া লওয়া যায় তাহা হইলেও অবতারত্বের সমস্যা পূর্ব্ববৎই বিদ্যমান থাকিবে। তবে যদি বুদ্ধদেবের ধর্ম্ম, সংভোগ ও নির্ম্মাণ এই সমস্ত কায়ার অভিন্নতা স্বীকৃত হয় তাহা হইলে হয়ত সমস্যার কিছুটা নিরসন হয় সত্য, কিন্তু সে ক্ষেত্রেও আমাদিগকে একটি আদি-বুদ্ধ কল্পনা করিয়া লইতে হয় যাহার সঙ্গে ঐতিহাসিক বুদ্ধের কোন সম্বন্ধ থাকে না। ঐতিহাসিক বুদ্ধের ক্ষেত্রে বহু-জন্মব্যাপী নিরবচ্ছিন্ন কঠোর সাধনার ইতিহাস আমরা পাই, যাহা দ্বারা তিনি মূল অবিদ্যার উচ্ছেদ এবং অন্যান্য সদ্‌গুণের উৎকর্ষ সাধন করিতে তৎপর ছিলেন এবং যাহার ফলে তিনি আদর্শ-জ্ঞান, সমতা-জ্ঞান, প্রত্যবেক্ষাজ্ঞান এবং কৃত্যানুষ্ঠান জ্ঞান—এই চতুর্বিধ জ্ঞান দ্বারা মণ্ডিত হইয়াছিলেন। কিন্তু ঐ সমস্ত জ্ঞান মার মধ্যে জন্মাবধি বিদ্যমান আছে বলিয়া বিশ্বাস করা হয়। পূর্ব্বোক্ত জ্ঞান সকলের প্রথমটি হইল সর্ব্বকালের, সর্ব্ব বস্তুর অবাধিত জ্ঞান। ইহা কতকটা দর্পণ সদৃশ, যাহাতে সমস্ত বিশ্ব প্রতিবিম্বিত হয়। দ্বিতীয়টি হইল সর্ব্বভূতের মূলতঃ সমতা ও একত্বের জ্ঞান। তৃতীয় প্রকারের জ্ঞান হইল সমস্ত সৃষ্ট পদার্থ সম্বন্ধে নিশ্চয়াত্মক জ্ঞান। চতুর্থ প্রকার জ্ঞানের সম্বন্ধ হইতেছে জগৎ এবং উহার উৎকর্ষ সাধনের সহিত। ঐ জ্ঞান মানব-জাতির সেবাতে উৎসর্গীকৃত। ইহা দ্বারা বিভিন্ন অভাবযুক্ত বিভিন্ন লোকের প্রার্থনার পরিপূরক অসংখ্য নির্ম্মাণকায়ের প্রকাশ সম্ভব হয়।

কেহ কেহ মাকে বিলাস, অর্থাৎ কালাতীত দিব্য সত্তার দেশ ও কালের মধ্যে আত্মসম্প্রসারণ, মনে করেন। এ মত কতখানি বিচারসহ তাহা আমি জানি না। যে অর্থে বৈকুণ্ঠনাথ নারায়ণকে গোলোকনাথ শ্রীকৃষ্ণের বিলাস বলিয়া ধরা হয়, উহাই যদি বিলাসের প্রকৃত মর্ম্ম হয় তাহা হইলে উহাতে মূল অপেক্ষা বিলাসের জ্ঞান এবং শক্তির ন্যূনতা স্বীকৃত হইয়াছে। এই অর্থে মাকে বিলাস বলিলে তিনি নিজের সম্বন্ধে নিম্নলিখিত যে বর্ণনা দিয়াছেন উহার মর্ম্ম উদ্‌ঘাটন করা কষ্টকর হইয়া পড়ে—

"এ শরীরকে যেখান হইতে যে ধারার কথা জিজ্ঞাসা করিবে সেখানে সে ভাবেই। সেইজন্য এ শরীরের কি কথা আর কথা না। কোন ধারা থাকিলে ধরা আছে। ধরা থাকিলে অধরা। যেখানে ধরা অধরার প্রশ্ন নাই, সেই-ই। যেখান হইতে যা' বাজাইয়া লও, শোন। এ শরীরটার কাছে এ মত ঐ মতের প্রশ্ন নাই।"

এই বর্ণনা যে বিলাস সম্বন্ধে প্রযুক্ত হইতে পারে না তাহার কারণ সুস্পষ্ট।

তবে কি মা স্বয়ং-রূপ ভগবানের পূর্ণপ্রকাশ? চরম-পরমের প্রত্যক্ষ আবির্ভাব? মা কি তবে বিশ্বের এবং আমাদের সকলের অন্তরাত্মার বহিঃপ্রকাশ, যিনি স্বেচ্ছায় স্বরূপ আবৃত করিয়া আমাদিগকে

বদ্ধাবস্থার যন্ত্রণা ও হাহাকার হইতে মুক্ত করিয়া তাঁহার কাছে টানিয়া নিবার জন্য মনুষ্য-মূর্ত্তিতে আবির্ভূত হইয়াছেন? ইহার উত্তর কে দিবে?

মার সম্বন্ধে লিখিতে গিয়া যে সকল সমস্যা আমার মনে উঠিয়াছে উহার কিছুটা আমি পাঠকের সম্মুখে স্থাপিত করিলাম। এইগুলি বিচার করিয়া সকলে নিজ নিজ সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

কেহ কেহ বিশ্বাস করেন যে মা কোন বিশেষ কাজের জন্য আবির্ভূত হইয়াছেন, যেমন লোকের দিব্য চেতনা উদ্বুদ্ধ করা, জগতে প্রেম ও শান্তি স্থাপন করা ইত্যাদি। কেহ কেহ আবার ইহা অস্বীকার করেন, কেন না মায়ের কর্ম্মগুলি উদ্দেশ্যশূন্য, অর্থাৎ মূলের ইচ্ছা দ্বারাই নিষ্পন্ন। সাধারণ মনুষ্যের মত তাঁহার নিজস্ব কোন ইচ্ছা নাই। তবে ইহা সুস্পষ্ট যে এমন একটি মহান্ প্রকাশ বা অবতরণ যথাসময়ে মহাফল প্রদান করিবে না তাহা মনে হয় না। মা নিজেকে গুরু বলিয়া প্রচার করেন না, যদিও কখন কখন তিনি কাহারও কাহারও নিকট পরোক্ষভাবে গুরুরূপে পরিগণিত হন। কারণ যিনি গুরু তাঁহার মধ্যে গুরু হইবার শুদ্ধ বাসনা থাকে। কিন্তু মা প্রথম হইতেই সমস্ত বাসনা হইতে মুক্ত। তিনি যা' তা'-ই, উহার কিছু কম বা বেশী নহেন। গুরু যে সত্য প্রদর্শন করেন এক অর্থে মা বোধ হয় স্বয়ংই সেই সত্য।

অনেক সময় বলা হয় যে মায়ের দেহ এবং মন নাই। এই কথাগুলির অর্থ স্পষ্ট নহে, অন্ততঃ আমাদের কাহারও কাহারও নিকট। আমি যে ভাবে উহা বুঝিয়াছি তাহাতে মনে হয় ঐ উক্তির অর্থ হইল এই যে, জাগতিক অনুভূতির ধারক-বাহকরূপে আমরা যে নির্দ্দিষ্ট আয়ুঃসম্পন্ন স্থূলদেহ দেখিতে পাই উহা পূর্ব্বজন্মের অজ্ঞান মূলক বিপক্ক ও ফলোন্মুখ কর্ম্মের ফল। মা এই জাতীয় কারণ-পরম্পরা হইতে বিমুক্ত বলিয়া আমাদের ন্যায় দেহ ও মনের বোঝা বহন করেন না। যিনি অজ্ঞানজ কর্ম্ম হইতে চিরমুক্ত তাঁহার উপর শুদ্ধ মন এবং শুদ্ধ দেহও আরোপ করা চলে না।*

ভারতীয় চিন্তাধারায় সমজাতীয় সকল সম্প্রদায়ের মধ্যেই কর্ম্মের সহিত দেহের সম্বন্ধ স্বীকৃত হইয়াছে দেখিতে পাওয়া যায়। দৃষ্টান্ত স্বরূপে বলা যাইতে পারে যে জৈন ধর্ম্মে বলা হইয়াছে যে ঘাতী কর্ম্ম নিবৃত্ত হইলেই জীবন্মুক্ত অবস্থার উদয় হয়। ঘাতী কর্ম্ম হইল সেই সকল কর্ম্ম যাহা দ্বারা মোহ, অন্তরায় এবং জ্ঞান ও দর্শনের আবরণ সংঘটিত হয়। কিন্তু অঘাতী কর্ম্ম অর্থাৎ যে কর্ম্ম দ্বারা লোকের দেহ

---

* এইজন্য প্রাচীন বৌদ্ধগ্রন্থ "সদ্ধর্ম্মপুণ্ডরীকে" শাক্যমুনির নরদেহকে 'অলীক' বলা হইয়াছে। গৌতমবুদ্ধের জীবন ও কার্য্যাবলী সম্বন্ধে উক্ত গ্রন্থের অভিমত অধ্যাপক পৌসী অতি নিপুণতার সহিত সংক্ষেপে বর্ণনা করিয়াছেন। ঐ বর্ণনা নিম্নে উদ্ধৃত হইল—"শাক্যমুনি পরিপূর্ণ ভাবে দিব্য হইলেও ভগবান্ নন। তিনি অনাদি কাল হইতেই বুদ্ধ। তিনি সমস্ত বিশ্ব, ভাবীবুদ্ধ এবং বোধিসত্ত্বগণের জনক। তিনি চিরন্তন বিধাতা, তিনিই জীবের উদ্ধার-সাধন এবং নির্ব্বাণ প্রাপ্তি করাইয়া থাকেন। সাধারণ লোক দেখে যে তিনি মায়িক মনুষ্য দেহ ধারণ করেন, জন্মগ্রহণ করেন, জ্ঞানদান করেন অর্থাৎ ধর্ম্ম চক্র প্রবর্ত্তন করেন ও নির্ব্বাণ প্রাপ্ত হন। কিন্তু প্রকৃত পক্ষে আভাসরূপে অলীক শাক্যমুনিগণ জগতে আবির্ভূত হইতে থাকিলেও প্রকৃত শাক্যমুনি গৃধ্রকূট পর্ব্বতে ভাবীবুদ্ধদের দ্বারা পরিবৃত হইয়া বিরাজ করিতেছেন। সদ্ধর্ম্মপুণ্ডরীকের সিদ্ধান্তানুসারে এই খাঁটি শাক্যমুনি নিত্য এবং দিব্য হইলেও ভগবান্ নন।

(নাম), দেহের অবস্থা (গোত্র), আয়ু ও সুখ দুঃখাদি ভোগের উদয় হয়, উহা চলিতেই থাকে।* এমন কি, তীর্থঙ্করও এই অঘাতী কর্ম্ম হইতে মুক্ত নহেন। যখন এগুলিরও ধ্বংস হয় তখনই কর্ম্মের পূর্ণ সমাপ্তি হয় এবং তখনই দেহপাত হয়। ইহাই হইল আত্মার বিদেহ অবস্থা। ঘাতীকর্ম্মের অবসান ও কেবল জ্ঞানের উদয় এক প্রকার সমকালীন—অশুদ্ধ দেহ এবং অশুদ্ধ মন তখন থাকে না। কিন্তু সিদ্ধিলাভ হয় অঘাতী কর্ম্মের নিবৃত্তি হইতে। তখন বিশুদ্ধ দেহ এবং বিশুদ্ধ মনেরও লোপ ঘটে।

সেইরূপ বৌদ্ধ ধর্ম্মে অর্হৎ অথবা জীবন্মুক্ত ক্লেশ-সমূহ হইতে বিমুক্ত এবং সেইজন্য অশুদ্ধ মন হইতেও মুক্ত; কিন্তু ইহাই অর্হতের বিশেষত্ব নহে। কারণ শূন্যের ধ্যান করিয়া যাঁহারা নিরোধ-সমাধি প্রাপ্ত হইয়াছেন, অথবা যাঁহারা বীতরাগ কিংবা অনাগামী তাঁহাদের ক্লিষ্ট মন নিরুদ্ধ থাকে; কিন্তু উহা শোধিত নহে বলিয়া ব্যুত্থানের সঙ্গে সঙ্গে আবার উহার উদয় হয়। লোকোত্তর মার্গেও নির্দ্দিষ্ট কালের জন্য ক্লিষ্ট মন নিষ্ক্রিয় থাকে। অর্হৎকেও পূর্ব্ব কর্ম্মের ফলভোগ করিতে হয়। দৃষ্টান্ত স্থলে মৌদগলায়নের নাম উল্লেখ করা যাইতে পারে। মৌদগলায়ন একজন বড় যোগী ছিলেন। বুদ্ধদেবের শিষ্যগণের মধ্যে তিনিই বোধ হয় সর্ব্বশ্রেষ্ঠ। তথাপি তাঁহাকেও নিপীড়িত হইতে হইয়াছিল। দস্যুগণ তাঁহাকে টুকুরা টুকুরা করিয়া কাটিয়া তাঁহার অস্থি পর্য্যন্ত চূর্ণীকৃত করিয়াছিল। বুদ্ধদেব বলিয়াছিলেন যে পূর্ব্ব-জন্মকৃত পিতৃহত্যারূপ গর্হিত কর্ম্মের ফলেই তাঁহার ঐরূপ দশা ঘটিয়াছিল।

* ইহার সহিত পতঞ্জলির জাতি, আয়ু এবং ভোগের সাদৃশ্য দেখিতে পাওয়া যায়।

তাহা হইলে মায়ের যে দেহ এবং মন আছে বলিয়া প্রতীত হয় উহার কি কোন ব্যাখ্যা দেওয়া যাইতে পারে? ঐ দেহ-মন কি সেই পূর্ণ স্বাতন্ত্র্যময়ী ইচ্ছাশক্তির লীলা হইতে সমুদ্ভূত বলিয়া মনে করা চলে না? অথবা ভগবানের আবির্ভাবের জন্য যুগযুগান্তর ধরিয়া মানব জাতির যে আকূতি চলিয়া আসিতেছে ঐ সমষ্টি-আকূতিরূপ কর্ম্মের ফলরূপে সেই মহা-ইচ্ছার সাড়া হিসাবে ঐ দেহ-মন আবির্ভূত নয়, এ কথাই বা কে বলিতে পারে? তাহাই যদি হইয়া থাকে তবে দেহ এবং মন বলিতে সাধারণতঃ আমরা যাহা বুঝি মায়ের দেহ সেই দেহ নয়, মায়ের মন ও সেই মন নয়। এগুলি একান্তই আভাস মাত্র এবং ইহাদের অস্তিত্ব শুধু মায়ান্ধ অজ্ঞানীদের নিকট, যাহাদের দৃষ্টি আবরণের অন্তরালস্থিত সত্যরূপ দর্শনে সমর্থ নয়। এই দেহাদি দর্শন বস্তুতঃ মিথ্যা দর্শন বলিতেই হইবে—ইহা এড়াইবার কোন উপায় নাই। বুদ্ধ এবং যিশুখৃষ্টের দেহ সম্বন্ধেও আমরা কি এইরূপ শুনিতে পাই নাই? শ্রীকৃষ্ণ কি বলেন নাই যে তাঁহার জন্ম ও কর্ম্ম সাধারণ জীবের মত নহে, তাঁহার জন্ম ও কর্ম্ম উভয়ই দিব্য?

জ্ঞান বিকাশের সঙ্গে সঙ্গে দেহ-বোধ থাকিতে পারে কিনা সে সম্বন্ধে মা নিজেই একবার বলিয়াছেন—

"জ্ঞানে আর সংশয়-সংসার থাকে না, দেহও থাকে না। সংসার থাকে না যেখানে দেহও থাকে না সেখানে। ... ... ... ... ... কে বলিল দেহ থাকে? নামরূপেরই কোন প্রশ্ন নাই। তাঁর দৃষ্টি আছে বা নাই তা'রও প্রশ্ন নাই। 'দেও' 'দেও' আর কা'র কাছে তাঁ'র? 'দেও' 'দেও' এই ভাবটাই ত দেহ। যে হেতু সংসার নাই, দেহ নাই, সেই হেতু

এই কর্ম্মও নাই, অর্থাৎ দেহ, সংসার, কর্ম্মের প্রশ্নই নাই,—একেবারে ধোয়া-মোছা, নাইও নাই। কথা বলাও যা' না বলাও তা'। চুপ করে যেখানে, চুপ না করেও সেখানে—যা' তা'।"

যাঁহারা জড়-অবস্থা হইতে অমর জীবনে জাগিয়া উঠিয়াছেন তাঁহাদের সকলের সম্বন্ধেই এই কথা।* আর যাঁহাদের এই বদ্ধাবস্থা কোন কালেও ছিল না বা নাই তাঁহাদের বেলায় ঐ কথা আরও জোরের সহিত বলা যাইতে পারে।

( ৬ )

মায়ের ভাষা বোধগম্য নয় এইরূপ একটা অভিযোগ আমরা সচরাচর শুনিতে পাই। ভাষা বলিতে মা সকলের সহিত সাধারণ বাক্যালাপে বা চিঠিতে যে ভাষা ব্যবহার করেন তাহা লক্ষ্য করিয়া যদি ঐ অভিযোগ করা হইয়া থাকে তবে উহা একেবারেই ভিত্তিহীন। দৃষ্টান্ত স্বরূপে 'মাতৃ-বাণী'র ভাষার কথা উল্লেখ করা যাইতে পারে। মায়ের শ্রীমুখে উচ্চারিত বাক্যের শ্রুতানুলিপি দ্বারা যে সকল চিঠি লিখিত হইয়াছিল তাহা হইতে 'মাতৃবাণী' সঙ্কলিত হইয়াছে। ইহার ভাষা প্রাঞ্জল, মাধুর্য্যময়, ঋজুতাপূর্ণ এবং ভাবগর্ভ। সাধনার গভীর অনুভূতি এবং নিগূঢ় তত্ত্ব বুঝাইতে মা যে ভাষা প্রয়োগ করেন উহাই যদি ঐ অভিযোগের লক্ষ্য হইয়া থাকে তাহা হইলে বলিতে হয় যে উহা কিয়দংশে যথার্থ। তবে ইহা স্মরণ রাখা উচিত যে অতিমানস স্তরের সত্যগুলিকে মনের অধোবর্ত্তী, এমন কি উর্দ্ধবর্ত্তী স্তরেও ভাষা দ্বারা প্রকাশ করা দুরূহ। অথচ মনের ঐ দুই স্তরের সহিতই আমাদের ভাষার সম্বন্ধ। আমার মনে হয় যে সাধারণ পাঠকের বিচার-প্রবণ বুদ্ধির নিকট যাহা হেঁয়ালি বলিয়া প্রতীত হয় উহাই আবার চেতনার উর্দ্ধ স্তরে অতি সরল বলিয়া মনে হয়। ইহা বিশিষ্ট দার্শনিক এবং সাধুদিগেরও অভিমত। বিচার-দৃষ্টিতে এবং গণ্ডীবদ্ধ মনের নিকট যাহা পরস্পর বিরোধী, চেতনার পর্দ্দা খুলিয়া গেলে ও চেতনার ভূমি উর্দ্ধে উত্থিত হইলে ভূমার স্বচ্ছ আলোকে উহাই আবার স্বতঃসিদ্ধ অতি-পরিচিত সত্য বলিয়া পরিগণিত হয়।

সুতরাং আমি মায়ের ঐ প্রকার কয়েকটি উক্তির বিশ্লেষণ করিয়া উহাদের কোন গূঢ় তাৎপর্য্য আছে কি না তাহা দেখিতে চেষ্টা করিব। আপাততঃ ঐ উক্তিগুলি অর্থশূন্য বলিয়া মনে হয়। মায়ের বহু সংখ্যক উক্তি হইতে দৃষ্টান্ত স্বরূপে মাত্র কয়েকটি গ্রহণ করা যাইতেছে। এগুলিকে উৎকৃষ্টতর সংজ্ঞার অভাবে আমরা জীবনের রহস্য এবং পরম তত্ত্বের স্বরূপ সম্বন্ধে মায়ের দৃষ্টিভঙ্গির নিদর্শন রূপে গ্রহণ করিতে পারি।

(১) যা' তা'। এই কথাটি ভাষান্তরে প্রকাশ করা সহজ নয়। সাধারণ ভাবে ইহাকে 'যা আছে তা'ই আছে' বলিয়াও ব্যক্ত করা যায়। অদ্বয় তত্ত্ব সম্বন্ধে কিছু বলিবার সময় মা এই জাতীয় বাক্য প্রায়ই ব্যবহার করিয়া থাকেন। ইহার গূঢ় তাৎপর্য্য

---

* যুবতী রাণী চূড়ালার জীবন-প্রসঙ্গেই ঐ কথা লিখিত হইয়াছে। চূড়ালা যোগ এবং জ্ঞান মার্গে আত্মজ্ঞান লাভ করিয়াছিলেন এবং তাঁহার অজ্ঞ স্বামী শিখিধ্বজকে ঐ জ্ঞান দান করিয়াছিলেন। কথা উঠিয়াছিল যে জ্ঞানলাভের পর চূড়ালা জাগতিক কার্য্যে সাক্ষিস্বরূপে না থাকিয়া কি করিয়া হস্তক্ষেপ করিতে পারিয়াছিলেন? ইহার উত্তরে মা বলিয়াছিলেন যে প্রকৃত জ্ঞান জাগতিক জীবন ভস্মীভূত করিয়া ফেলে এবং উহার সঙ্গে জাগতিক দেহও ভস্মীভূত হইয়া যায়।

ভাষার দ্বারা বিশ্লেষণ করিয়া প্রদর্শন করা সহজ নহে। লোকে তাঁহাদের নিজ নিজ দৃষ্টিকোণ হইতে ইহাকে নিম্নলিখিত ভাবের দ্যোতক বলিয়া মনে করিতে পারেন—বিশুদ্ধ সত্তা, অসৎ বা অব্যক্ত, আত্মা, অপরিচ্ছিন্ন, বাঙ্-মনের অগোচর পরম সাম্য, নিরঞ্জন, অপরিণামী ইত্যাদি। "যা' তা'" বলিতে সেই অনির্দ্দেশ্য অনামীকেই বুঝায় যাঁহাকে বিভিন্ন নামে নির্দ্দেশ করা হইয়া থাকে, ইহা সেই অব্যক্ত অরূপকেই ইঙ্গিতে ধ্বনিত করে যাহা ভিন্ন ভিন্ন রূপে ব্যক্তভাবে প্রকাশিত হয়। মা ইহাকে "চরম-পরম"ও বলিয়া থাকেন। তখন ইহার অর্থ হয় পরমতত্ত্ব। এই দুর্ব্বোধ বাক্যটির তাৎপর্য্য বুঝিবার জন্য আমরা মার স্ব-মুখোচ্চারিত নিম্নলিখিত উক্তিগুলির সহিত ইহার তুলনা করিতে পারি—

(ক) "আছে, নাই, নাইও না, আছেও না, আরও আগে—যা' বল তা'ই। (খ) দুই বল, এক বল, অনন্ত বল, যে যা বলে সব ঠিক। (গ) দেওয়াল থেকেও নাই, না থেকেও আছে ঐ প্রকাশে। (ঘ) নাই আছে তাঁ'র মধ্যেই সম্ভব। (ঙ) তিনি রূপ ধরুন না ধরুন যা' তা'ই। (চ) সেই স্থিতিতে ঐ ভিন্ন আর কিছুই নাই—যা' তা'।"

ইহা হইতে বুঝা যায় যে ইহার মধ্যে ভেদের বা বিরোধের কোন অস্তিত্ব নাই,—এমন কি সৎ এবং অসৎ, আলো এবং অন্ধকার, ভাল এবং মন্দ, গতি এবং স্থিতি, পৌরুষেয় এবং অপৌরুষেয়—এগুলির মধ্যেও নাই। সমস্তই এক, একই সমস্ত। এগুলিকে সমপর্য্যায়ে ফেলার বা সমীকরণের কথা যে পূর্ব্বে বলা হইয়াছে তাহাও এখানে টিকে না, কারণ যেখানে সেই অদ্বয়ের কথা বলা হয় সেখানে যে এক বলিয়া বোধও নাই, অর্থাৎ থাকিয়াও না থাকার সমান। কথাগুলি আপাততঃ পরস্পর বিরোধী বলিয়া মনে হয়, কিন্তু চরম সত্য ইহাই। নাগার্জ্জুন বলিয়াছেন—

"শূন্যমিতি ন বক্তব্যমশূন্যমিতি বা ভবেৎ।
উভয়ং নোভয়ং চেতি প্রজ্ঞপ্ত্যর্থং তু কথ্যতে॥"

অর্থাৎ উহাকে শূন্যও বলা যায় না, অশূন্যও বলা যায় না, অথবা যুগপৎ শূন্যাশূন্যও বলা যায় না, অথবা উহাদের অতীত কিছুও বলা যায় না। ভাষায় যাহা প্রকাশ করা যায় উহা ভাব মাত্র এবং মানবীয় চেতনার ভাব-স্তর পর্য্যন্তই উহার আবেদন।

বুদ্ধদেবের ধর্ম্মকায় উপলক্ষ্য করিয়া মঞ্জুশ্রী পরমতত্ত্বের যে বর্ণনা দিয়াছেন তাহাও এই জাতীয়। তিনি বলিয়াছেন—

যো নৈকো নাপ্যনেকঃ স্ব-পর-হিত-মহাসম্পদাধারভূতো
নৈবাভাবো ন ভাবঃ খমিব সমরসো দুর্বিভাব্যস্বভাবঃ।
নির্লেপং নির্ব্বিকারং শিবমসমসমং ব্যাপিনং নিষ্প্রপঞ্চং
বন্দে প্রত্যাত্মবেদ্যং তমহমনুপমং ধর্ম্মকায়ং জিনানাম্॥

অর্থাৎ ধর্ম্মকায় একও নহে, বহুও নহে। ইহা নিজ এবং পরহিতের মহাসম্পদাধার। ইহা সৎ বা অসৎ নয়। ইহা আকাশের মত সমরস। ইহার স্বভাব অচিন্তনীয়। ইহা কিছুতে আসক্ত হইয়া মলযুক্ত হয় না। ইহা নির্ব্বিকার। ইহা মঙ্গলময়, ইহা যুগপৎ সম এবং অসম। ইহা সর্ব্বত্র ব্যাপ্ত এবং প্রপঞ্চাতীত।

কাশ্মীরের পরম যোগী অভিনব গুপ্ত হইতেও আমরা এই জাতীয় উক্তি পাই। নিম্নলিখিত বাক্যগুলি গুরু তাঁহার আপ্তকাম শিষ্যকে লক্ষ্য করিয়া বলিয়াছেন—

"ভাবানাং ন সমুদ্ভবোঽস্তি সহজস্তদ্ভাবজা ভ্রান্তামী
নিঃসত্যামপি সত্যতামনুভবভ্রান্ত্যা ভজন্তি ক্ষণম্।

ত্বৎসঙ্কল্পজ এব বিশ্বমহিমা নাস্ত্যস্য জন্মান্যতঃ
তস্মাৎ ত্বং বিভবেন ভাসি ভুবনেষ্বেকোঽপ্যনেকাত্মকঃ ॥
যৎসত্যং যদসত্যমল্পবহুলং নিত্যং হ্যনিত্যঞ্চ যন্-
মায়াভির্মলিনং যদাত্মবিমলং চিদ্-দর্পণে রাজতে।
তৎ সর্ব্বং স্ববিমর্শসংবিদুদয়াদ্ রূপং প্রকাশাত্মকং
জ্ঞাত্বা স্বানুভবাধিরূঢ়মহিমা বিশ্বেশ্বরস্ত্বং স্মর।

অর্থাৎ বস্তুর সমুদ্ভব স্বতঃই হয় না, তোমার কল্পনার সম্প্রসারণ হইতেই তাহাদের উৎপত্তি। তাহারা অসত্য হইয়াও দৃশ্যতঃ অনুভূত হয় বলিয়া ক্ষণেকের জন্য সত্য বলিয়া ভ্রম হয়। বিশ্বের এই মহিমা তোমার সঙ্কল্প হইতেই জাত। উহা ভিন্ন ইহার উৎপত্তির আর কোন স্থান নাই। এইজন্য তুমি এক হইয়াও এই সকল ভুবনে বহুরূপে প্রকাশ পাইতেছ বলিয়া অনেকাত্মক। চিৎ-দর্পণে যাহা প্রতিভাত হয় তাহা সত্যই হউক আর মিথ্যাই হউক, অল্পই হউক আর বহুই হউক, নিত্যই হউক আর অনিত্যই হউক, মায়া দ্বারা মলিনই হউক আর স্বরূপতঃ বিমলই হউক—এ সমস্তই স্বানুভবময় পরমজ্ঞানের উদয়ে প্রকাশাত্মক রূপে জানিয়া তুমি স্মরণ কর, কারণ হে বিশ্বেশ্বর, এই মহনীয় ঐশ্বর্য্য তোমার নিজ অনুভবে আরূঢ় হইয়া আছে।

যোগীরা নিমীলন এবং উন্মীলন—এই দুই প্রকার সমাধির কথা বলেন। প্রথমটিতে অভেদাত্মক অদ্বয় তত্ত্ব প্রকাশমান থাকে। এই যে একত্ব ইহা নির্ব্বিশেষ একত্ব। এরূপও বলা যায় যে এখানে একত্বের জ্ঞানও নাই। একই আছেন, কিন্তু তিনি জানেন না যে তিনি এক, অর্থাৎ এখানে শক্তির ক্রিয়া নাই। অন্যটিতে শক্তির খেলা নিরন্তর চলিতেছে, যাহার ফলে এক, একের মধ্যে বহু, বহুর মধ্যে এক এবং বহু—এই সমস্ত জ্ঞান উদ্ভূত হইতেছে। এই যে সমাধির দুই দিকের কথা বলা হইল প্রকৃত প্রস্তাবে উহারা নিগূঢ় ভাবে একই। উভয়েই সমরূপে নিত্য এবং বাস্তবে একই সত্য প্রকাশ করে। এই অসীম মহাপ্রকাশ অত্যাশ্চর্য্যজনক। ঐ প্রকাশে সমস্ত বিরোধ বিগলিত হইয়া যায় এবং মনে হয় যেন আলো এবং অন্ধকার তাহাদের ভাবগত পার্থক্যও ঐ একত্বে হারাইয়া ফেলিয়াছে।

(২) খেয়াল। মা কথা বলিতে বলিতে 'খেয়াল' শব্দটি প্রায়ই ব্যবহার করিয়া থাকেন। এই শব্দটির প্রকৃত অর্থ নির্ভুল ভাবে এবং সাধারণ পাঠকের বোধগম্য করিয়া নিরূপণ করা কঠিন। ইহা অন্তঃকরণের একটা অপ্রত্যাশিত আকস্মিক স্ফুরণ—ইহার আকার অহেতু-সম্ভূত রূপে প্রতীয়মান বাসনা, ইচ্ছা, একাগ্রতা, স্মৃতি, জ্ঞানাদি যে কোন চিত্তবৃত্তি হইতে পারে। তাহা হইলে দেখা যাইতেছে যে এই খেয়ালের সহিত একটা স্বতঃ-প্রবৃত্ত ভাব জড়িত আছে এবং উদ্দেশ্যহীন অব্যবস্থ চিত্তের খামখেয়ালির সহিত ইহার কতকটা সাদৃশ্য আছে। শব্দটি মূলতঃ পারসীক হইলেও বঙ্গ-ভাষায় সাধারণ ব্যবহারে প্রচলিত। ঐ সূত্রেই মা বোধ হয় শব্দটি প্রাপ্ত হইয়াছেন, কিন্তু ইহাকে তিনি নিজস্ব এক অর্থে ব্যবহার করিয়া নিজ ভাবানুষঙ্গ দ্বারা সমৃদ্ধ করিয়াছেন।

কেন যে এক বহু হয়, কেন যে সত্তা ও শক্তির সামরস্যময় অদ্বয় স্বরূপ নিজকে বিভক্ত করিয়া সৃষ্টির মধ্যে অনন্তরূপে প্রকাশ পান, বিষয়ী কেন যে নিজেই নিজ ক্রিয়ার বিষয় হইয়া দাঁড়ান, যিনি অখণ্ড ও অবিভক্ত তিনি কেন যে নিজকে জ্ঞান-ক্রিয়াদির আশ্রয় এবং বিষয় রূপে বিভক্ত করেন—এই রহস্য উদ্‌ঘাটন করা মনুষ্যের সাধ্যাতীত।

আমরা এইমাত্র বলিতে পারি যে ইহা পরম তত্ত্বের স্বাভাবিক ক্রিয়া নিবন্ধন, যাহাকে মা পরম পুরুষের 'খেয়াল' বলিয়া অভিহিত করেন। বিভিন্ন চিন্তাশীল ব্যক্তিও ইহার ভিন্ন ভিন্ন নাম দিয়া থাকেন—কেহ বলিয়াছেন যে ইহা ভগবানের স্বভাব, কারণ যিনি আপ্তকাম তাঁহার কোন স্পৃহা থাকিতে পারে না ( দেবস্যৈব স্বভাবোঽয়ম্। আপ্তকামস্য কা স্পৃহা ? )। কেহ ইহাকে ক্রীড়া বলিয়াছেন (ক্রীড়ার্থং তো বালকস্যেব ক্রীড়াং তস্য নিশাময়)। কেহ ইহাকে লীলা বলিয়াছেন (লোকবত্তু লীলাকৈবল্যম্)। কেহ আবার ইহাকে ইচ্ছাও বলিয়াছেন, যে ইচ্ছা নিত্য চিৎ-সত্তার শুভ্র পটভূমিতে আনন্দ হইতে উদ্ভূত হইয়া ক্রিয়া রূপে বাহিরে প্রকাশ পায়। ইহাকে দৃষ্টিভেদে পরা বাণীও বলা হয়। বাস্তবিক পক্ষে ইহা হইল হওয়ার ইচ্ছা, যদিও প্রকৃত পক্ষে এই স্থিতিতে ইচ্ছাও নাই, হওয়াও নাই। ভিন্ন ভিন্ন চিন্তা-ধারায় ইহার বিভিন্ন নাম দেওয়া হইয়াছে। ঐ সকল ভিন্ন ভিন্ন নামের যে পৃথক্ পৃথক্ অর্থ তাহার সবই মায়ের খেয়াল শব্দটি দ্বারা দ্যোতিত হয়।

পরম সত্তা, যাহাকে মা 'চরম-পরম' বলেন, এবং উহার অন্তঃস্পন্দের বাহ্যস্ফুর্ত্তি, যাহাকে মা 'খেয়াল' বলেন, এই উভয়ের কথাই আমরা উল্লেখ করিয়াছি। ভগবৎ-শক্তি প্রকৃত পক্ষে অচিন্ত্য। ইহা এক হইয়াও অনন্ত এবং ইহাদের প্রত্যেকেরই যথাযোগ্য ক্রিয়া আছে।

কিন্তু এই সাধারণ সত্যটি আমাদের মনে রাখা উচিত যে প্রত্যেক শক্তিরই বহিঃপ্রকাশের অন্তরালে অন্যান্য শক্তির প্রত্যেকটির সহিতই অভেদ-ভাব আছে। সুতরাং সকল শক্তিই অভিব্যক্ত প্রতি শক্তির মধ্যে অব্যক্তভাবে লীন হইয়া আছে। ইহা সৃষ্টির বিভিন্ন স্তরেও যেমন সত্য, মূলেও সেইরূপ সত্য। তাহা হইলেও আমাদিগকে বুদ্ধির সাহায্যে বিশ্লেষণ করিতে হইলে পরম সত্তার কয়েকটি মাত্র মূল শক্তির মধ্যেই আলোচনাকে নিবদ্ধ রাখিতে হইবে। এই সকল মূল শক্তির ক্রিয়া সম্বন্ধে আমরা নিম্নে কিছু আলোচনা করিতেছি যাহার ফলে ভাগবত চেতনা-শক্তির বাহ্য দিকের ধারণা কতকটা সুগম হইতে পারে।

একদিক্ দিয়া দেখিলে এমনও বলা চলে যে পরমাত্মার মধ্যে যেমন সত্তা এবং চেতনার ভিন্ন ভিন্ন কেন্দ্র আছে, ঠিক ঐরূপ মনুষ্যের মধ্যেও আছে। যতক্ষণ মানব অহঙ্কার দ্বারা বিমূঢ় থাকে ততক্ষণ তাহার ব্যক্তিগত ইচ্ছা হইতে যে সমস্ত কর্ম্ম বা যে সকল ক্রিয়া হয় তাহাদের প্রভাবে কর্মাশয় বা কর্ম-বীজ উদ্ভূত হয় এবং তাহার সুখ-দুঃখাদি রূপ ফল তাহাকেই ভোগ করিতে হয়। সে ভগবৎ-প্রেরণা অনুভব না করিয়া নিজকেই কর্ত্তা বলিয়া মনে করে বলিয়া ঐ কর্ম্মের ফলভোগ তাহাকেই করিতে হয়। কিন্তু সে যদি ঠিক ঠিক বুঝিতে পারে যে তাহার নিজের কিছু করিবার শক্তি নাই, এমন কি যাহা সে নিজের ইচ্ছা বলিয়া মনে করে তাহাও তাহার নিজের নয়, উহা ভগবৎ-ইচ্ছারই বিকৃত প্রতিফলন মাত্র, তখন আর তাহার ক্রিয়মাণ কর্ম্মের নৈতিক দায়িত্ব থাকে না। সমস্ত জীব ও জগতের ব্যাপারের মূলে মানুষ যখন এক মহা-ইচ্ছার খেলা দেখিতে পায় তখন হইতেই তাহার জ্ঞানের উন্মেষ সূচিত হয়। ঐ দিকে আরও গভীর ভাবে লক্ষ্য করিলে সে দেখিতে পায় যে তাহার নিজের বলিয়া কোন ইচ্ছা বা উহার ছায়া পর্য্যন্তও নাই। ঐ অবস্থায় সে

ভগবৎ-চেতনার মধ্যেও কোন ইচ্ছা দেখিতে পায় না। কারণ যাহা তাহার মধ্যে নাই সে তাহা ভগবানের মধ্যে দেখিতে পারে না। বাস্তবিক পক্ষে এখানে এমন একটি চমৎকার-পূর্ণ কেন্দ্রের সন্ধান পাওয়া যায় যাহা ইচ্ছারও অতীত। এই কেন্দ্রে ইচ্ছার উন্মেষ না থাকিলেও এখান হইতেই নিম্নের কেন্দ্রে ইচ্ছার উদয় হয়। ইহাই হইল অন্তরঙ্গা ভাগবতী শক্তির কেন্দ্র যেখান হইতে ইচ্ছা, জ্ঞান ও ক্রিয়া ভিন্ন ভিন্ন ধারায় বহির্গত হয়—ইহাই আনন্দ এবং প্রেমের কেন্দ্র। ইহার পশ্চাতে নিরঞ্জন চিৎ বা স্বচ্ছতম ভাগবত আলোক মহাপ্রকাশ রূপে বিদ্যমান —সেখানে আনন্দ ও আত্মবিলোপনের দ্বারা নিজকে অতিক্রম করিয়া চিৎরূপে বিদ্যমান। ইহাই হইল পূর্ণ স্বরূপ-শক্তি যাহা স্বরূপের সহিত অদ্বয়, অপরিচ্ছিন্ন এবং নিত্য সম্বন্ধযুক্ত। এখানে সমস্ত বিরোধ, সমস্ত দ্বন্দ্ব, তাহাদের বিরোধের বল হারাইয়া একের সহিত একীভূত হইয়া যায়।

ভগবানের ক্রিয়া-শক্তিকে মায়া বলা হয়—যাহা ঈশ্বরাধীন। আমরা যে স্থূল জগতের সহিত পরিচিত উহা মায়া হইতে উদ্ভূত। ইহা ঈশ্বরের অধীন এবং ঈশ্বরই ন্যায়াধীশরূপে ইহার শাসনকর্ত্তা ও জীবের কর্ম্মফল-প্রদাতা। জগতের ধর্ম্মরক্ষার ভার তাঁহারই উপর ন্যস্ত। পাপ-পুণ্যের দণ্ড-পুরস্কার বা ভগবানের ন্যায়ের বিধান অর্থাৎ 'নিয়তি' এই জগতেই ক্রিয়াশীল। ইহাকে লঙ্ঘন করিবার সামর্থ্য কাহারও নাই। মানুষ অজ্ঞান ও অহঙ্কারে আচ্ছন্ন হইয়া কর্ম্মবীজ বপন করে যাহার ফল ঈশ্বর উক্ত বিধান অনুসারে প্রদান করেন। কেহ কেহ এরূপও বলেন যে প্রাকৃতিক নিয়ম অনুসারে কর্ম্মই নিজের ফল নিজে উৎপাদন করে। কিন্তু প্রকৃতির এই নিয়ম বা বিধান চরম বিশ্লেষণে সেই অচিন্ত্য ভগবৎ-ইচ্ছারই অনুজ্ঞা বলিয়া প্রতীত হয়; কারণ প্রকৃতির অধ্যক্ষ ঈশ্বরই ধর্ম্ম বা নীতির স্বরূপ। এই অর্থেই ধর্ম্মকে বুদ্ধের সহিত, গুরু-বাক্যকে গুরুর সহিত ও বাক্ বা শব্দকে পরব্রহ্মের সহিত অভিন্ন বলিয়া বর্ণনা করা হয়।

এই যে ইচ্ছার কথা বলা হইল ইহা সাধারণ ইচ্ছা। ব্যক্তিগত বা বিশিষ্ট ইচ্ছার সঙ্গে ইহার কোন সম্বন্ধ নাই। যিনি অন্তর্দৃষ্টি বলে নিজ ব্যক্তিগত ইচ্ছার পশ্চাতে যাইতে পারেন তিনি ভগবৎ-ইচ্ছার মধ্যেই বিশ্ব-নিয়ন্ত্রণের গুপ্ত বিধান দেখিতে পারেন, যাহা ব্যক্তিগত জীবনকেও নিয়ন্ত্রিত করিতেছে। তিনি স্পষ্টই দেখিতে পান যে সামান্য ইচ্ছার মত বিশেষ ইচ্ছার স্থানও সেই মূলকেন্দ্রে। এই দৃষ্টিভঙ্গি হইতে দেখিলে ধর্ম্ম বা নীতির পরিপূরকরূপে ভগবান্‌কে প্রেমময় এবং মহাকরুণাময়রূপে দেখিতে পাওয়া যায়। এ কথা যদি সত্য হয় যে বিধি-লঙ্ঘনের জন্য দণ্ডের বিধান আছে এবং ধর্ম্ম-সংরক্ষণের দ্বারা অপরাধ মাত্রই গুরুত্ব হিসাবে উপযুক্ত শাস্তির যোগ্য, তবে এ কথাও সত্য যে অপরপক্ষে প্রেমের সহনশীলতা, নিজে ক্ষতিগ্রস্ত হইয়া অন্যের দোষ ক্ষালন, ক্ষমা এবং ত্যাগের দ্বারা সমন্বয়-প্রতিষ্ঠাও অবশ্য স্বীকার্য্য। এই দুইয়ের মধ্যে কোন বিরোধ নাই। নীতিতে সামান্য ইচ্ছা ব্যক্ত হয়, প্রেম বা বিশেষ ইচ্ছার প্রয়োগ ঐ সামান্য ইচ্ছারই অনুপূরক ভাবে হয়। দুইই ইচ্ছার রূপ। ন্যায়ের সমতার সহিত উচ্ছলিত প্রেম ও স্বতঃ উচ্ছ্বাসময় করুণার কোন অসামঞ্জস্য নাই। শ্রীকৃষ্ণ কি গীতায় বলেন নাই যে সর্ব্বভূতের প্রতি তাঁহার সমভাব থাকিলেও যাহারা তাঁহাকে ভক্তির সহিত ভজনা করে তাহাদের প্রতি তাঁহার পক্ষপাতিত্ব আছে?

"সমোঽহং সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ।
যে ভজন্তি তু মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহম্॥"

ইচ্ছা এবং ক্রিয়ার মধ্যে হইল জ্ঞানের স্থান, এই জ্ঞান আন্তর অনুভূতি রূপই হউক বা বুদ্ধিমূলকই হউক ইহার স্বরূপ বিচার বা বিমর্শন। ইহা জ্ঞান-শক্তির কার্য্য। বিচারের পরেই ক্রিয়া হয়। অন্য ভাবে বলিতে গেলে বলিতে হয় যে, বিশেষ ইচ্ছার স্থান হইল অন্তরতম কেন্দ্রে, যেখান হইতে কৃপা এবং প্রেম উচ্ছ্বসিত হইয়া উঠে, আর সামান্য ইচ্ছার কার্য্য হইল ন্যায়-অন্যায় বিচার করা ও বিচারানুসারে কার্য্য সম্পাদন করা। বিশেষ ইচ্ছা জ্ঞানের সাহায্যে বিচার করে এবং ক্রিয়ার সাহায্যে কার্য্য সম্পাদন করে। এইভাবেই জগতের শাসন-কার্য্য চলিয়া আসিতেছে।*

এই বিশেষ ইচ্ছার ঊর্দ্ধে এমন এক কেন্দ্র আছে যেখানে ইচ্ছা বলিয়া কিছু নাই। সেখানে সমস্ত সৃষ্টিই বিলীন। ইচ্ছা হইতে সৃষ্টির আরম্ভ এবং উহার নিবৃত্তিতেই সৃষ্টির শেষ। ইহা ব্যক্তি-বিশেষের বেলায় যেমন, বিশ্বের বেলায়ও তেমনি। ইচ্ছার নিবৃত্তি হইলেই দিব্যানন্দের দ্বার খুলিয়া যায়। এই

---

* সকলেই জানেন যে মধ্যযুগের কোন কোন বৈষ্ণব সম্প্রদায় অদ্বয় তত্ত্বকে বিভিন্ন দৃষ্টিকোণ হইতে বিভিন্নভাবে দেখিবার কথা বলিয়াছেন। দৃষ্টান্ত স্বরূপে বলা যায় যে তাঁহারা একদিকে স্বয়ং-ভগবান্ এবং ভগবানের ও অন্যদিকে ভগবান্ এবং পরমাত্মার মধ্যে পার্থক্য করিতেন। স্বয়ং-ভগবান্ এবং ভগবানের রাজ্যে জীব ও জগতের সৃষ্টিকারিণী তটস্থা ও মায়াশক্তির ক্রিয়া নাই। এখানে শুধু সন্ধিনী, সম্বিৎ এবং হ্লাদিনীরূপা স্বরূপ-শক্তি সৎ চিৎ আনন্দরূপী স্বরূপের সহিত নিত্য-যুক্তভাবে বিরাজ করে। কিন্তু ভগবান্ বলিতে যেমন পরমপুরুষের ঐশ্বর্য্য এবং মহাকরুণার দিক্‌টা বুঝায়, স্বয়ং ভগবানে উহার সহিত আবার মাধুর্য্যময় সৌন্দর্য্য এবং প্রেম ও যুক্ত আছে। এই কারণেই স্বয়ং ভগবানের ধাম গোলোককে ভগবদ্ ধাম বৈকুণ্ঠ হইতে বিশিষ্ট বলা হইয়া থাকে। উভয়ই ভগবদ্-ধাম। ধাম হিসাবে বৈকুণ্ঠ সর্ব্বশ্রেষ্ঠ, কিন্তু গোলোক বৈকুণ্ঠ হইতেও শ্রেষ্ঠতর, কারণ ইহা অতি গুহ্যতম প্রদেশ, যাহার অবস্থান ঊর্দ্ধতম ও অন্তরতম প্রদেশে। ইহা সর্ব্বদোষবিমুক্ত পৃথিবীর সহিত তুলনীয়। সেইরূপ বৈকুণ্ঠের অধিপতি হইলেন ষড়ৈশ্বর্য্যপূর্ণ প্রকৃত পরমেশ্বর,—তিনি সম্পূর্ণরূপে ঐশ্বর্য্যময়। আর গোলোকের অধিপতি হইলেন মানবরূপধারী, যিনি তাঁহার মানবতার মধ্যে নিজের পরম ঐশ্বর্য্য সম্বরণ করিয়া আছেন। আবার গোলোকের মধ্যেও গুহ্যতম কেন্দ্র হইল বৃন্দাবন, যেখানে মানবীয়ভাব এবং প্রেম লীলায়িত। গোলোকের অধিপতি হইলেন দিব্য মানব শ্রীকৃষ্ণ আর বৃন্দাবনের যিনি দুলাল তিনি হইলেন শ্রেষ্ঠ মানব শ্রীকৃষ্ণ।

সেইরূপ ভগবান্ এবং পরমাত্মার মধ্যেও পার্থক্য আছে। মায়া এবং তটস্থ শক্তির সহিত ভগবানের সাক্ষাৎ সম্বন্ধ নাই; কিন্তু পরমাত্মা উভয়েরই নিয়ামক, যাহার ফলে জীব ও জগৎ প্রকাশিত এবং ক্রিয়াশীল। এখানেও গৌণভাবে স্বরূপশক্তি বিদ্যমান, কেননা উহা ভিন্ন জীব বা চিদণু সকলের প্রকাশ হইতে পারে না এবং পরমাত্মার ঈক্ষণ যাহা দ্বারা মায়ার সাম্যভাব বিক্ষুব্ধ হয় তাহাও হইতে পারে না। সৃষ্টির পরবর্ত্তী ইতিহাস—পৃথিবী এবং মনুষ্য পর্য্যন্ত সৃষ্টির ইতিহাস—পরমাত্মার চতুর্ব্যূহের অন্তর্গত। ইহাদের উপরেই ধর্ম্ম-প্রবর্ত্তন ও পরিচালন এবং বিশ্ব পরিচালনের যাবতীয় ভার ন্যস্ত। গৌণ কৃপা যাহা হইতে কৈবল্য প্রাপ্তি ঘটে এবং মুখ্য কৃপা যাহা হইতে নারায়ণের বৈকুণ্ঠ এবং শ্রীকৃষ্ণের গোলোক বা বৃন্দাবন-প্রাপ্তি ঘটে তাহা ঐ সকল ব্যূহের ঊর্দ্ধে অবস্থিত স্ব স্ব কেন্দ্র হইতে সঞ্চারিত হয়। এ সমস্ত লীলাই শক্তির ক্রিয়া। নিষ্ক্রিয় ব্রহ্ম এই অভিন্ন ভাগবতী লীলার ও পরমাত্মার সৃষ্ট্যাদি অনন্ত প্রপঞ্চক্রিয়ার সাক্ষিস্বরূপে অসঙ্গভাবে নিত্য বর্ত্তমান। প্রকৃতপক্ষে তাঁহাকে সাক্ষীও বলা যায় না, যদিও তিনি স্বয়ংপ্রকাশ।

দিব্য চেতনার মধ্যেই স্বরূপের সহিত আত্মার মিলন সংঘটিত হয়। দ্বৈতভূমির দৃষ্টিকোণ হইতে সন্তগণ যাহাকে 'আত্মিক উদ্বাহ' বলেন উহা শক্তি ও শক্তিমান্ বা আত্মা ও পরমাত্মার সংযোগের প্রতিচ্ছায়া মাত্র—ঐ স্থিতিতে আর বহির্মুখী প্রেরণা নাই। ইহা আত্মতৃপ্ত অবস্থা। এই আনন্দের পশ্চাতেই অনন্ত, স্বপ্রকাশ, অদ্বয় ও আত্মারাম চিৎ-প্রকাশের অনন্ত প্রসার। এই দুই-ই ( আনন্দ ও চিৎ ) স্বরূপ-শক্তির রূপ যাহা স্বরূপের সহিত অবিভাজ্যরূপে নিত্যমিলিত। অকুল পরমেশ্বর নিঃস্পন্দ, কিন্তু তাঁহার স্পন্দময়ী কুলশক্তি নিরন্তর ক্রিয়ারূপে উচ্ছলিত। ইহাও সত্য যে তুরীয়াতীত অবস্থায় উভয়ই এক এবং অভিন্ন।

মা যাহাকে খেয়াল বলেন তাহা ঐ মহা-ইচ্ছারই কোন বিশিষ্ট দিগভিমুখী স্বতঃস্ফূর্ত্ত পরিণতির রূপ। ইহা স্বাতন্ত্র্যময়ী এবং সাধারণতঃ পূর্বকল্পিত জাগতিক বিধানের সহিত অসংস্পৃষ্ট বলিয়া বিশেষ ইচ্ছারই অন্তর্গত। এখানে কোন বিধি-নিষেধ নাই এবং ইহার স্বচ্ছন্দ গতিতে বাধা দিবার মত কোন প্রতিবন্ধকও নাই। ইহাকে পূর্ব্ব-নির্দ্দেশাত্মক নিয়তির অভিব্যক্তিও মনে করা যায় না ; কারণ এখানে অতীত অনাগত বর্ত্তমান রূপে ত্রিধা-বিভক্ত কালের স্থিতি নাই। এখানে আছে শুধু নিত্য বর্ত্তমান। এখানে বাহ্য কিছুই টিকে না—কর্ম্ম, সুকৃতি, দুষ্কৃতি, অথবা ঐ জাতীয় কিছুর অর্থই এখানে নাই। ইহা জ্ঞানমূলক কি ক্রিয়ামূলক তাহাও স্পষ্ট ভাবে বলা কঠিন। আপাত দৃষ্টিতে উদ্দেশ্যশূন্য লীলা-খেলার চির নবীনতা ইহাতে দৃষ্ট হয় এবং ইহা অচিন্তনীয় সম্ভাব্যতা পূর্ণ।

(৩) 'যা হয়ে যায়'। এই বাক্যটি দ্বারা সাধারণতঃ ভগবৎবিধানকে সর্ব্বদা সর্ব্বপ্রকার মানিয়া চলার ভাব বুঝায়। সর্ব্ব-নিয়ামক ভগবৎ-ইচ্ছার নিকট আত্মসমর্পণের ভাব ও ইহাতে আছে। ভবিষ্যতের গর্ভে কি নিহিত আছে মানুষ তাহা জানে না। সাধারণতঃ সে ইচ্ছা অনিচ্ছার বশবর্ত্তী হইয়া চলে। সে চায় যে ভবিষ্যতে যাহা হইবার তাহা যেন তাহার বাসনানুরূপই হয়। কিন্তু যখন সে এই ইচ্ছা-অনিচ্ছার দ্বন্দ্ব হইতে মুক্ত হইয়া নিঃশব্দে এবং সানন্দে যে কোন অবস্থার সম্মুখীন হইতে প্রস্তুত হয় তখনই তাহার নির্ভরভাবের সূচনা হয়। সর্ব্বাবস্থায় মনের এই নির্ব্বিকার ভাব মানুষকে প্রকৃত স্বচ্ছন্দতা দান করে। কারণ ইহা বহিঃশক্তিগুলিকে মনের এই সমতা বিক্ষুব্ধ করিতে দেয় না। কেবল তাহাই নহে, ইহা মানুষকে এতখানি সবল করে যে সে দুঃখকেও আনন্দরূপে স্বাগত করিতে পারে। মানুষের জীবনে এবং বিশ্বে যাহা কিছু ঘটে তাহা ভগবৎ-ইচ্ছায়ই ঘটিয়া থাকে এবং ঘটনা যে ভাবেই প্রভাবান্বিত হউক না কেন যে হেতু এই ইচ্ছাকে ন্যায়ানুগত এবং মঙ্গলজনক বলিয়া বিশ্বাস করা হয় সেইজন্য লোকে নিজ নিজ জীবনে এবং বিশ্বে যাহা কিছু ঘটে তাহা সানন্দে গ্রহণ করিতে পারে।

'যা হয়ে যায়' কথাটি ভগবৎ-বিধানের নিকট নিষ্ক্রিয় ভাবে এবং সজ্ঞানে নতি-স্বীকার ও বুঝায়। তবে ইহা মায়ের শ্রীমুখ-নিঃসৃত বলিয়া ইহাকে দায়ে পড়িয়া ভবিতব্যের নিকট আত্মসমর্পণ বলা যায় না।

(৭)

মা বলেন যে সমস্ত সম্প্রদায়ের এবং সমস্ত আচার্য্যের উপদেশই আপন আপন দৃষ্টিকোণানুসারে সত্য, তবে উহা খাঁটি এবং ঠিক স্থান হইতে নির্গত হওয়া চাই। যাহাদিগকে এই উপদেশ প্রদত্ত হয় তাহাদের পক্ষে ইহা অবশ্য পালনীয়। উপদেশ গুলি পরস্পর বিরোধী হইলেও পথ হিসাবে, অর্থাৎ যাহাদের উদ্দেশে উহা প্রদত্ত হইয়াছে তাহাদের নিজ নিজ নির্দ্দিষ্ট

লক্ষ্যে পৌঁছাইবার উপায় রূপে যে ইহাদের বিশেষ মূল্য আছে তাহার হ্রাস হয় না। যদি উপদিষ্ট মার্গটি পূর্ব্বাপর সামঞ্জস্য ও সঙ্গতি পূর্ণ থাকে ও উহার মধ্যে যাত্রার শেষ পর্য্যন্ত কোন অবরোধ না থাকে তাহা হইলে উহা দ্বারা কেহ লক্ষ্য ভ্রষ্ট হইবে না। তবে হয়ত উহা যাত্রীকে পূর্ণ সত্যে না পৌঁছাইয়া কোন খণ্ড সত্যে পৌঁছাইয়া দিবে। কিন্তু যাত্রীর যদি পূর্ণ সত্য-প্রাপ্তির স্পৃহা আন্তরিক হয় তবে পরম সত্যই চলার পথে তাহার নিকট যে কোন মুহূর্ত্তে আত্মপ্রকাশ করিবে। তখন হয় ঐ খণ্ড সত্যই পূর্ণ সত্যের সহিত যোগযুক্ত হইয়া উহার অঙ্গরূপে উহাকে পাওয়ার সহায়ক হইবে, অথবা উহা রূপান্তরিত হইয়া পূর্ণ সত্যের আত্ম-প্রকাশের একটি আধার বা নিমিত্ত রূপে পরিগণিত হইবে।

চরম সত্য এক এবং উহা প্রাপ্তির পথ ও এক। বৈরাগ্যবান্ অকৃত্রিম সাধকের নিরাশ হইবার কোন কারণ নাই। তাই প্রথমে চাই পবিত্রতা, ভক্তি এবং ত্যাগের ভাবে অনুপ্রাণিত জীবন। তারপর আবশ্যক অটুট ধৈর্য্য, সুদৃঢ় সঙ্কল্প, বিরামহীন চেষ্টা, ভগবৎ কৃপায় অটল বিশ্বাস এবং ভগবৎ ইচ্ছার নিকট সর্ব্বতোভাবে আত্মসমর্পণ।

মায়ের নিজের কোন পথ নাই, কোন বিশেষ শিক্ষা বা মতবাদ নাই। তিনি জানেন যে ভগবান্ লাভের পথ মূলতঃ এক হইলেও ব্যক্তিগত রুচি এবং আধার অনুসারে উহা বিভিন্ন আকার ধারণ করে। দেহ ও মনের ক্রমিক বিশুদ্ধি, জ্ঞান লাভ এবং জীবাত্মার রূপান্তর সাধন ( যাহার ফলে জীব পরিণামে ভগবৎ-সত্তার সহিত নিজের লুপ্ত একত্ব ফিরিয়া পাইতে পারে ) —ইহাই হইল আধ্যাত্মিক জীবনের উন্নতি লাভের প্রকৃত পরীক্ষা। প্রত্যাদেশ, দিব্য দর্শন, দিব্য শ্রুতি ও অলৌকিক শক্তি প্রদর্শন প্রভৃতি তথা-কথিত ভগবদনুগ্রহমুলক আত্মিক শক্তি লাভের বিরুদ্ধে বলিতে গিয়া মা কখন কখন মুখর হইয়া উঠেন। ইহার অর্থ ইহা নয় যে ঐগুলি সর্ব্বাবস্থায়ই হেয় বা বিরুদ্ধ শক্তি দ্বারা অনুপ্রাণিত। এখানে লক্ষ্য করিবার বিষয় এই যে এই গুলির প্রতি আকর্ষণ-বোধ থাকিলে সাধারণতঃ আমাদিগের পক্ষে প্রকৃষ্ট লক্ষ্য হইতে ভ্রষ্ট হইবার আশঙ্কা জন্মে। এ পথে চলিতে হইলে সেই মহান্ লক্ষ্যের প্রতি অনন্যমনা এবং একাগ্রদৃষ্টি-সম্পন্ন হওয়া আবশ্যক। কাহারও ব্যক্তিগত অনুভূতির উপর মা পরোক্ষ ভাবে কোন মন্তব্য প্রকাশ করেন না। শ্রীঅরবিন্দ যাহাকে "মিথ্যা চটকের অধিত্যকা" বলিয়াছেন মা আমাদিগকে শুধু উহা হইতে সাবধান থাকিতে বলেন। সাধারণতঃ এই সকল অনুভূতি বিকৃত কল্পনা অথবা বাহ্যশক্তির ক্রিয়া হইতে আসিয়া থাকে—এই সকল শক্তি প্রায়ই প্রতিকূল, অন্ততঃ অনুকুল নহে। এই পথে যে আত্ম-প্রতারণার সম্ভাবনা খুব অধিক মা তাহা দেখাইয়া থাকেন। এই জাতীয় শক্তিলাভ কদাচিৎ খাঁটি, বরণীয় এবং ঐ পথের সহায়ক হয়। যে ক্ষেত্রে হয় সেখানে ঐগুলিকে থাকিতে দিলে কোন ক্ষতি হয় না। কিন্তু সে স্থলেও যে পর্য্যন্ত সাধক নিজকে বাহ্য প্রভাব হইতে সুরক্ষিত মনে না করেন ততক্ষণ উহাদের সহিত সক্রিয়ভাবে সহযোগিতা করা উচিত নহে। ইহা মনে রাখা খুবই দরকার যে সঙ্কল্পের দৃঢ়তা, আত্মবোধ এবং সদসৎ-বিচার-শক্তিকে যেন খর্ব্ব করা না হয়।

পূর্ব্বে যাহা বলা হইয়াছে তাহা হইতে মা যে সকলের প্রতি সহনশীল তাহার অর্থ বুঝা যায়। তিনি প্রত্যেক বিষয়ের এবং প্রত্যেক ঘটনার উজ্জ্বল

দিক্‌টা দেখিয়া থাকেন এবং সকলকেই তাহাদের সাধ্যানুসারে ঐরূপ করিতে বলেন। প্রত্যেক জিনিষেরই সার্থকতা এবং গুরুত্ব আছে। সকলেরই দৃষ্টিভঙ্গি পৃথক্ পৃথক্। একজন তাহার দৃষ্টিকোণ হইতে যাহা বলে তাহা যেমন সত্য, অপরে আবার তাহার নিজ দৃষ্টিকোণ হইতে যাহা বলে তাহাও তেমনি সত্য হইতে পারে। অপরের সহিত কথা বলিতে মা তাহাদের দৃষ্টিকোণ হইতেই বলিয়া থাকেন যেন তাহারা তাঁহার কথা ভালভাবে বুঝিতে পারে। ইহা হইতে বুঝা যায় যে মায়ের নিকট কেহই অপরিচিত নহে। মায়ের বিশ্বব্যাপী সমবেদনা ও করুণার ইহাই রহস্য। বিভিন্ন লোকের রুচি এবং জ্ঞান-সংস্কারের পৃষ্ঠভূমি বিভিন্ন বলিয়া তাহাদিগকে বিভিন্ন পথে চালনা করা আবশ্যক, ইহা মার নিজের ব্যবহার হইতে স্পষ্টই প্রতীত হয়।

একজন জগৎগুরু বলিয়াছেন, "আমার পিতার অর্থাৎ বিশ্বপিতার ভবনে অনেক প্রাসাদ আছে।" মাও বলেন যে সত্যই অনন্ত প্রাসাদ আছে এবং প্রতি প্রাসাদে যাইবার পথ ও অনন্ত; কিন্তু তাহা সত্ত্বে ও মা জোর দিয়া বলেন যে আমরা যেন ভূলিয়া না যাই যে ভবন কিন্তু একটিই। সমস্ত জীবই ঐ একই ভবনে বাস করে এবং সকলেই একই পরিবারের অন্তর্ভুক্ত। তাহারা সকলেই এক হইতে উদ্ভূত, একেরই অংশ এবং বাস্তবিক পক্ষে একই। পার্থক্য যাহা কিছু দেখা যায় তাহা বাহ্য এবং মায়িক; কিন্তু ইহাও তত্বতঃ সেই একেরই খেলা। আমরা যখন নিজেকে ফিরিয়া পাইব তখন আমরা ইহার যথার্থতা বোধ করিতে বাধ্য হইব। যদিও মা এক স্থান হইতে স্থানান্তরে ঘুরিয়া বেড়াইতেছেন তথাপি তিনি সর্ব্বদাই জানেন যে তিনি এক স্থানেই আছেন—গতি এবং স্থিতি, নানা এবং এক তাঁহার চেতনায় সহচারিরূপে যুগপৎ বর্ত্তমান। ঐগুলি একই পরম তত্ত্বের বিভিন্ন দিক্। প্রকৃতপক্ষে দিক্‌ই বা কোথায়? পরমতত্ব দিগ্বিভাগশূন্য, গণ্ডী-বন্ধনহীন, এক ও অভিন্ন।

এই কারণেই বিভিন্ন ধর্ম্মাবলম্বী এবং বিভিন্ন বিশ্বাসের লোক, প্রত্যেকেই নিজ নিজ সুপরিজ্ঞাত ব্যক্তিগত কারণে মাকে তাঁহাদের একজন শ্রেষ্ঠ পৃষ্ঠপোষক বলিয়া মনে করেন। কর্ম্ম, জ্ঞান, যোগ এবং ভক্তির, এক কথায় আধ্যাত্মিকজীবনের সমস্ত ধারারই, শ্রেষ্ঠ সমর্থক মা। ঐ গুলির প্রত্যেকটির সার্থকতা, উহাদের পরস্পরের সম্বন্ধ এবং উহাদের মধ্যে সবগুলিই যে যুগপৎ ক্রিয়াশীল তাহা মা বেশ জানেন। আধ্যাত্মিক ক্রমোন্নতির বিভিন্ন স্তরগুলি মায়ের সুপরিজ্ঞাত, তথাপি মা অধিকারী বুঝিয়া বেশ জোরের সহিত বলিয়া থাকেন যে ভগবানের সর্ব্বব্যাপক পূর্ণ প্রকাশ অকস্মাৎ একটি মহাক্ষণে হইয়া থাকে। ইহা কালের ব্যাপার নহে এবং ক্রমধর্ম্ম-বিশিষ্ট কালের রাজ্যে ঘটে না। নৈতিক এবং আধ্যাত্মিক ব্যাপারগুলি যে কার্য্যকারণ-সম্বন্ধযুক্ত তাহা মা প্রাকৃতিক ঘটনার সহিত উপমা দিয়া বুঝাইয়া থাকেন আবার ভগবৎ-স্বাতন্ত্র্যের মহিমা যে বিধি-নিষেধের উর্দ্ধে তাহাও তিনি জোরের সহিত ঘোষণা করেন। গুরুর প্রয়োজনীয়তার উপর মা জোর দিয়া থাকেন, আবার গুরু যে অপরিহার্য্য নয় এ কথাও তিনি স্বীকার করেন। মা তাঁহার অনুপম ভঙ্গীতে এই বলিয়া সমস্ত বিরোধের সমাধান করিয়া থাকেন যে সমস্ত ভেদ ও বৈচিত্র্যের অন্তরালে এক সত্যই স্ব-গৌরবে প্রকাশমান থাকিয়া পৃথক্ পৃথক্ প্রত্যেক স্থিতিরই বলাধান করিতেছেন।

এই ভূমিকার স্বল্প পরিসরের মধ্যে মায়ের উপদেশ বিস্তৃতভাবে আলোচনা করিবার অবকাশ নাই,

কারণ ইতিমধ্যেই ইহা ইহার নির্দ্দিষ্ট সীমা অতিক্রম করিয়াছে। *

মায়ের সকল উক্তিই গভীর অর্থপূর্ণ। অসতর্ক পাঠকের নিকট উহাদের কোন কোনটি হয়ত কতকটা অস্পষ্ট। কিন্তু ইহা হইতে এরূপ ধারণা করা সঙ্গত হইবে না যে মা সহজ ভাষায় কথা বলিতে পারেন না। লোকেরা বিপদ্-গ্রস্ত কিংবা কিং-কর্ত্তব্য-বিমূঢ় হইয়া মায়ের উপদেশ এবং আশীর্ব্বাদ ভিক্ষা করিলে মা তাহাদিগকে সরল, স্পষ্ট, দ্ব্যর্থহীন এবং জ্ঞান-প্রেমোজ্জ্বল ভাষাতেই উপদেশ দিয়া থাকেন।

যাহা পুর্ব্বে বলা হইয়াছে উহা হইতে মায়ের জীবন এবং উপদেশের সারাংশ সম্বন্ধে কিঞ্চিৎ আভাস পাওয়া যাইতে পারে। কিন্তু আমাদের স্বল্প জ্ঞান লইয়া মায়ের স্বরূপ নির্ণয় করিতে যাওয়া ব্যর্থ চেষ্টা মাত্র। অনুমান এবং কল্পনার ঊর্দ্ধে উঠিয়া সত্যের হৃদয় আমাদিগকে দৃঢ় ভাবে ধারণ করিতে হইবে। আমাদের কর্ত্তব্য হইবে মাকে মায়ের মতই ভালবাসা —গভীর এবং আন্তরিক ভাবে এবং ঐ ভাবে ভাল বাসিতে বাসিতেই মায়ের প্রকৃত স্বরূপের সহিত আমাদিগকে ক্রমশঃ গাঢ় ভাবে মিলিভ করিতে চেষ্টা করা। ইহা আমি বহু বর্ষ পূর্ব্বেই অনুভব করিয়াছিলাম এবং এখনও করিতেছি। আমার দৃঢ় বিশ্বাস যে ঐরূপ করিলেই মা আমাদের আধার এবং যোগ্যতা অনুসারে আমাদিগের নিকট তাঁহার স্বরূপ পূর্ণতর ভাবে ক্রমশঃ প্রকাশ করিবেন। তখন মা যে কি তাহা অপরোক্ষ ভাবে জানিবার সৌভাগ্য আমাদের লাভ হইবে। ঐ জানা তখন বুদ্ধির সাহায্যে জানার মত হইবে না ; কারণ বুদ্ধি আবরণের ভিতর দিয়া দেখে বলিয়া যাহা দেখে তাহাকেও বিকৃত করিয়া ফেলে। মাকে ঐ ভাবে জানিতে পারিলে আমরা নিজকেও জানিতে পারিব। জগতে যে এত বিশৃঙ্খলা এবং বিরোধ দেখা যায় যাহার ফলে তিক্ততা এবং সংঘর্ষ অনিবার্য্য হইয়া পড়ে, উহার কারণই হইল আমাদের সহানুভূতি এবং একত্ব-জ্ঞানের অভাব। আত্ম-জ্ঞানের অভাবই হইল মূল কারণ। বিশ্বে একই মাত্র আত্মা বিরাজ করিতেছেন, যাহা চির জ্ঞানময় ও প্রেমময়। উহাকে যথার্থ ভাবে জানিতে পারিলেই আমরা উহার সহিত অবিভক্ত-ভাবে যুক্ত হইয়া উহার অংশ হইব। তখন বিদ্বেষ এবং বিরোধের বাষ্প-জাল সবিতার কিরণের সম্মুখে কুজ্ঝটিকার মত দূরীভূত হইতে বাধ্য হইবে। একত্ব-বোধ এবং প্রেম দ্বারা জীবের চিন্তা এবং কার্য্য যখন নিয়ন্ত্রিত হইবে তখনই বিশ্বে নব-জীবনের সূত্রপাত হইবে। মার আশীর্ব্বাদে সেই গৌরবময় দিন আসন্ন হউক এবং মা মানব-জাতির উপর কৃপা বর্ষণ করুন —ইহাই আমাদের প্রার্থনা।

* পাঠকদিগের মধ্যে যাঁহারা মায়ের উপদেশ সম্বন্ধে স্পষ্ট ধারণা লাভ করিতে অভীপ্সু, তাঁহারা কাশী, ভাদাইনী আনন্দময়ী আশ্রম হইতে প্রকাশিত "আনন্দবার্ত্তায়" ধারাবাহিক-ভাবে লিপিবদ্ধ 'মাতৃবাণী' এবং 'অমরবাণী' দেখিতে পারেন। প্রথমটিতে মায়ের উপদেশ তাঁহার চিঠি হইতে সঙ্কলিত করা হইয়াছে। ঐগুলি সান্ত্বনাপ্রার্থী ভক্তদিগকে মা লিখিয়াছিলেন। দ্বিতীয়টিতে সাধকের আধ্যাত্মিক জীবনের নানাবিধ দার্শনিক সমস্যার সমাধান আছে। ঐ সকল সমস্যা প্রশ্নাকারে মাকে জিজ্ঞাসা করা হইয়াছিল।

**বিশেষ দ্রষ্টব্য**—অশুদ্ধি শোধন : পৃ ১৮, পং ৪— 'সঞ্চালিত' স্থানে 'সম্ভাবিত' হইবে।

# সিদ্ধ পুরুষ

মহামহোপাধ্যায় শ্রীগোপীনাথ কবিরাজ, এম-এ, ডি-লিট্

( ১ )

আমাদের দেশে সকলেই বাল্যকাল হইতে সিদ্ধ পুরুষের কথা শুনিয়া আসিয়াছে। সিদ্ধ পুরুষ কাহাকে বলে তাহা না জানিলেও তাহাদের সাধারণ ধারণা এই যে, মানুষ নিজের জীবনে এমন একটি অলৌকিক অবস্থা লাভ করিতে পারে যখন সে আর সাধারণ মানুষ থাকে না—তাহার অলৌকিক শক্তি লাভ হয় এবং সে মনুষ্য-জীবনের একটি মহান্ আদর্শ প্রাপ্ত হইয়া জীবনের পথে অনেকটা পূর্ণত্ব লাভ করিয়া থাকে। যে কোন সাধনায় সফল হইলেই সাধককে সিদ্ধ বলা যাইতে পারে ইহা সত্য, কিন্তু সিদ্ধ পুরুষ বলিতে সাধারণতঃ লোকে ঐ সকল পুরুষকে লক্ষ্য করে না। প্রাচীন কালে চুরাশী জন সিদ্ধ পুরুষের কথা সাহিত্যে শুনিতে পাওয়া যায়। কিন্তু বাস্তবিক পক্ষে সিদ্ধ পুরুষের সংখ্যা অনন্ত।

আমরা বর্ত্তমান প্রবন্ধে সিদ্ধ পুরুষ সম্বন্ধে ঐতিহাসিক আলোচনা করিতে ইচ্ছা করি না। সিদ্ধাবস্থা লাভের উপায় সকল ধর্ম্মেই আছে। সুতরাং হিন্দু ধর্ম্মের ন্যায় খৃষ্টীয়, সুফী, বৌদ্ধ ও জৈন সম্প্রদায়েও সিদ্ধ পুরুষ আছেন। কি প্রকারে মনুষ্য প্রকৃত সিদ্ধ পদবীতে আরূঢ় হইতে পারে সেই সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা করিব।

( ২ )

সমগ্র সৃষ্টি অথবা বিশ্বের মূলে এমন একটি মহাশক্তিধর সত্তা আছেন যাঁহাকে অদ্বৈত ও অখণ্ড না বলিয়া পারা যায় না। এই সত্তাটি চৈতন্য-স্বরূপ এবং আনন্দ-স্বরূপ—ইহাতে অনন্ত প্রকার অনন্ত শক্তি অভিন্ন ভাবে নিহিত রহিয়াছে। ইনি এক ও অদ্বিতীয়, অনাদি ও অনন্ত, এবং অক্ষত ও নির্ব্বিকার—ইনি পূর্ণ সত্যস্বরূপ। দেশ কাল ও নিমিত্ত ইহাকে স্পর্শ করিতে পারে না। কার্য্য-কারণ-ভাবের নিয়ম ও শৃঙ্খলা দ্বারা ইনি নিয়ন্ত্রিত হন না। মনুষ্য জাগ্রৎ স্বপ্ন ও সুষুপ্তি এই তিনটি অবস্থার সহিত পরিচিত, কিন্তু পূর্ণ সত্য অর্থাৎ ভগবৎ-স্বরূপ এই ত্রিবিধ অবস্থায় পাত্রে পারদবৎ থাকিয়াও ঊর্দ্ধে নিত্যই অতি-চেতন অবস্থায় বিদ্যমান থাকেন। এই অতিচেতন অবস্থা চৈতন্যেরই অবস্থা। ইহাকে তুরীয় অবস্থা বলা যাইতে পারে—ইহা অপ্রতিহত এবং নিরবচ্ছিন্ন সাক্ষাৎকারাত্মক প্রকাশের অবস্থা। কিন্তু ইহার পরে এমন একটি গভীর অবস্থা আছে যেখানে বোধেরও উন্মেষ নাই এবং যেখানে বোধ-সহকারে প্রবেশ করাও যায় না। বস্তুতঃ ইহা কোন অবস্থাই নহে, একটি স্থিতি মাত্র। অতিচেতন অবস্থারও অতীত বলিয়া ইহাকে এক হিসাবে অচেতন অবস্থা বলিলেও অত্যুক্তি হয় না। কিন্তু ইহা অচেতন অবস্থা নহে, বরং চৈতন্যের ঘনীভূত অবস্থা। ইহা প্রকাশের ঘনীভূত অপ্রকাশ। ইহা আপাতদৃষ্টিতে জড় বলিয়া প্রতীত হইলেও বস্তুতঃ ইহা জড় ও চেতন এই দ্বন্দ্বভাবের অতীত। ইহাই ভগবানের স্বরূপ। তাঁহার অনন্ত শক্তি থাকিলেও

এই স্থিতি হইতে ঐ সকল শক্তির প্রয়োগ সূক্ষ্ম বা স্থূল কোন স্তরেই হয় না। যিনি পূর্ণ সত্য, যিনি সত্যের অপার ও অতল প্রকাশ, তিনি নিজে তৎস্বরূপ হইয়াও তাহা যেন জানেন না। এই স্থিতি কিয়দংশে আমাদের পরিচিত গভীর সুষুপ্তির অনুরূপ।

( ৩ )

কিন্তু এই স্থিতি হইতে জগতের সৃষ্টি হয় না। যাঁহাকে আমরা জগতের সৃষ্টি স্থিতি ও সংহারকর্ত্তা বলিয়া বর্ণনা করি তিনি এই পূর্ণ সত্য হইতে অভিন্ন হইলেও চেতন পুরুষ। তিনি নিরন্তর সৃষ্টি ব্যাপারে ব্যাপৃত থাকেন এবং সে বোধও তাঁহার আছে। কিন্তু তিনিই যে অখণ্ড অনন্ত পরম তত্ত্ব তাহা সৃষ্টি-কর্ত্তা রূপে তিনি যেন জানেন না এবং তাহা জানিবার প্রয়োজনও যেন হয় না। মনুষ্য সিদ্ধাবস্থাতে যে পূর্ণত্ব লাভ করে তাহার সঙ্গেও তাঁহার যেন কোন সম্বন্ধ নাই। তাঁহার একমাত্র সম্বন্ধ সৃষ্টি প্রভৃতি ব্যাপারের সহিত। এই সৃষ্টিকর্ত্তা ঈশ্বর দেশ ও কালের অতীত নহেন এবং কার্য্য-কারণ-ভাবের সহিত সুপরিচিত। তাঁহার বোধ-কেন্দ্র হইতেই অনন্ত বিশ্বের নির্গম হইয়া থাকে। যতদিন তিনি ক্রিয়াশীল থাকেন সেই সময়-পরিমাণকে এক হিসাবে কল্প বা মহাকল্প নাম দেওয়া যাইতে পারে। সমস্ত বিশ্বই তাঁহার কর্ম্মের ক্ষেত্র।

যাহাকে আমরা জীব বলিয়া বর্ণনা করি তাহাকেও পূর্ণ সত্য হইতে পৃথক্ বলা চলে না। ঈশ্বরও পূর্ণ হইতে ভিন্ন নহেন এবং জীবও ভিন্ন নহে, কিন্তু ঈশ্বর চেতন এবং জীব আংশিক ভাবে চেতন ও আংশিক ভাবে অচেতন। জীব তাহার ক্ষুদ্র অহংটিকে জানে, কিন্তু সে নিজেই যে বাস্তবিক পক্ষে আত্মা—যাহা অনন্ত এবং অখণ্ড—তাহা সে জানে না। দেশ ও কাল এবং কার্য্য-কারণ-ভাবের নিয়ম জীবকে বদ্ধ করিয়া রাখিয়াছে। জীবও পূর্ব্ববর্ণিত কল্প বা মহাকল্প পর্য্যন্ত অবস্থান করে, তাহার পর সে নিজকে পূর্ণের সহিত অভিন্ন বলিয়া উপলব্ধি করিতে পারিলে দেশ-কালের গণ্ডী অতিক্রম করিয়া পূর্ণরূপে স্থিতি লাভ করে। আত্ম-স্বরূপের সহিত মন প্রাণ প্রভৃতি উপাধির যোগ হইলে জীবরূপে আত্মার আবির্ভাব হয়। ভগবৎ-সাক্ষাৎকার করিতে হইলে উপাধি-মূলক এই জীবভাবটি ত্যাগ করিতে হইবে। শুধু মৃত্যুর ফলে এই অবস্থার প্রাপ্তি ঘটিতে পারে না। কারণ জাগতিক বাসনা থাকা পর্য্যন্ত মৃত্যুর পরেও জীব-ভাব কাটে না এবং পূর্ণভাবে বাসনা কাটিয়া গেলে দেহ থাকিতেও মুক্তির আস্বাদন পাওয়া যায়। এই সকল বাসনা বা সংস্কারকে জ্ঞান পূর্ব্বক রোধ করিতে হইবে। মনুষ্যের চিত্ত এই সকল সংস্কারের দ্বারা সর্ব্বদাই অনুবিদ্ধ থাকে বলিয়া চৈতন্য নিজেকে নিজে উপলব্ধি করিতে পারে না। জ্ঞানপূর্ব্বক এই সকল সংস্কারকে মুছিয়া ফেলিতে পারিলে প্রকৃত সত্য-দর্শন প্রাপ্ত হওয়া সম্ভবপর। জীব-ভাব-বর্জ্জিত আত্মা বস্তুতঃ শুদ্ধ আত্মা ভিন্ন অপর কিছু নহে। সুতরাং জীবনের ধারা থাকিতে থাকিতেই জীব-ভাবের অতীত হওয়া আবশ্যক। জীবনের প্রকৃত উদ্দেশ্যই এই যে বোধাতীত পরম তত্ত্বকে বোধে ধারণ করিয়া সংসারের এবং দেহের যাবতীয় বাসনা বর্জ্জন করিতে হইবে। প্রতি মনুষ্যই নিদ্রাকালে বাসনা বর্জ্জন করিয়া থাকে ইহা সত্য, কিন্তু ইহা জ্ঞান পূর্ব্বক করে না, কিন্তু অচেতন ভাবে প্রাকৃতিক নিয়মে করিয়া থাকে। তাই তাহাকে পুনর্ব্বার উঠিতে হয়। এইজন্য নিদ্রা অথবা সাধারণ মৃত্যু সকল মনুষ্যের প্রকৃত কাজে আসে না, গভীর নিদ্রাতেও কিছু না

কিছু ত্রুটি থাকিয়াই যায়। কারণ যদিও নিদ্রাতে মনুষ্যের দেহ-স্মৃতি থাকে না তথাপি জাগিয়া উঠিলে সেই স্মৃতি পুনর্ব্বার ফুটিয়া উঠে। এই গভীর নিদ্রা মৃত্যুর ফলে ঘটিয়া থাকে। তখন জাগিয়া উঠিয়া জীব দেখিতে পায় যে সে নূতন দেহে নূতন আবেষ্টনের মধ্যে রহিয়াছে। কিন্তু পূর্ব্ব-স্মৃতির রক্ষা হয় না বলিয়া নূতন বলিয়া বুঝিতে পারে না। এইজন্য যোগিগণ বলিয়া থাকেন যে মরিয়া মরা নিষ্ফল, কিন্তু জীয়ন্তে মরা আবশ্যক। জীয়ন্তে মরা কাহাকে বলে? বোধাতীত অবস্থায় বোধ সম্যক্ প্রকারে রক্ষা করা, ইহাই জীয়ন্তে মরা। এই অবস্থায় একদিকে লিঙ্গহীন নির্ম্মল আত্ম-স্বরূপের পূর্ণ বোধ জাগিয়া থাকে ও অন্যদিকে দেহ মন ও বিশ্বের চেতনা থাকে না।

( ৪ )

জীব মায়া-জাল ভেদ করিয়া সৃষ্টিকে ভেদ করিতে পারিলে নিজকেই শিবরূপে প্রাপ্ত হইতে পারে। ইহাই তাহার জীবনের সার্থকতা। সে তখন তাহার নিজের প্রকৃত স্বরূপ উপলব্ধি করে। ইহাই অখণ্ড সচ্চিদানন্দ। তাহার নিকট স্রষ্টা ও সৃষ্টির ভেদ অর্থাৎ জীব জগৎ ও ঈশ্বরের ভেদ আর থাকে না। সে আর পূর্ব্বের ন্যায় তখন দেশ কাল ও নিয়তির অধীন থাকে না। সে তখন নিজকেই সর্ব্বশক্তিমান্ পূর্ণসত্য বলিয়া চিনিতে পারে। তাহার এই স্থিতি আর কখনও ভগ্ন হইবার সম্ভাবনা থাকে না। কোনও প্রকার জাগতিক পরিবর্ত্তন তাহাকে আর বিচলিত করিতে পারে না। সে বুঝিতে পারে যে, সে পশু-পক্ষী, কীট-পতঙ্গ, স্থাবর-জঙ্গম সকলের মধ্যে যেমন ছিল তেমনি এই অখণ্ড সচ্চিদানন্দময় সত্তাতেও ছিল। ছিল কেন?—আছে। কিন্তু ইহা সে পূর্ব্বে বুঝিতে পারে নাই, কিন্তু জ্ঞানের উদয়ে ইহা তাহার বোধগম্য হইয়াছে। সর্ব্বশক্তিমান্ পরম তত্ত্বের সহিত জ্ঞান ও চৈতন্যের যোগ হওয়াতে এই অবস্থার উদয় হইয়াছে। ইহাই সিদ্ধাবস্থা। ইহা নিত্য জাগ্রৎ অবস্থা। জ্ঞাতা, জ্ঞেয় ও জ্ঞান, দ্রষ্টা দৃশ্য ও দৃষ্টি এবং প্রেমিক প্রেমপাত্রও প্রেম এখানে অভিন্ন। একমাত্র সিদ্ধ পুরুষই এই অদ্বয় স্থিতি অনুভব করিতে সমর্থ। অতীত অনাগত ও বর্ত্তমান তিন কালেই তিনি এক। বস্তুতঃ সকলেই তাহাই, কিন্তু অজ্ঞান অবস্থায় তাহা বুঝিতে পারে না।

প্রকৃত প্রস্তাবে এক পরমাত্মাই পরম তত্ত্ব—ঈশ্বর জীব ও সিদ্ধ পুরুষ রূপে বিভিন্ন ভাবে বিভিন্ন প্রকার খেলা করিতেছেন। পরমাত্মা অবস্থায় পরমতত্ত্ব এক অখণ্ড ও অনন্ত স্বরূপে জ্ঞানের অগোচর ভাবে অনন্ত শক্তি, অনন্ত সত্তা ও অনন্ত চৈতন্য ধারণ করিয়া আছেন। ঈশ্বররূপে এই সকল শক্তিই তাঁহার আছে, কিন্তু তিনি শুধু বিশ্বের সৃষ্টি স্থিতি ও সংহার ব্যাপার অনুভব করিতেছেন। জীব রূপেও তিনি সর্ব্বশক্তিসম্পন্ন, কিন্তু নিজেকে বাসনা দ্বারা বদ্ধ করিয়া সীমাবদ্ধরূপে অনুভব করিতেছেন। তাহার সিদ্ধ অবস্থাটি সেবাত্মক অবস্থা। একমাত্র এই অবস্থায় তিনি চেতনভাবে তাঁহার অনন্ত শক্তির সাক্ষাৎকার করিয়া থাকেন।

( ৫ )

এই যে সিদ্ধাবস্থার কথা বলা হইল ইহাই ভগবৎ-সাক্ষাৎকারের পরের অবস্থা। ভগবৎ-সাক্ষাৎকার বলিতে শুধু ভগবদ্-বিষয়ক পরোক্ষ জ্ঞান বুঝায় না—ইহা প্রকৃতই ভগবানের সহিত যুক্ত অবস্থা। এই অবস্থার প্রাপ্তি না ঘটিলে কোন

সাধককেই যোগী বলিয়া বর্ণনা করা চলে না। এই অবস্থায় জীব নিজের পৃথক্ সত্তাবোধ হইতে মুক্ত হইয়া সর্ব্ব প্রকার দ্বৈত ভাবকে অতিক্রম করে। পরমাত্মার সহিত তাহার যে তাদাত্ম্য রহিয়াছে তাহার স্থায়ী জ্ঞান তখন প্রতিষ্ঠিত হয়। জীব যদিও তখন উপলব্ধি করে যে, এই অবস্থা তাহার অনাদিকাল হইতেই ছিল তথাপি সাক্ষাৎকারের পূর্ব্বে ইহা তাহার বোধগম্য এবং আস্বাদনের বিষয় রূপে ছিল না, ইহা বলিতেই হইবে। যে অসীম এবং অব্যাহত আনন্দ সিদ্ধ পুরুষগণ অনুভব করেন তাহা কোন অভূতপূর্ব্ব বস্তু নহে। তাহা পরমাত্মস্বরূপে অনাদিকাল হইতেই ছিল, কিন্তু সাক্ষাৎকারের পূর্ব্ব পর্য্যন্ত উহার প্রকাশ হয় নাই। সাধক সাধনা করিয়া সিদ্ধ হইলে ইহা মনে করা চলে না যে, সে কোন একটি পৃথক্ স্বরূপ প্রাপ্ত হইল—সে পূর্ব্বেও যাহা ছিল তখনও তাহাই থাকে। তাহার স্বরূপের কোনই পরিবর্ত্তন হয় না। তবে যাহা পূর্ব্বে সে জানিত না, সাক্ষাৎকারের পরে সে তাহা জানিতে পারে, ইহাই মাত্র ভেদ। অনাদিকাল হইতে এই যে ক্রম-বিকাশের খেলা চলিতেছে ইহা একটি খেলা মাত্র। ইহা মায়ার বিলাস, ইহার কোনই বাস্তবিক সত্তা নাই। ইহা আত্মহারা জীবের নিজেকে ফিরিয়া পাইবার কৌশল মাত্র।

জগতের মায়াজালে জীব আবদ্ধ হইয়া পড়ে বলিয়া এই খেলাটি সময় সময় অত্যন্ত কষ্টদায়ক হইয়া পড়ে। মায়াজালে জড়িত হইবার মূল কারণ জীবের অহঙ্কার। জীব প্রথমাবস্থায় অহঙ্কার-শূন্যই থাকে, কিন্তু তাহার চৈতন্যের ক্রমবিকাশের সঙ্গে সঙ্গে অহঙ্কারের বিকাশ হয়। এই অহঙ্কারকে আশ্রয় করিয়াই মোহ অথবা অবিদ্যা গুপ্ত ভাবে বিদ্যমান থাকে। ইহাই ভগবৎ-সাক্ষাৎকারের পথে প্রধান প্রতিবন্ধক। জীবের নিজ স্বরূপে অনন্ত জ্ঞান নিহিত থাকিলেও তাহার অভিব্যক্তির পথে ইহাই একমাত্র বাধক। গভীর নিদ্রার সময় জীব পরমাত্মার সহিত তাদাত্ম্য উপভোগ করে, কিন্তু এই উপভোগের সচেতন অনুভব হয় না। সুষুপ্তি কালে জগতের ভ্রম অল্প সময়ের জন্য তিরোহিত হয়, কারণ তখন চেতনা স্তম্ভিত অবস্থায় থাকে। কিন্তু তাহা হইলেও ভগবান্ বা আত্মস্বরূপের সচেতন অনুভূতি ফুটে না, কারণ অহঙ্কার সম্পূর্ণ নিবৃত্ত না হইলে এবং চৈতন্যের ধারা ভগবানের দিকে উন্মুখ না হইলে শুধু বাহ্য জগতের জ্ঞান নিবৃত্ত হইলেই ভগবৎ-সাক্ষাৎকার সম্ভবপর হয় না। কখনও কখনও এমন হয় যে সুষুপ্তির গাঢ়তা ভাঙ্গিয়া যায় অথচ জাগ্রৎ অবস্থার উদয় হয় না। এই প্রকার সন্ধিক্ষণে চৈতন্য নিরালম্ব ভাবে অল্পক্ষণের জন্য আত্মপ্রকাশ করে। এইটি বোধের অবস্থা—জড়ত্ব নহে। কিন্তু কিসের বোধ? বিশ্বের নহে। এই ব্যাপক অভাবের বোধটি তখন জাগিয়া উঠে। ইহাকেই মহাশূন্যাবস্থা বলে। ইহাই ভগবৎ-সাক্ষাৎকারের পূর্ব্ব সূচনা। চৈতন্য জগতের ইন্দ্রজাল হইতে সম্পূর্ণ মুক্ত হইয়া অহঙ্কারে নিহিত অনন্ত জ্ঞানকে প্রকাশিত করিলে ভগবৎ-সাক্ষাৎকারের প্রকাশ-কাল বলা যাইতে পারে। একমাত্র সিদ্ধ পুরুষেই এই প্রকার অনন্ত জ্ঞানের বিকাশ সম্ভবপর। সিদ্ধ পুরুষে পরমাত্মা নিজেকে অনন্ত বলিয়া জানেন, কিন্তু এই জ্ঞান সাধকাত্মাতে অথবা অসাধক অবস্থায় বদ্ধ আত্মাতে যে পরমাত্মা আছেন তাহাতে থাকে না। এইজন্যই ভগবৎ-সাক্ষাৎকার ব্যক্তিগত ব্যাপার। একই পরমাত্মা সর্ব্বত্র বিদ্যমান থাকিলেও এক আধারে তাঁহার অনন্ত স্বরূপ-জ্ঞান খুলিয়া যায়,

কিন্তু অন্য আধারে যায় না। যদি তাহা যাইত তাহা হইলে একজনের ভগবত্তা লাভের সঙ্গে সঙ্গেই জগতের বিচিত্র লীলার অবসান হইয়া যাইত। অবশ্য যে কোন আত্মা সাধন বলে যথাসময়ে পূর্ণজ্ঞান লাভ করিতে সমর্থ তাহাতে কোন বাধা নাই। অহঙ্কারের গ্রন্থি এবং জগতের ইন্দ্রজাল হইতে যে আত্মা মুক্তি-লাভ করে তাহারই পক্ষে পরমাত্মভাবের স্ফূর্ত্তি সম্ভবপর, সকলের পক্ষে নহে।

অনেকে জিজ্ঞাসা করিতে পারেন, ভগবৎ-সাক্ষাৎকারের ফলে আত্মা কিছু প্রাপ্ত হয় কি? এই প্রশ্নের সমাধানের পূর্ব্বে প্রাপ্তি শব্দের অর্থ কি তাহা বিশ্লেষণ করা আবশ্যক। অপ্রাপ্ত বস্তুও মোহ বশতঃ অপ্রাপ্ত বলিয়া প্রতীত হইলে মোহ-নিবৃত্তি দ্বারা নিত্য-প্রাপ্ত অবস্থার পুনরভিব্যক্তিকেও প্রাপ্তি বলে।

আত্ম-প্রাপ্তি বা ভগবৎ-প্রাপ্তি এই দ্বিতীয় প্রকারের অন্তর্গত। ইহা অপ্রাপ্তের প্রাপ্তি নহে, তথাপি ইহার মহত্ব অপরিসীম। অসিদ্ধ পুরুষ নিজেকে সীমাবদ্ধ মনে করে ও সুখ দুঃখ ভোগ করে, কিন্তু সিদ্ধ পুরুষ ইহার ঠিক বিপরীত। তাঁহার আনন্দ ও জ্ঞানের অন্ত নাই।

ভাগবত জ্ঞানের প্রাপ্তি নানা উপায়ে হইতে পারে। প্রেমই তন্মধ্যে শ্রেষ্ঠ উপায়। প্রজ্ঞান ইহার অন্তর্গত। বিচার-মূলক জ্ঞান অন্য প্রকার। প্রেমের দ্বারাই বুদ্ধিকে অতিক্রম করিতে পারা যায় ও পূর্ণ আত্মবিলোপ সংঘটিত হয়। ইহার পর ভগবানের সঙ্গে মিলন হয়। দিব্য প্রেমের প্রেমিক নিজের ব্যক্তিগত সত্তা ভুলিয়া যায় এবং ক্রমশঃ মানবীয় সীমার গণ্ডী অতিক্রম করে। ক্রমবিকাশের ফলে নিজের পরম সত্তা অভিব্যক্ত হয়। যখন মায়া ও দ্বৈতপ্রপঞ্চ হইতে আত্মা মুক্ত হয়, তখন সে একীভাব প্রাপ্ত হয়। তাই ঐ সময় মূল অদ্বয় সত্তার আকর্ষণ তাহার মধ্যে জাগিয়া উঠে। এই পথে প্রেমের প্রেরণাই বিশেষভাবে উল্লেখযোগ্য।

এই পথের তিনটি অংশ বা বিভাগ আছে। প্রথম অংশে পর পর অনেকগুলি স্তর আছে। এইগুলিকে ভূমি বলা যাইতে পারে। দিব্য জ্ঞানের সূত্রপাত হইতে পূর্ণ আত্মবিলোপ পর্য্যন্ত এই অংশটি বিস্তৃত। এই পথের চরমাবস্থাতে অহঙ্কার-নাশ সিদ্ধ হয় ও মায়িক ধারা হইতে সকল সম্বন্ধ বিচ্ছিন্ন হয়। পরে বিচ্ছেদের সংস্কার পর্য্যন্ত কাটিয়া যায়। সুফী সাধক-গণ এই স্থিতিকে 'ফনা' বলিয়া বর্ণনা করেন। এই দীর্ঘ পথের যে যাত্রী তাহার সম্বল কি? শুদ্ধ আত্মা ও তাহার আনুষঙ্গিক চেতনা সংস্কার, অহঙ্কার ও মন। এই অহঙ্কার শুদ্ধ আত্মারই বিকৃত রূপ—মিথ্যা রূপ। ইহার পূর্ণ লোপই স্থিতির লক্ষ্য। অহঙ্কার-নিবৃত্তির সঙ্গে কর্ম্ম, বাসনা, সংস্কার প্রভৃতি সব লুপ্ত হয়। এগুলি অহঙ্কারে জড়িত হইয়া মনোময় কোষে অবস্থান করে। তখন একমাত্র চেতনা অবশিষ্ট থাকে—তাহার লোপ হয় না। সব গুণকর্ম্মাদির অভাব হয়, জ্ঞানেরও অভাব হয়। কিন্তু এই অভাবের চেতনা বা বোধটা থাকে। ইহা শূন্যের বোধ মাত্র। অহঙ্কার থাকে না বলিয়া "আমি অকিঞ্চন" এই প্রকার ভাবও থাকে না। তখন ভগবান্ নাই, বিশ্ব নাই, স্রষ্টা নাই, সৃষ্টি নাই, কিছু নাই - অথচ চেতনা আছে। ইহা অচেতন চেতনা। ইহা বুদ্ধি দ্বারা ধারণা করা কঠিন। এই চেতনা স্থূল, সূক্ষ্ম, মিথ্যা, সত্য, জগৎ বা ভগবানের বিষয়ে নহে—অথচ চেতনা আছে। ইহা উপরাগ-রহিত চেতনা। সংস্কার, অহঙ্কার, মন প্রভৃতি লুপ্ত হওয়ার পরও চেতনা থাকে বলিয়া তখন প্রকৃত আমির

দিকে লক্ষ্য যায়। বিকৃত অহং নাই, তাই শুদ্ধ অহং ভাসে।

সাধারণ মানব-চেতনাতে সংস্কার বশতঃ এই প্রকৃত আমি ধরা পড়ে না। ঐ চেতনা ভ্রান্ত। সৃষ্টির পূর্ব্বে পরমাত্মাও অন্তশ্চেতন ছিলেন। সিদ্ধগণ বলেন যে তিনি পরমাত্মা বলিয়া নিজেকে চিনিতেন না। তাই বলা চলে যে তাঁহার "প্রকৃত আমি" ছিল না। আপাততঃ বিরুদ্ধ মনে হইলেও ইহা সত্য কথা। মিথ্যাজ্ঞানের উপরই সত্যজ্ঞান নির্ভর করে। সংস্কার-জন্য মিথ্যাজ্ঞান মূলক মিথ্যা অহং এর উপরেই প্রকৃত আমি নির্ভর করে।

পথের প্রথম অংশের চরম লক্ষ্য যে শূন্য অবস্থা তাহার কথা বলা হইল। এবার দ্বিতীয় অংশের কথা বলিতেছি। পূর্ব্বোক্ত চেতনা ক্রমশঃ প্রকৃত আমিকে প্রাপ্ত হইবে। ইহার ইতিহাসই দ্বিতীয় অংশের বিষয়। এই সময়ে ঐ অচেতন চেতনা রূপান্তরিত হইয়া "আমি চেতনা" এইরূপ ধারণ করে। এই বোধই পরমাত্মার বোধ যাহা "আমি পরমাত্মা" বা "অহং ব্রহ্মাস্মি" রূপে আত্মপ্রকাশ করে। দ্বিতীয় অংশের অবসানে এই উপলব্ধি জন্মে। পূর্ব্বোক্ত সুফীগণের পরিভাষাতে ইহাই 'বকা'। ইহাই প্রকৃত ভগবত্তার বোধ।

কিন্তু ইহাও সিদ্ধ পুরুষের অবস্থা নহে। সিদ্ধ পুরুষের স্থিতি যে "অহং ব্রহ্মাস্মি" স্থিতি বা ব্রাহ্মী-স্থিতি হইতে উৎকৃষ্ট তাহা বলা হইতেছে না। তবে উভয়ে ক্রিয়াগত পার্থক্য আছে বলিতেই হইবে। বস্তুতঃ "আমি ব্রহ্ম" এই দশা হইতে উচ্চতর অবস্থা হইতেই পারে না। চরম অতিচেতনা অবস্থা হইতে অধিকতর উৎকর্ষ কল্পনীয় নহে। ব্রহ্মভাবে প্রতিষ্ঠিত হইলে সাধকের অপ্রাপ্ত বা অসিদ্ধ কিছুই থাকে না, ইহা সত্য। মন, স্থূল ও সূক্ষ্ম জগৎ, দেশ, কাল, চন্দ্র, সূর্য্য, নক্ষত্র, লোক-লোকান্তর কিছুই তখন থাকে না। ইহা চিন্তা ও কল্পনার অতীত, নিত্য, স্থির, ত্রিপুটীরহিত বিশুদ্ধ অদ্বয় স্থিতি। তখন একই থাকে —দ্বন্দ্বের ক্রিয়া থাকে না। সকল সাধনার ইহাই চরম সিদ্ধির অবস্থা।

সিদ্ধিলাভের পর কেহ কেহ দেহ থাকা সত্ত্বেও অগ্রসর হন না। স্থূল ও সূক্ষ্ম চেতনাতে ইহারা পূর্ণতার প্রতীক স্বরূপ। ইহাদের সত্তা অনন্ত ও অসীম জ্ঞানময়।

কিন্তু পথের আরও একটি অংশ আছে—উহাকে তৃতীয় অংশ বলা হইয়াছে। উহা সকলের জন্য নহে। উহা সদ্ গুরুর বিশ্বোদ্ধার কার্য্যে যাঁহাদিগকে প্রবৃত্ত হইতে হইবে তাঁহাদের জন্য। পথের তৃতীয় অংশে সূক্ষ্ম ও স্থূল চেতনার পুনরুদ্ধার ঘটিয়া থাকে। কারণ তাহা না হইলে সাধারণ জীবের সহিত সম্বন্ধ স্থাপন করা যায় না ও শ্রীভগবানের অনুগ্রহ-বিস্তার রূপ জগদ্-ব্যাপারে প্রবৃত্ত হওয়া সম্ভবপর হয় না। আধিকারিক পুরুষগণের জন্য পথের এই তৃতীয় অংশ উদ্দিষ্ট। আগমে নির্ব্বাণ-দীক্ষার পরে আচার্য্য-দীক্ষার সম্ভাব্যতা অঙ্গীকৃত হইয়াছে। সিদ্ধ পুরুষের অতি-চেতনা ত অক্ষুণ্ণই থাকে, অথচ সৃষ্টিবিষয়ক চেতনারও অভিব্যক্তি থাকে। পারমার্থিক দৃষ্টিতে ব্রহ্মনিষ্ঠ অর্থাৎ 'মজুব' ও সদ্-গুরু-ভাবাপন্ন অর্থাৎ 'কুতুব' সংজ্ঞক পুরুষে স্থিতিগত কোন পার্থক্য নাই—অথচ ভাবগত পার্থক্য আছে। ব্রহ্মনিষ্ঠের দৃষ্টিতে সৃষ্টি নাই, কিন্তু অনুগ্রাহক গুরুর দৃষ্টিতে সৃষ্টি আছে, তবে উহা ব্যক্তিগত, অহং এর শুদ্ধ কল্পনাপ্রসূত। এই গুরুই নররূপী বিরূপাক্ষ ( God-man )।

---

# সান্ত্বনা

শ্রীশৈলেশ ব্রহ্মচারী

( ১ )

জননী আমার।
ক্লান্ত মোর দেহ মন টানি লয়ে সারাক্ষণ
কোথা যাব আর ?
জাগায়ে নবীন পাতা, গিয়াছে বসন্ত বায়ু
আজ বহুদিন ;
নিদাঘের হুতাশন দগ্ধ করি' দিগন্তর
অস্তাচলে লীন ;
সুদূর পশ্চিম পারে টানে তন্দ্রালসা ছায়া
কালো যবনিকা,—
অসীম অনন্ত শূন্যে জ্বলি' ওঠে একে একে
তারকার শিখা।
এ পারের ক্লান্ত স্বর খুঁজিছে আশ্রয় নীড়,
রুদ্ধ গৃহ-দ্বার।
ক্লান্ত মোর দেহ মন টানি লয়ে সারাক্ষণ
কোথা যাব আর ?

( ২ )

বিশ্ব জোড়া এ আঁধারে, হেরেছি তোমার দ্বারে
জ্বলিতে আলোক।
তব দ্বার প্রান্তে তাই আমারে এনেছে টানি
পথ-চাওয়া চোখ।
আজ তুমি এত কাছে, কত যে বলার ছিল,
কোথায় মিলালো!
লংঘিলাম মরুপথ, দুরন্ত পারাবার,
সবই বৃথা হ'লো!
অনন্ত জীবন ভরা মুখর বেদনা-রাশি
স্তম্ভিত নীরব,—
যে নেশায় যে আবেশে কেটে গেছে দিনমান
মুছে গেছে সব ;
রাত্রি মোর মোর দিন, যাহা গেল শান্তিহীন
গেল চিরতরে,—
অপমানে অবজ্ঞায় বিদায় দিও না তারে,
নিও স্নেহ ভরে!
অশ্রু ছল ছল চোখে তারা যে খুঁজিয়া ফেরে
তোমার-ই আলোক,
বিশ্বজোড়া অন্ধকারে তারাও তোমার দ্বারে
হেরেছে আলোক।

( ৩ )

আজিকে রয়েছে জেগে চেয়ে তব মুখে মোর
নিরালা নয়ন,
আর তুমি আছ মেলি প্রসাদ-প্রসন্ন দৃষ্টি
হৃদয় মোহন !
ললাটে ফুটেছে শান্তি, কোমল করুণা ভরা
বিকচ সুষমা,—
দুই করে বরাভয়, হরষিত পরশন
ওগো নিরুপমা !
পরিপূর্ণ প্রেম-নদী কলস্বনে নিরবধি
চলেছে বহিয়া,—
সাধ যায় আপনারে ফেলে দিই স্রোতো-নীরে
দেই প্রবাহিয়া ।
কিন্তু শুধু জাগে ভয় পরিপূর্ণ পরিচয়
অপূর্ণ আমার,
মোর মূক ভালবাসা হৃদয়ে বেঁধেছে বাসা
তোলে নি ঝংকার ।
রাত্রিশেষ ক্ষীণ শশি- সম যদি পড়ে খসি
আমার বেদন,
তাই আজি জেগে আছে তব মুখ পানে চেয়ে
নিরালা নয়ন !

( ৪ )

কী আর কহিব বল, লুপ্ত আজি সব ভাষা,
রুদ্ধ কণ্ঠ মোর ;
কাঁপিতেছে ক্লান্ত পদ, শিথিল বিবশ তনু,
ঝরে আঁখি লোর।
বিশ্বজোড়া এ আঁধারে সকল হৃদয়, হারে !
খুঁজে পেল ঠাঁই ;—
আমি একা দ্বার প্রান্তে চেয়ে আছি অনিমেষ,
আর কেহ নাই !
কিছু নাই, নাই ভাষা, নাই স্মৃতি, নাই আশা,
কেবল মিনতি,
ফুলিছে বুকের মাঝে সংগোপনে দীর্ঘ শ্বসি'
জাগায়ে আহুতি।
বারেক চাহো গো ফিরে ভিখারী হৃদয় পানে,
এ নহে প্রার্থনা,
এ নহে চরম পাওয়া এ নহে পরম চাওয়া,
এ শুধু সান্ত্বনা।

---

# শ্রীশ্রীমা আনন্দময়ী-প্রসঙ্গ

## তৃতীয় খণ্ড

শ্রীঅমূল্যকুমার দত্তগুপ্ত, এম-এ, বি-এল

( পূর্ব্বানুবৃত্তি )

( ৪ )

### সদ্‌গুরু এবং দীক্ষা

৩রা ভাদ্র, রবিবার ১৩৪৬ সন ( ইং ২০।৮।৩৯ ) আজ সকাল বেলা যখন আশ্রমে পৌঁছিলাম তখন মা শুইয়াছিলেন। একটু পরেই উঠিয়া বসিলেন। ইতিমধ্যে অনেক ভক্ত আশ্রমে আসিয়া উপস্থিত হইয়াছেন। মাকে নামঘর হইতে উঠাইয়া স্মৃতিমন্দিরের বারান্দায় লইয়া আসা হইল। কে মাকে প্রশ্ন করিবেন তাহা লইয়া আমাদের মধ্যে আলোচনা হইতে লাগিল। সকলেই শ্রীশ্রীমায়ের উপদেশ শুনিতে উৎসুক, কিন্তু মাকে প্রশ্ন করিতে কেহই প্রস্তুত নহেন। অবশেষে প্রমথবাবু বলিলেন, "মা কিছু বল।"

মা। কি বলব?

প্রমথবাবু। তোমার মনে যাহা চায়।

মা। ঐ ত গণ্ডগোল, মন-ই যে নাই। ( আমাকে ) বাবা, কি বলিব?

আমি। তোমার যাহা ইচ্ছা।

মা। ইচ্ছা টিচ্ছা যে আমার হয় না।

আমি। যাহা বলিলে আমাদের সকলের উপকার হয় এমন কিছু বল। (সকলের হাস্য)

অভয়। আজিমগঞ্জে দীক্ষা, সমাধি ইত্যাদি সম্বন্ধে তুমি যাহা তিন চারি ঘণ্টা বলিয়াছিলে তাহাই আবার বল।

মা। সেখানে যে এত কথা হইয়াছিল তাহার কারণ এই যে, সেখানে কেহ কেহ তাহাদের ব্যক্তিগত সাধনা সম্বন্ধে নানা কথা জিজ্ঞাসা করিয়াছিল। ওগুলি তাহাদের ব্যক্তিগত। উহাত সাধারণ উপদেশ হিসাবে বলা চলে না।

আমি। আজ দীক্ষা সম্বন্ধেই কিছু বল। দীক্ষাটা কি?

মা। তোমরা লেখাপড়া কর কেন?

আমি। জ্ঞানার্জ্জনের জন্য।

মা। আমিও ত বলি যে তোমরা লেখাপড়া শিখিয়া চাকরি করিয়া যেমন পেনসন্ ভোগ কর, এ পথেও সেইরূপ পেনসন্ আছে।

আমি। রামঠাকুর মহাশয়ের শিষ্যেরা কাতর ও নিরাশ হইয়া যখন ঠাকুরকে বলিতেন, "বাবা, নাম ত করিতে পারি না। উপায় কি?" তাহার উত্তরে ঠাকুর নাকি বলিয়াছেন, "নাম কি করা যায়? নাম আপনা হইতেই হয়। আপনারা কিছু না করিলেও উহা আপনা হইতেই হইতেছে। তাহা না হইলে আপনাদিগকে দিলাম কি?" ঠাকুরের এই সব কথার অর্থ কি? দীক্ষা দ্বারা গুরু কি দেন? আমাদের অনুভূতিতে কিছু আসিতেছে না, অথচ কাজ হইয়া যাইতেছে। ইহা কিরূপ?

মা। তুমি দীক্ষা বলিতে কি বোঝ?

আমি। আমি নিজে কিছু জানি না। তবে

শ্রদ্ধেয় শ্রীযুক্ত গোপীনাথ কবিরাজ মহাশয়ের নিকট এ সম্বন্ধে যাহা শুনিয়াছি তাহা বলিতে পারি। তিনি বলিয়াছেন যে ভগবৎশক্তির সহিত শিষ্যের জীবশক্তিকে সংযুক্ত করিয়া দেওয়ার নামই দীক্ষা। যদি একবার এই ভগবৎশক্তির স্রোতের সহিত শিষ্যকে সংযুক্ত করিয়া দেওয়া যায় তবে ঐ স্রোতের টানেই শিষ্য একদিন না একদিন পরমপদ প্রাপ্ত হইবে। শিষ্য যদি কোন চেষ্টা নাও করে তবুও সে স্রোতের বেগে ক্রমশঃ যে ভগবানের দিকে অগ্রসর হইতেছে তাহাতে কোন সন্দেহ নাই। আর সে যদি সাধনভজন ইত্যাদি করে তবে স্রোতের অনুকূলে সাঁতার কাটার মত সে শীঘ্র শীঘ্র অগ্রসর হইতে পারিবে।

মা। এ কথাগুলি খুব সত্য, খাঁটি সত্য।

আমি। বাস্, তবে ত আমাদের নামজপাদির কোন প্রয়োজন নাই। আমরা কিছু করি আর না করি পরমপদে ত একদিন যাইয়া পৌঁছিবই।

মা। (হাসিয়া) তাড়াতাড়ি যাইবার ইচ্ছা ত তোমাদের আছে, ব্যাকুলতা ত আছে, উহার জন্যই কর্ম্ম করিতে হইবে।

খুকুনীদিদি। স্রোতে যাইতে যাইতে কোন স্থানে যাইয়া ত আবার ঠেকিয়াও থাকিতে পারেন।

আমি। না, দিদি, সে ভয় নাই। মা বলিয়াছেন যে সদ্গুরুর কৃপা পাইলে আর পতন নাই।

মা। হাঁ, সদ্গুরু যদি কৃপা করেন তবে আর পতনের ভয় কি? কেহ কেহ এ ভাবেও জীবন যাপন করিতে পারে যে, আমি সদ্গুরুর কৃপা পাইয়াছি, আমার আবার সাধনভজন কি? গুরুই আমার সব করিবেন। আমি আনন্দ করিয়া জীবন কাটাইয়া যাই। আবার কাহারও হয় ত প্রাণে ব্যাকুলতা আসে, সে শীঘ্র শীঘ্র অগ্রসর হইবার জন্য নামজপাদি করে। কত রকমই ত আছে। এ কথাও ঠিক যে একবার যদি কাঠে আগুন জ্বালাইয়া দেওয়া যায় তবে তাহাই ক্রমে ক্রমে কাঠখানি পুড়িয়া ছাই করিয়া ফেলে। এ বীজ ত নষ্ট হইবার নয়। মাটিতে বীজ ফেলিলে কখন কখন গাছ অল্প সময়ে হয়, আবার কখন কখন দেরীতেও হয়। জমি তৈয়ার থাকিলে বীজ হইতে গাছ শীঘ্র হয় আবার জমি তৈয়ার না থাকিলে বিলম্ব হয়।

একটি ভক্ত। বীজ ত মাটিতে পড়িয়া পচিয়াও যাইতে পারে।

মা। হাঁ, আবার হয়ত দুই চারিটি বীজ মাটিতে পচিয়াও যায়। তাহাও বৃথা নয়। পচিয়া তাহারা সার হইয়া মাটিতেই থাকে। কিছুই বৃথা যায় না। কেহ হয়ত ছোট বেলায় সদ্গুরুর কৃপা পাইল, কিন্তু দেখা গেল যে বহুদিন পর্য্যন্ত তাহার মধ্যে ধর্ম্মভাব জাগিলই না। পরে বুড়া বয়সে ধর্ম্মভাব জাগিয়া উঠিল। অনেকের হয়ত এ দেহে কিছুই হইল না; কিন্তু অন্য দেহে উহা হইতে পারে। দেহত্যাগ করিলে তোমরা বল না যে আবার দেহ ধারণ করিয়া আসিতে হয়। জগৎ ত গতাগতি। এখানে কেবল যাওয়া আর আসা। কিন্তু এমনও হয় যে দেহত্যাগ হইল, কিন্তু আর ফিরিয়া আসিতে হইল না। কারণ জ্ঞানাগ্নি একবার জ্বলিয়া উঠিলে নিমেষের মধ্যে সমস্ত নিঃশেষ করিয়া ফেলিতে পারে। তখন আর আসা যাওয়া নাই।

আমি। মা, কর্ম্ম শেষ করিতে নাকি দেহ ধারণ করিতে হয়; দেহধারণ ভিন্ন নাকি কর্ম্ম শেষ হয় না?

মা। এই দেহের শেষ হইলেও ত দেহ থাকে।

আমি। তবে কি সূক্ষ্ম দেহেও কর্ম্ম শেষ করা যায়?

মা। হঁা, অনেক কর্ম্ম আছে যাহার জন্য স্থূল দেহের প্রয়োজন হয়, তখন স্থূল দেহই লইতে হয়। আবার অনেক কর্ম্ম আছে যাহা সূক্ষ্ম দেহেই হইয়া যায়। তিনি ত সকলকেই তাঁহার দিকে লইয়া যাইতেছেন। সকলেই এক সময়ে না এক সময়ে পরম পদ লাভ করিবে। কারণ ইহাই জীবের সংস্কার। স্বভাবে স্থিত হওয়াই জীবের সংস্কার।

আমি। মা, সংস্কার অর্থে আমরা কর্ম্মফল বুঝি। কর্ম্ম হইতেই সংস্কারের সৃষ্টি হয়। জীবের এমন কি কর্ম্ম করিবার শক্তি আছে যাহা দ্বারা সে একেবারে পরমব্রহ্মে, পরমপদে স্থিত হইতে পারে?

মা। সেই জন্যই ত বলা হয় যে গুরু কৃপা করিয়া সেইখানে পৌছিয়ে দেন। কর্ম্ম করিয়া ইহা পাইবার উপায় নাই।

আমি। মা, তুমি যে স্বভাবে স্থিত হওয়ার কথা বলিতেছ ইহা বোধ হয় সাধনের চরম অবস্থা। কিন্তু ইহাও ত শুনা যায় যে শিবলোক, বিষ্ণুলোক বলিয়া সব লোক বা ধাম আছে এবং গুরু যে লোকের শক্তি শিষ্যের মধ্যে সঞ্চার করেন, ঐ শক্তি শিষ্যকে সেই লোক পর্য্যন্ত লইয়া যাইতে পারে, কিন্তু উহার উর্দ্ধে লইয়া যাইতে পারে না। শিষ্য সেখানেই আবদ্ধ হইয়া পড়ে। তাহা হইলে সকলেই যে সাধনের চরম অবস্থা, অর্থাৎ স্বভাবে স্থিতি লাভ করিবে তাহা হয় কেমন করিয়া?

মা। তুমি যাহা বলিলে তাহাও সত্য। অনেক সময় দেখা যায় যে ভিন্ন ভিন্ন লোকে জীব আবদ্ধ হইয়া পড়ে। আবার সংস্কার থাকিলে সেখানে কিছুকাল আবদ্ধ থাকিয়া আবার উর্দ্ধগতি লাভ করে। কেহ বা আবার যুগযুগান্তর এক অবস্থায় থাকিয়া যায়। কত রকমইত হয়। ইহার কি অন্ত আছে?

প্রমথ বাবু। মা, এ সব জ্ঞানের কচ্‌কচি, লোক লোকান্তর আমি বুঝি না। আমি বলিতে চাই যে তুমি মা আছ, তোমাকে পাইতে হইলে আমাদিগকে এই সব জানিতে হইবে নাকি?

মা। তুমি যে ওকালতি করিতেছ, কিছু না শিখিয়াই কি ওকালতি করিতেছ?

প্রমথ বাবু। তুমি কোন্ লেখাপড়া শিখিয়া এসব জ্ঞানলাভ করিয়াছ?

মা। এ দেহের কথা ছাড়িয়া দেও।

অভয়। তুমি এত বড় যে তোমার সহিত তুলনা চলে না।

মা। বড় বলিয়া যে এ দেহের কথা ছাড়িয়া দিতে বলিতেছি তাহা নয়। (হাসিয়া) এ দেহটাকে Go to hell করিয়া দেও। (সকলের উচ্চ হাস্য) তোমরা বল না এ একটা idiot? এ দেহটাকে idiot বলিয়া ছাড়িয়া দেও। (সকলের হাস্য)

প্রমথ বাবু। আমার কথা তাহা নয়। আমি বলিতে চাই যে আমি মাকে পাইতে চাই। মাকে পাইতে হইলে আমাকে কি এসব জ্ঞান লাভ করিয়া পাইতে হইবে, না মাকে পাইলেই এসব জ্ঞান লাভ হইবে?

মা। মাকে পাইলেই সব লাভ হইবে। সেদিন না বলিতেছিলাম যে, মা চায় তাহার সন্তানকে সব কিছু দিয়া দিতে। তাহার যা' কিছু আছে তাহা সন্তান লাভ করুক ইহাই মায়ের ইচ্ছা।

প্রমথ বাবু। এই ত বেশ কথা। ইহা বেশ বুঝি। তবে মা, হয় কি জান? ইহাদিগকে এই সব জ্ঞানের কথা আলোচনা করিতে দেখিয়া নিজের ভাবের প্রতি সন্দেহ আসে। মনে হয় এরা বুঝি সব

লুটিয়া লইয়া গেল আর আমি ঠকিলাম। (সকলের হাস্য)

মা। (হাসিয়া) দেখ উদ্দেশ্য এক হইলেও পথ সব আলাদা আলাদা। কেহ বা জ্ঞানের পথ, নেতি নেতি বিচার ইত্যাদি বাছিয়া লয়। কেহ বা ভক্তি অথবা কর্ম্মের পথে চলে। কিন্তু উদ্দেশ্য এক।

প্রমথ বাবু। আমার এসব প্রশ্নাদি ভাল লাগে না।

মা। লেখাপড়া আরম্ভ করিয়া একটু একটু বিদ্যা লাভ হইলেই এই সব প্রশ্ন উপস্থিত হয়। যতই জ্ঞান লাভ হয় ততই প্রশ্ন বাড়ে। আর যে বই ছোঁয় না, তাহার পড়াও নাই, প্রশ্নও নাই। আবার আর এক স্তরের লোক আছে যাহাদের কোন গোলমাল নাই; তাহাদেরও প্রশ্ন নাই।

প্রমথ বাবু। আমি বোধ হয় এই শেষোক্ত স্তরের লোক। (সকলের হাস্য)

মা। (হাসিয়া) তাহাত ভাবেই বুঝা যায়। (সকলের হাস্য) তাহাদের কিন্তু ঠকিয়া গেলাম বলিয়া কোন সন্দেহ আসে না।

প্রমথ বাবু। মাকে পাইতে হইলে এ সব জ্ঞান এড়াইয়া মাকে পাওয়া যায় না?

মা। দেখ, এই যে একটু আগে বলিলাম যে স্বধন লাভ করাই জীবের স্বভাব। স্বভাবতঃই জীব সেই দিকে চলিতেছে। এই স্বাভাবিক গতিতে কিছুই এড়াইয়া চলা নাই। জলের গতি দেখ না? জল ঢালিয়া দিলে, উহা চলিতে আরম্ভ করিল। পথে যদি কোন গর্ত্ত পড়ে, যতক্ষণ পর্য্যন্ত ঐ গর্ত্ত পূর্ণ না হয় ততক্ষণ জলের গতি বন্ধ থাকে। যেই পূর্ণ হইয়া গেল আবার চলিতে আরম্ভ করিল। এইরূপে জীব স্বাভাবিক গতিতে শান্তত্বের দিকে অগ্রসর হইতেছে। পথে সে কিছুই পাশ কাটাইয়া যাইতেছে না; কিছুই তাহার আজানাও থাকিতেছে না। তাই বলি কর্ম্ম করিয়া যাও। কর্ম্ম করা দরকার। তবে কর্ম্ম করিলেই যে তাঁহাকে লাভ করিতে পারিবে এমন নয়। তাঁহার কৃপাতেই সব হয়।

**সন্দেহ কিসে যায়**

প্রমথ বাবু। আচ্ছা, মা, সন্দেহ কিসে যায়?

মা। তাঁহাকে লাভ করিলেই সন্দেহ যায়। চৈতন্যশক্তি বা গুরু প্রকাশ হইবার পূর্ব্বে সন্দেহ যাইবে না।

প্রমথ বাবু। ইহা কোন উত্তর হইল না। আমি বলি যে আমরা কি কাজ করিলে আমাদের সন্দেহ চলিয়া যাইতে পারে তাহা তুমি বলিয়া দাও।

মা। গুরু হইতে যাহা লাভ করিয়াছ তাহা লইয়াই কাজ আরম্ভ কর। কাজ করিতে করিতেই তাঁহার কৃপায় সন্দেহ চলিয়া যাইবে।

অভয়। এ সব কিছু সত্য নয়। তুমি বলিলেও আমরা তাহা বিশ্বাস করিব না।

মা। আমি ত কাহাকেও আমার কথা শুনিতে বা বিশ্বাস করিতে বলি না। তোমরা এই দেহকে যাহা বলাও ইহা তাহাই বলে। এই সব কথার মধ্যে কেহ কেহ প্রয়োজন অনুসারে তাহাদের যাহা পাইবার তাহা পাইয়া যায়। আবার কেহ কিছু পায়ও না; কারণ তাহার কোন প্রয়োজন নাই। যেমন তুমি একটি জিনিষ ফেলিয়া দিলে, কেহ হয়ত উহা লক্ষ্য করিয়া চলিয়া গেল; আবার কেহ উহা প্রয়োজন-বোধে কুড়াইয়া লইল। আমার কথাও সেইরূপ।

**মন স্থির করিবার উপায়**

প্রমথ বাবু। কি করিলে আমাদের সন্দেহ যাইতে পারে সে সম্বন্ধে কিছু বল।

মা। ঐ যে বলিলাম, গুরু যাহাকে যাহা দিয়াছেন তাহা লইয়াই কাজ আরম্ভ কর। অনেক সময় জপের কথায় বলা হয় না যে, কেমন করিয়া জপ করিলে মন স্থির হয়? সকলেই ত মন স্থির করিতে চায়, কারণ মন স্থির না হইলে আনন্দ পাওয়া যায় না। মন স্থির করিবার একটা উপায় বলিতেছি—

তোমাদিগকে পূর্ব্বেও বলিয়াছি যে গুরু, মন্ত্র, ইষ্ট ইহারা সকলেই এক। গুরুকে বা ইষ্টকে ধ্যান করা বা মন্ত্র জপ করা একই কথা। কারণ নাম আর নামী এক। তাই তোমরা গুরুর নিকট হইতে যে মন্ত্র পাইয়াছ তাহা লইয়াই জপ আরম্ভ করিবে। জপ করিবার সময় গুরু যে মূর্ত্তি তোমাদিগকে কল্পনা করিতে বলিয়াছেন সেই মূর্ত্তি বা গুরুর ফটো ইত্যাদি তোমরা ধ্যান করিবে। এই ধ্যান কোথায় করিবে? হৃদয়েই ধ্যান করা ভাল। কারণ হৃদয়ই সুখদুঃখের জায়গা কি না। তবে গুরু যদি কাহাকেও ধ্যানের কোন বিশেষ স্থান, যেমন ষটচক্রের কোন চক্র, ধ্যান করিতে বলিয়া দিয়া থাকেন, তবে তাহার কথা আলাদা। সে গুরুর নির্দ্দিষ্ট স্থানেই ধ্যান করিবে। দেহের নানা স্থানে যে ভিন্ন ভিন্ন চক্র আছে, এবং প্রত্যেক চক্রের যে বিভিন্ন রূপ বা মূর্ত্তি আছে এ কথা হয়ত তোমরা পড়িয়াছ। এ দেহের ত কোন লেখা-পড়া নাই; কিন্তু এ দেহ এ সব স্পষ্ট করিয়া দেখিয়াছে বলিয়াই এ সব কথা বলিতেছে। এ সব চক্রের বিভিন্ন মূর্ত্তির ধ্যানে ভিন্ন ভিন্ন অবস্থা ও অনুভূতি লাভ হয়। যাক্ সে কথা।

তোমরা হৃদয়ে গুরু বা ইষ্টকে বসাইয়া ধ্যান আরম্ভ করিবে। হৃদয়ে ধ্যান করিবার আরও একটি কারণ আছে। তোমরা যদি বীজ হইতে গাছ উঠাইতে চাও, তবে বীজটি মাটিতে পুতিয়া দিয়া উহাতে জল ঢালিতে থাক। তোমাদের সেবাযত্নে এবং মাটির শক্তিতে বীজ হইতে গাছ হয়। মাটির শক্তি বলিতেছি কেন? কারণ বীজ হইতে গাছ ফুটাইতে হইলে মাটির প্রয়োজন। গাছ গজাইয়া উপরে উঠিলেও গাছের শিকড় কিন্তু মাটির নীচেই থাকে, এবং এই শিকড়টাই গাছের প্রাণ। কারণ দেখা যায় যে, অনেক সময় গাছের ডালপালা ছাটিয়া ফেলিলেও গাছের শিকড় থাকে বলিয়া গাছ মরে না। ঐ গাছ বড় করিবার জন্য তোমরা জল দেও। জল কিন্তু গাছের গোড়ায় দেও, শিকড়ে আর দেও না। গাছের গোড়ায় জল দিলেই সেই জল শিকড়ে গিয়া পৌঁছে এবং উহার সাহায্যে গাছ বড় হইতে থাকে। সেইরূপ আমাদের দেহগাছটির শিকড় হইল মস্তকে, আর ডালপালাগুলি নীচের দিকে। হৃদয় হইল ঐ গাছের গোড়া এখানে জল দিলেই উহা শিকড়ে গিয়া পৌঁছায়। সেইজন্য ধ্যান হৃদয়ে করিতে হয়।

একটি ভক্ত। হৃদয় কোথায়?

মা। জগতের সর্ব্বত্রই হৃদয়। শরীরের যে কোন স্থানে, হাত বল, পা বল, সকল স্থানেই হৃদয় আছে। তবে (বুকে হাত দিয়া) হৃদয় বলিতে আমরা এই স্থান বুঝি। এইখানেই ধ্যান করিতে হয়।

ধ্যান করিতে যাইয়া তোমরা কি করিবে? গুরু বা ইষ্ট যাঁহাকে তোমরা হৃদয়ে বসাইয়াছ তাঁহার মূর্ত্তি চিন্তা করিবে। কিন্তু চিন্তা করিতে গেলেও দেখা যায় যে মন সেখানে স্থির থাকে না। এক মিনিটও মনকে ঐখানে ধরিয়া রাখা যায় না। সেইজন্য আমি বলি যে গুরুকে হৃদয় আসনে বসাইয়া শ্বাস-প্রশ্বাসের দিকে লক্ষ্য রাখিবে। এই শ্বাসপ্রশ্বাসই আমাদের প্রাণ। এই শ্বাসপ্রশ্বাসের সাহায্যেই

আমরা বাঁচিয়া আছি। মানুষ, পশু, পক্ষী, ইহারা নিজেদের মধ্যে এবং পরস্পরে ভিন্ন হইলেও এক বিষয়ে, অর্থাৎ প্রাণ হিসাবে এক। কারণ সকলেই প্রাণ দ্বারা বাঁচিয়া আছে। তাই গুরুকে হৃদয়ে বসাইয়া মনে করিতে হয় কি না যে গুরু প্রাণরূপে বিশ্বব্রহ্মাণ্ডে ছড়াইয়া আছেন। গুরু বিশ্বব্যাপী। তাই শ্বাসপ্রশ্বাসের উপর লক্ষ্য রাখিয়া গুরুমন্ত্র জপ করিয়া যাইতে হয়।

শ্বাসপ্রশ্বাসের উপর লক্ষ্য রাখিয়া জপ সকলেই করিতে পারে। কিন্তু শ্বাসে শ্বাসে জপ গুরুর উপদেশ ভিন্ন করা উচিত নয়। পুস্তক দেখিয়া উহা করিতে গেলে মাথাগরম ইত্যাদি রোগ হইতে পারে। তবে অনেক সময় শ্বাসপ্রশ্বাসের উপর লক্ষ্য রাখিয়া জপ করিতে করিতে স্বাভাবিক ভাবেও শ্বাসে শ্বাসে জপ হইতে পারে। যাহার এরূপ হয় তাহার অবশ্য কোন ভয় নাই।

পূজাদির সময় তোমরা দেখত লোকে মাটির মূর্ত্তি গড়িয়া উহাতে প্রাণ প্রতিষ্ঠা করে। চৈতন্যসত্তা সকল স্থানেই আছে। উহা জীবেও যেমন আছে মাটিতেও সেইরূপ আছে। কিন্তু মাটিতে যে ঐ চৈতন্যসত্তা আছে তাহা আমাদের বোধ নাই বলিয়া আমরা মাটির মূর্ত্তি গড়িয়া উহাতে প্রাণ প্রতিষ্ঠা করি। সেইরূপ গুরুকে হৃদয় আসনে বসাইয়া, তিনি প্রাণরূপে সর্ব্বত্র ছড়াইয়া আছেন মনে করিয়া শ্বাস-প্রশ্বাসের প্রতি লক্ষ্য রাখিয়া জপ করিবে।

শ্বাসপ্রশ্বাসের উপর লক্ষ্য রাখিয়া জপ করার একটা সুবিধা এই যে, মনটা উহাতে কিছু শান্ত হয়। ইষ্ট মূর্ত্তিই বল, আর ফটোই বল, উহাতে মন বেশীক্ষণ থাকিতে পারে না। কিন্তু শ্বাসপ্রশ্বাস চঞ্চল বলিয়া চঞ্চল মনকে উহার মধ্যে নিবিষ্ট করা কিছু সহজ। খুব চঞ্চল শিশুকে ঘরের মধ্যে শান্ত রাখিতে হইলে যেমন তাহার হাতে খেলনা দেওয়া হয়, ইহাও সেইরূপ।

আবার আর একটা জিনিষ লক্ষ্য করিয়া দেখিবে যে, জলে যে ঢেউ উঠে উহা জল বই আর কিছু নয়। কিন্তু চঞ্চলতার জন্য উহা জল হইতে আলাদা দেখায়। একই বস্তু যুগপৎ স্থির ও চঞ্চল, খণ্ড এবং অখণ্ড। ইহাই নিত্যলীলা। ইহার পরও অবস্থা আছে যেখানে জল বা তরঙ্গ কিছুই নাই। উহা অব্যক্ত অবস্থা। তোমরা যদি কিছুক্ষণ ঢেউয়ের দিকে লক্ষ্য করিয়া থাক তবে দেখিবে যে উহাতে জল ভিন্ন আর কিছুই দেখা যায় না। সেই প্রকার শ্বাসপ্রশ্বাসরূপ অথবা প্রাণরূপ গুরুর উপর চঞ্চল মনকে যুক্ত রাখিয়া কিছুক্ষণ জপাদি করিলে দেখিতে পাইবে যে মন স্থির হইয়া গিয়াছে এবং সেই যে চৈতন্যসত্তা যাহা তোমার মধ্যে সর্ব্বদা আছেন তাঁহার প্রকাশ হইয়াছে। তাহার প্রকাশ হইলেই সংশয়ের শব হইল।

শ্বাসপ্রশ্বাসের উপর লক্ষ্য রাখিয়া জপ করার আরও একটা সুবিধা এই যে ইহা সর্ব্বদা সকল স্থানে করা যায়। শ্বাসপ্রশ্বাস ত চলিতেছেই, উহার উপর লক্ষ্য রাখিয়া জপ করিয়া গেলেই হইল। ছবি বা ফটো সম্মুখে রাখিবার প্রয়োজন নাই। তাহা ছাড়া, জ্ঞান, কর্ম্ম, ভক্তি সকল মার্গের লোকই ইহা করিতে পারে। হৃদয়ের আসনে ইষ্ট বা গুরুকে যে বসান হইয়াছে উহা ভক্তিমার্গের সহায়ক। গুরুকে সর্ব্ব-ভূতে প্রাণরূপে কল্পনা জ্ঞানমার্গের সহায়ক জপাদি ক্রিয়া কর্ম্মমার্গের সহায়ক। তাই দেখ, জ্ঞান, কর্ম্ম ভক্তি যে মার্গের সাধকই হউক না কেন এই প্রণালীতে সাধন করিতে পারিবে।

এই সময় মাকে হাত মুখ প্রক্ষালনের জন্য লইয়া

যাওয়া হইল। আমরাও বিদায় হইয়া আসিলাম।

বিকাল বেলা আশ্রমে গিয়া দেখিলাম যে মাকে শিব-মন্দিরের বারান্দায় ছোট খাটে বসান হইয়াছে। সকলে মাকে দর্শন করিতেছেন। কেহ কেহ প্রণাম করিয়া বিদায় লইতেছেন। দুই এক জনের সঙ্গে মা দুই একটি কথাও বলিতেছেন। একটি বৃদ্ধের সঙ্গে কথাবার্ত্তা বলিতে বলিতে মা বলিলেন, "বাবা, মুখে এক টুকুরা মিশ্রি রাখিও।'

বৃদ্ধ। আমার কথা কি, মা, খুব রূঢ় ?

মা। (হাসিয়া) তাহা নয়। মুখে মিশ্রি রাখিলে উহা অল্প অল্প করিয়া গলিয়া যাইবে এবং মুখে মিষ্টি আস্বাদ লাগিবে। খালি মুখে না থাকিয়া সর্ব্বদা নাম করিলে পরে রস পাইবে। তাহা না হইলে ত রিটার্ণ টিকিট করা, ঘুরিয়া ঘুরিয়া আসা।

আবার একটি লোককে বলিতেছেন, "এখানে ত আমরা ধর্ম্মশালায় আছি। এত আমাদের বাড়ী-ঘর নয়। যদি বাড়ীঘরই হইত তবে কি কেহ আমাদিগকে ইচ্ছার বিরুদ্ধে এই ঘর ছাড়িয়া যাইতে বাধ্য করিতে পারিত ? ডাক আসিলে ত আমরা এক মুহূর্ত্তও দেরী করিতে পারি না। কোনরূপ বন্দোবস্ত করিবার সুবিধাও পাই না। যেমন ভাবে থাকা তেমনি ভাবে রওনা হওয়া। তাই বলি যাহাতে বাড়ী ফিরিয়া যাইতে পার, যাহাতে এক ধর্ম্মশালা হইতে অন্য ধর্ম্মশালায় ঘুরিয়া ঘুরিয়া আসিতে না হয়, সেই চেষ্টা করিতে হয়।"

এক বৃদ্ধাকে মা বলিতেছেন, "মা, গোপালকে ঘরে লইয়া দরজা বন্ধ করিয়া থাক। তাহা হইলেই শান্তি। একটি একটি করিয়া সমস্ত দাঁতই পড়িয়া গিয়াছে। এখন বে-দন্ত হইয়াছে। গোপালকে রাখিতে না পাড়িলে আবার বে-দন্ত হইয়া আসিতে হইবে।"

একটি স্ত্রীলোক মাকে বলিতেছেন, "মা, সংসারের জ্বালাযন্ত্রণা আর ভাল লাগিতেছে না। বড় অশান্তি।" মা বলিতেছেন, "না, এখনও ভাল লাগিতেছে তাহা না হইলে ঘরে আছ কেমন করিয়া ? ঘরে যদি একবার আগুন লাগে তখন কি আর লোকে ঘরে থাকিতে পারে ? তখন যে সে ঘর হইতে ছুটিয়া পালায়। এখনও যে ঘরে রহিয়াছ তাহাতেই বুঝা যায় যে, ঘরে এক আধটুকু তাপ লাগিলেও এখনও ঘর ভালই লাগিতেছে।"

কমিশনারের personal assistant সাদেক খাঁ আরও দুইজন ডেপুটি ম্যাজিষ্ট্রেটকে সঙ্গে করিয়া মার সহিত দেখা করিতে আসিলেন। মা যখন কক্স-বাজারে ছিলেন তখন সাদেক খাঁ সেখানে সব-ডিভিসনাল অফিসার ছিলেন। সেই কথা মাকে বলা হইলে মা তাঁহাকে বলিলেন, "বাবা, এখানে কাজকর্ম্ম করিলে যেমন পেনসন্ আছে, এই পথেও কিন্তু সেইরূপ পেনসন্ আছে। এখানে যত উপার্জ্জন কর না কেন তাহাতে অভাব কিন্তু যাইবে না। জগৎটা ত দুনিয়া, অর্থাৎ দুই নিয়া কিনা, তাই এখানে সুখদুখ, আলোঅন্ধকার, পাপপুণ্য। একটা ছাড়া আর একটা নাই। সুখের পর দুঃখ, আবার দুঃখের পর সুখ। তাই স্বভাবে স্থিত হইতে চেষ্টা করিতে হয়। স্বভাবে স্থিত হইলে পরম শান্তি।"

সিনিয়র ডেপুটি ম্যাজিষ্ট্রেট মনীন্দ্রবাবু আসিয়াছেন। তাঁহার পরিচয়ে বলা হইল যে তিনি বিবাহ করেন নাই এবং যোগাভ্যাস করিতেছেন। মা তাঁহাকে বলিলেন, "বাবাজী, তুমি বুঝি গলায়

মালা পর নাই ? তুমি কি যোগ অভ্যাস কর ?—হঠযোগ, না রাজযোগ, না অন্য কোন যোগ ?"

মনীন্দ্রবাবু। আমি হঠযোগ অভ্যাস করি না, রাজযোগ অভ্যাস করি। আগে বেশ অনেকক্ষণ করিতে পারিতাম এবং বেশ ভালই লাগিত। এখন আলস্য বশতঃ বেশী করিতে পারি না।

মা। আলস্য একটা অন্তরায়, শত্রু। আচ্ছা, এই যে যোগ করিতেছ ইহা কি তোমার স্বাভাবিক হইয়াছে ?

মনীন্দ্রবাবু। তাহা বুঝিতে পারি না। অনেক সময় মনে হয় যে ইহা আমার স্বাভাবিক হইয়াছে, আবার অনেক সময় সন্দেহ আসে যে ইহা আমার স্বাভাবিক নয়।

মা। এই যোগশিক্ষা কি কোন গুরু হইতে পাইয়াছ ?

মনীন্দ্রবাবু। চাক্ষুষ আমার কোন গুরু নাই, কিন্তু আমি জানি যে আমার গুরু আছেন।

মা হাসিয়া উঠিলেন এবং বলিলেন, "প্রশ্ন না করিলে ত কথা বাহির করা যায় না।"

এইরূপ কাহারও কাহারও সহিত মা দুই একটি কথা বলিতে লাগিলেন। সন্ধ্যার পর মাকে পঞ্চবটীতে লইয়া যাওয়া হইল। সেখানে শ্রীযুক্ত পূর্ণচন্দ্র সরকার এবং শ্রীযুক্ত রাধিকানাথ তরফদার বাবা ভোলানাথ সম্বন্ধে কিছু বলিলেন। শ্রীযুক্ত বিপিন দাস গুপ্ত মহাশয় শ্রীচৈতন্য-চরিতামৃত হইতে কিছু কিছু আবৃত্তি করিলেন। ইহার পর আশ্রমের বিধিব্যবস্থা সম্বন্ধে মার সম্মুখে আলাপাদি হইল। রাত্রি প্রায় এগারটার সময় আমরা আশ্রম হইতে চলিয়া আসিলাম।

### শ্রীশ্রীমায়ের মুন্সীগঞ্জে গমন

৪ঠা ভাদ্র, সোমবার, ১৩৪৬ সন (ইং ২১।৮।৩৯)

আজ মা ঢাকা হইতে মুন্সীগঞ্জে যাইবেন। সকাল বেলা আশ্রমে গিয়া দেখিলাম ছেলেরা আশ্রমের দরজার নিকট সত্যাগ্রহ আরম্ভ করিয়াছে, অর্থাৎ যাতায়াতের পথ বন্ধ করিয়া শুইয়া আছে। তাহারা আজ মাকে ঢাকা হইতে যাইতে দিবে না। অতি কষ্টে আশ্রমে ঢুকিলাম। মায়ের সঙ্গে দুই একটি কথাবার্ত্তার পর মা খুকুনী দিদিকে বলিলেন, "ছেলেদিগকে উঠিয়া যাইতে বল।" খুকুনীদিদি অস্বীকৃতা হইলেন। দূর হইতে আমি শুনিতে পাইলাম মা একজনকে বলিতেছেন, "অমূল্যবাবু এবং পরেশবাবুকে (ডাঃ শ্রীযুক্ত পরেশচন্দ্র চক্রবর্ত্তী) বল তাহারা ছেলেদিগকে উঠিয়া যাইতে বলুক।" ইহা শুনিয়া আমি মাকে বলিলাম, "মা, যত গণ্ডগোলের মধ্যে তুমি আমাদিগকে ঠেলিয়া দাও। তুমি নিজে গিয়া ছেলেদিগকে উঠিতে বল না কেন ?"

মা। (হাসিয়া) তোমরা যে গণ্ডগোলের মধ্যেই আছ, তাই তোমাদিগকে গণ্ডগোলে যাইতে বলি।

পরেশবাবু শ্রীশ্রীমায়ের কথা মত ছেলেদিগকে বুঝাইতে লাগিলেন যে এমন ভাবে যাত্রায় ব্যাঘাত জন্মাইলে একটা ভয়ানক অমঙ্গল হইবে। স্বামী অখণ্ডানন্দজীও আসিয়া কত বুঝাইতে লাগিলেন। কিন্তু ছেলেরা তাহাদের আবদার ছাড়িতেছে না। শেষে মা আসিয়া তাহাদিগকে বলিলেন, "আমার মুখ হইতে একবার যখন বাহির হইয়াছে যে আজ যাইব, তখন যাইবই। আজ গাড়ী যদি ফেল হয় তবে কোথায় যে চলিয়া যাইব তাহার নিশ্চয়তা নাই।" ছেলেরা তখন তাহাদের অভাব অভিযোগ

নিবেদন করিতে লাগিল। তাহারা বলিল, "মা, তুমি তিন চারি দিন এখানে রহিলে, ইহার মধ্যে তোমার সহিত কথা বলিবার আমরা একটুকুও সময় পাইলাম না। লোকে কেবল গোপন কথা বলিতে গিয়া তোমাকে আট্‌কাইয়া রাখে। আমরা আশ্রমের এত কাজ করি, কিন্তু আমরা তোমার কাছে ঘেসিতেও পারি না।" ইত্যাদি—

মা। আচ্ছা, আমি কথা দিতেছি যে আবার যখন ঢাকা আসিব তখন তোমাদের সহিত কথা বলিব।

ছেলেরা আর বেশী আপত্তি না করিয়া একে একে উঠিয়া পড়িল। মাও পরেশবাবুর মোটরে গিয়া উঠিলেন। গাড়ী ষ্টেশনের দিকে চলিয়া গেল। মায়ের সঙ্গে অনেকেই মুন্‌সীগঞ্জে গেলেন। আমি ধীরে ধীরে কলেজে চলিয়া আসিলাম।

### খেওড়ার পথে ঢাকা ষ্টেশনে শ্রীশ্রীমা

৬ই ভাদ্র, বুধবার ( ইং ২৩৮।৩৯ ) বেলা দশটার সময় সংবাদ পাইলাম যে মা আজ কলিকাতার মেলে ঢাকা আসিবেন এবং ভৈরবের গাড়ীতে ষ্টেশন হইতেই খেওড়া চলিয়া যাইবেন। বেলা দেড়টার সময় ষ্টেশনাভিমুখে রওনা হইলাম। সেখানে পৌঁছিয়া দেখি প্রমথবাবু, মতিবাবু, ভুপতিবাবু, রাধিকাবাবু, অবনীবাবু প্রভৃতি আসিয়াছেন। মেয়ে ভক্তদের মধ্যে অধিকাংশই আসিয়াছেন। ষ্টেশনে ভক্তদের বেশ ভিড় জমিয়া গিয়াছে। ইহা দেখিয়া আমার ডাঃ পন্থের কথা মনে পড়িল। তিনি বলিয়াছিলেন, "মাকে যদি জনপ্রাণিশূন্য কোন এক মরুভূমিতে ফেলিয়া রাখা যায়, সেখানেও মা লোকদিগকে আকর্ষণ করিয়া এক ভিড় জমাইয়া তুলিবেন। এমনি তাঁহার আকর্ষণীশক্তি!"

বেলা প্রায় আড়াইটার সময় কলিকাতার গাড়ী আসিল। মেয়েরা উলুধ্বনি দিয়া মাকে গাড়ী হইতে নামাইয়া আনিলেন। ষ্টেশন-প্ল্যাটফরমের পশ্চিম দিকে একটি বড় কৃষ্ণচূড়া গাছের নীচে মায়ের বসিবার জায়গা করিয়া দেওয়া হইল। সকলে মাকে ঘিরিয়া বসিলেন। এবার কাহাকেও মায়ের চরণ স্পর্শ করিয়া প্রণাম করিতে দেওয়া হইতেছে না। ইহা শ্রীশ্রীমায়ের আদেশ। মুন্‌সীগঞ্জে যাইবার সময় একটি স্ত্রীলোক নাকি কাহারও বাধা না মানিয়া ছুটিয়া মায়ের চরণস্পর্শ করিতে গিয়া গাড়ীর নীচে পড়িবার উপক্রম হইয়াছিল। মা বলিলেন, "যে সময় এই ব্যাপার হয় তখন আমার কিছু মনে হয় নাই। পরে মুন্‌সীগঞ্জে গিয়া হঠাৎ খেয়াল হইল যে সকলকে পায়ে হাত দিয়া প্রণাম করিতে বারণ করিয়া দেই।" মায়ের চরণ স্পর্শ করিতে পারিলেন না দেখিয়া কেহ কেহ মনঃক্ষুণ্ণ হইলেন, তবে মায়ের আদেশ জানিয়া সকলেই নিরস্ত হইলেন।

শ্রীশ্রীমা সহাস্য বদনে বসিয়া আছেন। মেয়েরা নানা প্রকার মিষ্টি, ডাব, আমসত্ব ইত্যাদি আনিয়া মাকে দিয়া প্রসাদ করাইয়া ভক্তদের মধ্যে বিতরণ করিতেছেন। আশ্রমে যেমনটি হয় এখানেও তেমনটি হইতে লাগিল। মা উপস্থিত থাকিলে লোকের স্থান অস্থান বিচার থাকে না। সকলেই যেন কি এক নেশার মধ্যে নিজ নিজ অভিরুচি অনুসারে কার্য্য করিয়া যায়। ছোট ছোট মেয়েরা ভজন-গান আরম্ভ করিল। চারিদিকে লোকারণ্য, কিন্তু সেদিকে কাহারও লক্ষ্য নাই। লজ্জাসরমের বালাই নাই, কারণ মাকে যে গান শুনাইতে হইবে।

তত্ত্বোপদেশ যে কিছু কিছু না হইল তাহা নহে। ভক্তদের মধ্যে প্রৌঢ় ও বৃদ্ধ ছিলেন। তাঁহারা

মায়ের কথামৃত পান করিতে উৎসুক। মা ত কাহাকেও নিরাশ করেন না। তাই উপদেশও চলিতে লাগিল। বৃদ্ধদিগকে লক্ষ্য করিয়া মা বলিতে লাগিলেন, "পথ ত লম্বা, সময়ও অল্প, আলস্যশূন্য হইয়া চলিতে থাক। যাহাতে আধ্যাত্মিক জগতে পেন্‌সনের ব্যবস্থা হয় তাহার চেষ্টা কর। সাংসারিক ভাবে কাজকর্ম্ম করিয়া তোমরা পেনসন্ ভোগ করিতেছ, ধর্ম্ম-জগতের জন্যও পেন্‌সনের ব্যবস্থা কর। তাহা না হইলে ঘুরিয়া ঘুরিয়া আসিতে হইবে। কাজকর্ম্ম করিলে এই জীবনেই পেন্‌সনের ব্যবস্থা হইতে পারে। অন্ততঃ যাহাতে বেশী ঘুরিতে না হয় তাহারও ব্যবস্থা হইতে পারে। কিন্তু কাজকর্ম্ম না করিলে শুধু রিটার্ণ টিকিট করা। এমনি ত তোমরা কতখানা রিটার্ণ টিকিট করিয়া বসিয়া আছ—ক-ত-খা-না।"

মনোমোহনবাবু। সাংসারিক বিষয়ে কি ভাবে পেন্‌সনের ব্যবস্থা করিতে হয় তাহা আমরা জানি। আধ্যাত্মিক বিষয়ে কি করিয়া পেন্‌সনের ব্যবস্থা করিব তাহা বলিয়া দিন।

মা। গুরুর নিকট হইতে যাহা পাইয়াছ তাহা লইয়া কাজ করিলেই এ পেন্‌সনের ব্যবস্থা হইবে।

একটি বৃদ্ধ। তোমার সঙ্গে থাকিতে চাহিয়াছিলাম, তুমি থাকিতে দিলে কই?

মা। আমি থাকিতে বলিলেই কি থাকিতে পারিতে? তখন ছেলে, মেয়ে, নাতির জন্য কত দুর্ভাবনা হইত। (সকলের হাস্য) তোমার পক্ষে বাড়ীতে থাকিয়াই কাজ করা ভাল। ছেলেমেয়েরা যদি সংসার হইতে বাহির হইয়া ধর্ম্মজীবন যাপন করিতে চায় তখন কি তাহাদিগকে বলিবে না যে তোমার সেবা না করিয়া তাহারা ধর্ম্ম করিতে গেলে তাহাদের ধর্ম্ম হইবে না? তাহারাও ত বলিতে পারে যে তাহাদিগকে যখন সংসারে আনিয়াছ তখন তাহাদিগকেই বা ফেলিয়া যাইবে কেন? (সকলের হাস্য)

বৃদ্ধ। এখন কি করিব বল।

মা। বাড়ীতে কপাট বন্ধ করিয়া থাক। তাহা হইলে বাড়ীতে থাকিয়াও না থাকার মত হইবে। ছেলেপেলেরা ত দেখিবে যে তুমি বাড়ীতেই আছ।

বৃদ্ধ। সংসারে থাকিয়া কি ঘরে কপাট বন্ধ করিয়া থাকা যায়?

মা। ধর্ম্মশালায় থাকিতে পারিবে?

বৃদ্ধ। না।

মা। বাড়ীটা ধর্ম্মশালা করিতে পারিবে? আমি বলি বাড়ীটা ধর্ম্মশালা করিয়া লও।

বৃদ্ধ। যাহা পারিব না তাহা বলিয়া লাভ কি?

মা। বাড়ীটা ধর্ম্মশালা করিতে পারিবে না? ওটা ধর্ম্মশালা ছাড়া আর কিছু নাকি? মনে করিতেছ আমার বাড়ী, আমার ছেলে, আমার মেয়ে; কিন্তু শ্বাসের ঘর যখন ছাড়িবে তখন সবই পড়িয়া থাকিবে। তখন কোথায় বা বাড়ী, আর কে বা ছেলে, কে বা মেয়ে। তাই সকলকে মনে করিতে হয় যে আমরা ধর্ম্মশালায়ই আছি। আমাদের আসল বাড়ী এখানে নয়। ছেলে মেয়ে এরা কেহ আমার নয়। আমিও এদের নই। এই সব চিন্তা করিতে কেমন লাগে?

বৃদ্ধ। এসব ভাবিলে আর সংসার হয় না।

মা। তুমি একটু আলগা হইয়া দেখ না যে সংসার চলে কিনা। যাঁহার সংসার তিনিই চালাইবেন। সম্পূর্ণরূপে তাঁহার উপর নির্ভর করিতে পারিলে তিনি চালাইয়া নেন।

আর সংসার করিবার উদ্দেশ্যে ত এখানে আসা

নয়। সংসার করিতে করিতে ত এই অবস্থায় আসিয়া উপস্থিত হইয়াছ—কাল চুল সাদা হইয়াছে, মুখের যে ক'টি খুটি (অর্থাৎ দাঁত) ছিল তাহা খসিয়া পড়িয়াছে। সংকে সার করিয়া আর কত কাল থাকিবে ?

দেখ, চিরকাল দরিদ্র হইয়া থাকা ভাল নয়। আমরা ত অভাবেই আছি। একটা অভাব দূর করিতে না করিতে আর একটা অভাব আসিয়া পড়িতেছে। একখানা বাড়ী করিলে আবার আর একখানি বাড়ী করিতে ইচ্ছা করে। পুরাতন মোটর গাড়ী ছাড়িয়া একখানা নূতন গাড়ী করিতে ইচ্ছা করে। এইরূপ একটার পর একটা অভাব দূর করিতে জন্ম জন্মান্তর ঘুরিতেছি। এ অভাব শেষ হওয়া ভাল। তাই বলি চিরদিন দরিদ্র থাকা অভাবের স্বভাবে থাকা ভাল নয়। ইহার চেয়ে প্রাণের সাধন কর।

বৃদ্ধ। প্রাণ অর্থ ত শ্বাসপ্রশ্বাস।

মা। হঁা, এ কথা সে দিনও হইয়াছে। প্রাণ-রূপে তিনি সর্ব্বভূতে আছেন। তিনি প্রাণের প্রাণ মহাপ্রাণ। সর্ব্বদা তাঁহার সঙ্গ কর। সর্ব্বদা শ্বাস প্রশ্বাসের উপর লক্ষ্য রাখিয়া নাম করিয়া যাও। ইহাতে সব পাইবে। সৃষ্টি স্থিতি লয়, জ্ঞান কর্ম্ম ভক্তি—সবই ইহার মধ্যে আছে। রূপ রস গন্ধ, জীব জগৎ দেবতা, সগুণ নির্গুণ—সমস্তই ইহার মধ্যে। প্রাণরূপে, তরঙ্গরূপে জগতের প্রকাশ। ইহাই প্রকৃতি। এই প্রকৃতির ঊর্দ্ধে যাইতে হয়। যেমন তরঙ্গকে ধরিলে তরঙ্গ-শূন্য জলকেও যুগপৎ পাওয়া যায়, সেইরূপ প্রাণের সাধন করিয়াও মহাপ্রাণের খোঁজ পাওয়া যায়। সকল অবস্থায়ই এই প্রাণের সাধন চলিতে পারে। প্রাণরূপে ভগবান্ প্রত্যক্ষ। প্রাণায়াম ছাড়া কিছুই যে হইবার উপায় নাই। ঘরে যে কপাট দিয়া থাকিবার কথা বলিলাম ইহাও তাহাই। ভোগের বিষয় হইতে ইন্দ্রিয়কে উঠাইয়া আনাই হইল ঘরে কপাট দেওয়া। তাহা না হইলে শুধু দরজা বন্ধ করিয়া ঘরে বসিয়া থাকিলে কি হইবে ? (হাসিয়া) আমি বলি পঞ্চ ব্যঞ্জন দিয়া তোমরা খাও, তাহা হইলেই বেশী খাইতে পারিবে।

প্রমথ বাবু। মা, তুমি তাহার ব্যবস্থা করিয়া দাও।

মা। পঞ্চ ব্যঞ্জন দিয়া খাওয়া কি ? জপ, ধ্যান, সদ্‌গ্রন্থ পাঠ ইত্যাদি একটার পর একটা লইয়া থাকিলেই এদিকে বেশী সময় দিতে পারিবে। জপ বেশীক্ষণ করিতে পারিলে না তখন সদ্‌গ্রন্থ পাঠ আরম্ভ করিলে বা সৎসঙ্গ করিলে। ইহাই পঞ্চ ব্যঞ্জন দিয়া খাওয়া।

বৃদ্ধ। এ বড় শক্ত।

মা। তোমরা কাজ করিতে চাও, না কেবল বসিয়া বসিয়া খাইতে চাও। ইহা কি হয় ? কাজ করিবে না আবার পেনসন্ ভোগ করিবে তাহা কি সম্ভব ?

প্রমথ বাবু। কেন, মা কি ছেলেপেলেকে পাক করিয়া খাওয়ায় না ?

মা। কতক্ষণ খাওয়ায় ? যতক্ষণ না তাহারা বলিতে পারে যে তাহাদিগকে রাঁধিয়া খাওয়াইতে হইবে। তোমরা শিশুর মত একান্ত নির্ভরশীল হও দেখিবে তিনি তোমাদের সব ব্যবস্থা করিয়া দিবেন। ছেলেপেলে বড় হইয়া যদি মাকে বলে, "মা, তুমি আমাদিগকে পাক করিয়া খাওয়াও", মা হয়ত তখন তাহাদিগকে বলিবেন, "আমি খাওয়াইব কেন ? তোরাই রাঁধিয়া খা" অথবা, "তোদের বৌ আসিয়া রাঁধিয়া দিবে।" (সকলের উচ্চ হাস্য)

ট্রেনের সময় হইয়া আসিল। শ্রীশ্রীমায়ের উপদেশ বন্ধ হইয়া গেল। এই সময় ভূপতি (মিত্র) বাবু ঢাকার আশ্রম সম্বন্ধে দুই একটি কথা মাকে জিজ্ঞাসা করিলেন। মাকে বলিতে শুনিলাম, "এ সব বিষয়ে আমার বলিবার কিছু নাই। তোমরা পাঁচ জনে যাহা ভাল মনে কর তাহাই করিবে। আশ্রম যদি আমার হইত তবে আমি তাহার বন্দোবস্ত করিতাম। কিন্তু আমার বলিতে যে কিছুই নাই। যে স্থানে আশ্রম করা হইয়াছে উহাও আমি নির্দ্দেশ করিয়া দেই নাই। তবে আশ্রম হইবার পূর্ব্বে আমি মাঝে মাঝে এই স্থানে আসিতাম। ইহা দেখিয়া জ্যোতিষ মনে করিল আমার বুঝি এই স্থানে আশ্রম করার ইচ্ছা। কিন্তু বাস্তবিক তাহা নয়। আশ্রমে এক কালে যাঁহারা সাধন ভজন করিয়াছিলেন তাঁহারা আমাকে ঐ স্থানে নিতেন বলিয়াই আমি যাইতাম। এমন কি ঢাকা শা'বাগে যে আসিয়াছিলাম তাহাও ত আমাকে ডাকিয়া আনা হইয়াছিল। তাই বলি যে, আশ্রম সম্বন্ধে আমার কিছুই বলিবার নাই। তোমরা যাহা ভাল বোঝ তাহাই করিও। যাঁহাদের ইচ্ছায় এই আশ্রম হইয়াছে, তাঁহারাই ইহা চালাইয়া নিতেছেন এবং নিবেন।"

কথা বলিতে বলিতে ভৈরবের গাড়ী আসিয়া পৌছিল। মাকে গাড়ীতে উঠাইয়া দেওয়া হইল। ভক্তগণের জয়ধ্বনির মধ্যে গাড়ী ঢাকা ষ্টেশন ছাড়িয়া রওনা হইল। ভক্তগণ বিরস বদনে স্ব স্ব গৃহে প্রত্যাবর্ত্তন করিলেন।

১২ই ভাদ্র, মঙ্গলবার, ১৩৪৬ সন (ইং ২৯।৮।৩৯) খেওড়া গ্রামে শ্রীশ্রীমায়ের আশ্রম প্রতিষ্ঠা হয়। সেই উপলক্ষ্যে ঢাকা হইতে অনেক ভক্ত খেওড়া গ্রামে গিয়াছিলেন। খেওড়া হইতে সুলতানপুর, কুমিল্লা, চট্টগ্রাম, বিদ্যাকূট প্রভৃতি স্থান ঘুরিয়া ২৭শে ভাদ্র, বুধবার (ইং ১৩।৯।৩৯) শ্রীশ্রীমা মাত্র একদিনের জন্য ঢাকা আসিলেন। সংবাদ পাইয়া তাড়াতাড়ি আশ্রমে চলিয়া গেলাম। গিয়া দেখিলাম যে মা টিনের ঘরে বসিয়া আছেন। খুকুনী দিদিও নিকটে বসিয়া আছেন। আমি প্রণাম করিতেই দিদি বলিলেন, "আপনি আজ প্রথম আসিয়া উপস্থিত হইলেন।"

### শোভা মা ও শ্রীশ্রীমা

